

## আমার কথা

বাদো বইতের স্থাধিক আনার সাধায়ে আছে। যে কটালো আনার পদাপ এবং ইরিমধ্যে ইন্টার্লেট পাওরা আন্দে, নেটলো কচুক কলে জ্যাব লা কলে পুন্বোটলো বা এডিট করে কচুক জাবে থেনা। যেটলো গাওলা মাবেলা, মেটলো বজাব করে উপহার থেবা। আনার উপ্দেশ্য বাবসাহিত লয়। শুৰুই বৃহত্তর পাঠতের আছে বই প্রত্তর আভাস ধরে রাখা। আনার অসেটি বহৈতের সাইট বৃটিকেউছের অভিন ধলাবাদ জালান্দি যাতের বই আমি পেরার করব। ধলাবাদ জালান্দি কচু অভিনাস প্রাইম ও বি. বাছেস কে - বাবো আমাকে এডিট বলা বালা ভাবে বিভিন্নেবে। আমাকে আর একটি হলাস পুরোবো বিশ্বক পরিকা লতুল ভাবে ভিনিত্রে আলা। আরটিয়া থেবতে পারেল www.dholobhola.blogspot.in নাইটিটি।

वापनाइत बाह्न यदि अपन (बाह्न) नेहेंस्त कपि शाब अस तर (पहात बतात हान - (यापानाप बतान -

### subhe/itil 1939gmail.com.

PDF আই কংনাই দূপ আইরের বিকর হতে পারে না। যদি এই বাইটি আগনার ভালো পোলে থাকে, এবং বালারে হার্ত কলি শাওরা যায় - ভারণে যার প্রান্ত করে মূশ ঘাইটি সংরাহ করের অনুযোগ রাগৈ। হার্ত কলি হারে বেওরার মারা, দূরিখে আনরা মানি। PDF করার উপেশা বিকল যে কেলে এই সংরাকণ এবং দূর দূরায়ার সকল পার্তকের কামে পৌলে দেওরা। মূল বাই কিনুদা লেখক এবং প্রকাশকারে উৎসাহিত করুল।

There is no wealth like knowledge,

No poverty like ignorance

### Sudhajit Kuhdu





## আমার কথা

বালো বইছের বর্ণথকি আমার স্থানে আমে। যে বইগ্রেরা আমার কর্মক এবং ইরিমণো ইন্টারকেট গাওয়া মানে, নেচলো নতুন করে জান না করে গুনুনোচলো বা এডিট করে নতুন ভাবে দেনো। দেহলো গাওয়া মানেয়া, দেচলো অন্তা করে উপহার দেবো। আমার উপ্রেশ্য বাবসাহিক লয়৷ শুকুই বৃহত্তর গাঠতের কাছে বই গতুর আভাস ধরে রাখা। আমার মচনী বইছের সাইট বৃহত্তর সাহিত লয়৷ শুকুই বৃহত্তর গাঠতের কাছে বই স্কুই আভাস ধরে রাখা। আমার মচনী বইছের সাইট বৃহত্তিকভাছের মান্তিম ধনাবাদ আমানি আছের বই আমি পেরার করে। ধনাবাদ জানান্দি কছু অভিযাস প্রাইম ও বি. ব্যক্তম কে - বাব্য আমানে এডিট করা লয়া ভাবে পিথিয়েশ্বে। আমানের অন্ত একটি প্রয়াস পুরোধাে বিশ্বত পরিকা নতুন ভাবে ভিরিদে আনা। আমনিয়া দেখতে গানেব www.dhalobhola.blogspot.in নাইটিটা

অপনাচর কাম মনি এনন কোনা নইবের কবি থাকে এবং তা পেয়ার করতে চান - যোগাকাথ করন। subbuild#19@amail.com.


PDF আই কথনই দূল আইবের বিকর হতে পরে না। যদি এই বাইট আগনত ভালো পেলে থকে, এবং বারারে যার্ড বালি শাওরা বাম - ভারণে যাত জাত সালে মূল ঘাঁটি সংরাহ বাজনা আনুমোধ রালৈ। যার্ড কালি যাতে লেওবার বামে, মুখিখে আবারা মানি। PDF করার উপেশা বিরল যে কোল ঘাই সংরাকণ এবং দূল দূলপ্রার সাকণ পাঠকের কামে গৌলে মেওরা। মূল আই কিনুন। লেখক এবং প্রকাশকমের উৎসাহিত অক্তন।

There is no wealth like knowledge,

No poverty like ignorance

### Subhajit kundu





বালো বইয়ের স্থানিকি আমার সংগ্রহে আছে। যে বইগুলো আমার পদশ এবং ইঞ্জিমণো ইন্টার্লেটে পাওয়া নামে, গেণ্ডলো নতুন করে ম্যান না করে পুরবোহকো বা এতিট করে নতুন ভাবে ঘেনো। যেইলো পাওয়া নাবেলা, মেগুলো করের করে উপহার ঘেরো। আমার উদ্বোশ্য বাবসাহিত লয়। শুরুই বৃহত্র পাঠতের তাছে বই পতুরে আভাস ধরে রাখা। আমার মহানী বইয়ের সাইট সৃষ্টিকর্তাছের মাইল ধলাবাদ আমালি আদের বই আমি পেরার করব। ধলাবাদ আমালি বহু অন্টিমাদ গ্রাইম ও পি. বয়ন্তম কে - বাবো আমাকে এডিট করা বাবা ভাবে বিশিয়েশের। আমাহের আর একটি প্রচাদ পুরোবো বিশ্বত পরিকা নতুন ভাবে কিরিয়ে আনা। আমহিল করের পারের পারের প্রথমেন অসমাহের আর একটি প্রচাদ পুরোবো বিশ্বত পরিকা নতুন ভাবে কিরিয়ে আনা। আমহিলা দেখতে পারের www.dhulokhela.blogspot.in নাইটটি।

अपनास्त्र काम यदि अन कामा वरेखन कवि भाव अस हा (पहान करात हान - (यापावाय करान -

subheliti 1929gmail.com.

PDF यहें कपनदे मृत यहेड़ात विकास संस्त पात ना। यदि उसे वहीं व्यापनात लाला व्यापना पारण, उस्त बाताता वार्थ करि नाश्चा पात पारण पारण, उस्त बाताता वार्थ करि नाश्चा पात्र पात्र पार्थ करि करि नाश्चा पात्र पार्थ पार्थ करिया पार्थ करिया पार्थ करिया पार्थ करिया पार्थ पार्य पार्थ पार

There is no wealth like knowledge,

No poverty like ignorance

## Subhajit Kundu





বালো কাঁচের বর্ণথবি আমার সংগ্রমে আছে। যে কাঁচলো আমার পদক এবং ইন্টিমধ্যে ইন্টার্লেট পাওরা আন্দে, গেচলো মতুন করে আন বা করে পুনাচালো বা এতিট করে দকুন ভাবে থেবো। বেটলো পাওরা আবেলা, সেচলো করে করে উপরার থেবো। আমার উপরায় বাবসাহিক লয়। এপুই ব্যবর পাঠতের কাছে বই পঞ্চার আবেল করে উপরার আমার মার্চিট বিভাগতের মান্তির কালে বই পঞ্চার পরে রাখা। আমার মার্চিট বুটিকর্তাহের মান্তির ধবাবাদ আমানি বাচের বই আমি পেরার করব। ধনাবাদ আমানি করু অন্টিমান প্রাইম ও পি. বাচের কে – বাবা আমাকে এতিট করা লাল ভাবে পিথিয়েকে। আমাকে অর একটি প্রয়াম পুরারো বিশ্বত পরিকা করুম ভাবে কিরিয়ে আনা। আম্বর্টিরা পেয়কে পারেল www.dhulokhela.blogspot.in নাইটিরী।

আপনাচর কাম মনি এনন কোনো বইলের কণি খাকে এক ভা পেয়ার করতে চান - যোগাযোগ করতন 
subhelitä1988qmail.com.

PDF কই কথনই মূল কইন্তের বিকল্প করে পরে না। বলি এই কইটি আগনতে ভালো বেলে খাকে, একং বাজারে কর্ত কলি শান্তের বাস – ভারলে বাত দেবে মূল বাইটি সংগ্রাহ করারে কানুলাখ মালৈ। যার্ড কলি যাতে বেওয়ার করা, দুবিধে আমারা মানি। PDF করার উপোশা বিরল যে কোন কই মারামান একং দুর দুরায়ার সকল পরিকার কামে গৌলে দেওয়া। মূল কই কিনুবা লেখক একং প্রবাসকলের উৎসাহিত করেল।

There is no wealth like knowledge,

No poverty like ignorance

### SUBHASIT KUHBU





ৰাংলা বইদের ফৰ্ণথনি আমার সংগ্রহে আছে। যে বইগুলো আমার শহন্দ এবং ইডিমথো ইন্টারলেটে শাওয়া মাডে, সেগুলো মতুন করে আনা বা করে পুরনোগুলো বা এডিট করে বকুন ভাবে দেবো। খেগুলো গাওয়া মাডেনা, সেগুলো জ্ঞান করে উপহার দেবো। আমার উদ্দোস্য ব্যবসায়িক বহা। গুণুই বৃহত্তর শাঠকের কাছে নই বৃত্তার আন্তাস ধরে প্রাথা। আমার অগ্রনী বইদের নাইট বৃষ্টিকর্তাদের অগ্রিম ধনাবাদ আদালি যাদের বই আমি দেবার করব। ধনাবাদ আনালি বকু আন্টমান প্রাটম ও দি, বান্তেন করে নাইলে এতিই করা বাহা বিভিন্নতে সালালি বকু আন্টান বুলা বিশ্বতি বিশ্বত পরিকা নতুন তারে বিশ্বত বিশ

আসমাদের কাছে যদি এমন কোনো বইয়ের কণি থাকে এবং তা শেয়ার করতে চান - যোগাযোগ করন্দ 
subhalit819@amail.com.

PDF বই কথনই মূল বইন্তের বিকল্প মন্ত পারে না। বদি এই বইটি আগনার ভাগো গোলে খাকে, এবং বাজারে মার্চ কণি পাওয়া সাম – ভাষণো স্বভ ভাত সক্ষম সূল বইটি গাঞ্জাহ করার অনুরামা রুইণা। যার্চ কণি যান্তে গেওয়ার মজা, সুবিধ আমত্রা মানি। PDF করার উপেন্দা বিকলে বে কোন বই সংগ্রহণে এবং ঘূল দূরায়ের সকল পাঠকের কামে পৌচর দেওয়া। মান বই কিননা গোলাগ এবং প্রকাশকদের উদ্যোধিত করনান।

There is no wealth like knowledge.

No poverty like ignorance

#### SUBBAGIT RUNDU





### আমার কথা

বাংলা বইয়ের ম্বর্ণথনি আমার সংগ্রহে আছে। যে বইগুলো আমার পছন্দ এবং ইভিমধ্যে ইন্টার্নেটে পাওয়া যাদে, সেগুলো নতুন করে স্ক্যান লা করে পুর্নোগুলো বা এডিট করে নতুন ভাবে দেবাে। যেগুলো পাওয়া যাবেলা, সেগুলো ক্ষ্যান করে উপহার দেবাে। আমার উদ্দেশ্য ব্যবসামিক ন্ম। শুধুই বৃহত্তর পাঠকের কাছে বই পড়ার অভ্যেস ধরে রামা। আমার অগ্রণী বইয়ের সাইট সৃষ্টিকর্ভাদের অগ্রিম ধলাবাদ আলান্দি যাদের বই আমি পেয়ার করব। ধল্যবাদ জালান্দি বন্ধু অন্টিমাস প্রাইম ও পি. ব্যান্ডস কে – যারা আমাকে এডিট করা নালা ভাবে শিথিয়েছেন। আমাদের আর একটি প্রমাস পুরোলাে বিস্মৃত পত্রিকা নতুন ভাবে ফিরিয়ে আনা। আগ্রহীরা দেখতে পারেন www.dhulokhela.blogspot.in সাইটটি।

আসনাদের কাছে যদি এমন কোনো বইয়ের কসি খাকে এবং তা শেয়ার করতে চান - যোগাযোগ করুন 
subhait819@amail.com.


PDF বই কখনই মূল বইয়ের বিকল্প হতে পারে না। যদি এই বইটি আপনার তালো লেগে খাকে, এবং বাজারে হার্ড কদি পাওয়া যায় – ভাহলে যত দ্রুত সম্ভব মূল বইটি সংগ্রহ করার অনুরোধ রইল। হার্ড কদি হাতে সেওয়ার মজা, সুবিধে আমরা মালি। PDF করার উদ্দেশ্য বিরল যে কোল বই সংরক্ষণ এবং দূর দুরান্তের সকল পাঠকের কাছে পৌছে দেওয়া। মূল বই কিন্ন। লেখক এবং প্রকাশকদের উৎসাহিত করুল।

There is no wealth like knowledge.

No poverty like ignorance

### SUBHAJIT KUNDU





# আমার কথা

বাংলা বইয়ের স্বর্ণথনি আমার সংগ্রহে আছে। যে বইগুলো আমার পছন্দ এবং ইতিমধ্যে ইন্টার্নেটে পাওয়া যাছে, সেগুলো লতুল করে স্ক্যান লা করে পুরনোগুলো বা এডিট করে লতুল ভাবে দেবো। যেগুলো পাওয়া যাবেনা, সেগুলো স্ক্যান করে উপহার দেবো। আমার উদ্দেশ্যে ব্যবসায়িক নয়। শুধুই বৃহত্তর পাঠকের কাছে বই পড়ার অভ্যেস ধরে রাখা। আমার অগ্রণী বইয়ের সাইট সৃষ্টিকর্তাদের অগ্রিম ধন্যবাদ জানাচ্ছি যাদের বই আমি শেয়ার করব। ধন্যবাদ জানাচ্ছি বন্ধু অপ্টিমাস প্লাইম ও পি. ব্যান্ডস কে – যারা আমাকে এডিট করা নালা ভাবে শিথিয়েছেল। আমাদের আর একটি প্রয়াস পুরোলো বিস্মৃত পত্রিকা লতুল ভাবে কিরিয়ে আলা। আগ্রহীরা দেখতে পারেল www.dhulokhela.blogspot.in সাইটটি।

আপনাদের কাছে যদি এমন কোনো বইয়ের কপি থাকে এবং তা শেয়ার করতে চান - যোগাযোগ করুন 
<u>subhajit819@gmail.com</u>.


PDF বই কখনই মূল বইয়ের বিকল্প হতে পারে না। যদি এই বইটি আপনার ভালো লেগে থাকে, এবং বাজারে হার্ড কিপি পাওয়া যায় – ভাহলে যভ দ্রুভ সম্ভব মূল বইটি সংগ্রহ করার অনুরোধ রইল। হার্ড কিপি হাতে নেওয়ার মজা, সুবিধে আমরা মানি। PDF করার উদ্দেশ্য বিরল যে কোন বই সংরক্ষণ এবং দূর দূরান্তের সকল পাঠকের কাছে পৌছে দেওয়া। মূল বই কিনুন। লেখক এবং প্রকাশকদের উৎসাহিত করুন।

There is no wealth like knowledge,

No poverty like ignorance

# SUBHAJIT KUNDU





বালা বইদের হর্ণথকি আমার সংগ্রহে আছে। যে বইগ্রেলা আমার শহল এবং ইভিমণো ইন্টার্লটে শাও্যা থানে, নেটলো নতুন করে জ্যান না করে পুর্নোটলো বা এডিট করে নতুন ভাবে থেনে। মেটলো শাও্যা থাকো, মেটলো ব্যান করে উপহার থেবা। আমার উপ্যোগ বাবসাধিক লয়৷ শুরুই ব্যার পাঠতের করছে বই পুত্রে আভাস থরে রাখা। আমার মানুর মাইট সৃষ্টিকর্তাছের মাইল ধলাবাদ জালালি আছের বই আমি প্রার্ন করব। ধলাবাদ জালালি করু অধিকাদ প্রাইম ও বি. ব্যান্তদ কে - বাবো আমারে এডিট করা লালা ভাবে শিথিয়েশের। আমানের অন্ন একটি প্রয়াস পুরোলো বিশ্বত শান্তিকা নতুন ভাবে ভিরিশে আনা। আমিলি মেখতে শানেন www.dhulokhela.blogspot.in নাইটিটি।

অপনাচর কাদে যদি এখন কোনো বইয়ের কণি খাকে এক তা শেয়ার করতে চান - যোগারাথ করন। 
<u>subholishid@mail.com.</u>

PDF यहे कप्तहे मृत यहेड्स विकास स्टंड पास ना। यहि और यहेडि व्ययनात साला विका थरूर, अक बाताल यार्ड कति गाउडा यात्र - सामल यह राज्य महा पहेडि मध्यर करात वानुसाथ प्रदेश। शर्ड किंग शास त्यक्ताल बाता, मृदिश्य व्यवला मानि। PDF करात केंद्रचा विका एप रकान यहे मलाकत अवः चूत पूरव्यल मानव पार्वरकत करूर (मेट्स एक्ट्रबा) मृत यहे किनून। साथक अक प्रकागबरस्त केंग्रमाहित करून।

There is no wealth like knowledge,

No poverty like ignorance

# SUBHAJIT KUNDU



## **ৰুত্বগড়ের কঙ্কাল**

# কম্বগডের কম্বাল

# সৈয়দ মুস্তাফা সিরাজ

প্রচ্ছদপট অৎকন—ইন্দ্রনীল ঘোষ মন্ত্রণ—রাজা প্রিটার্স

মৈত্র ও ছোষ পাবলিশার্স প্রাঃলিঃ, ১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা-৭৩ হইতে এস. এন. রায় কর্তৃক প্রকাশিত ও নিউ নিরালা প্রেস, ৪ কৈলাস মুখার্জি লেন, কলিকাতা ৬ হইতে ধীরেন্দ্রনাথ বাগ কর্তৃক মুদ্রিত

## কঙ্গগড়ের কঙ্কান্স



কর্নেল নীলাদ্রি সরকার খ্ব মন দিয়ে কী একটা বই পড়ছিলেন। ছে ড়াখোঁড়া মলাট। পোকায় কাটা ইলদে পাতা। নিশ্চর কোনও প্রনাে দৃশ্পাপ্য বই। কিশ্চু শেষ মার্চের এই স্কুলর সকালবেলাটা গন্তীর মূথে বই পড়ে নন্ট করার মানে হয়? দাঁতে কামড়ানাে চুরুট কথন নিভে গেছে এবং সাদা দাড়িতে ছাইয়ের টুকরাে আটকে আছে। একটু কেসে. ওঁর দ্ভিট আকর্ষণের চেটা করলাম। ধ্যান ভাঙল না। আমার উলটাে দিকে সোফায় বসে প্রাইভেট ডিটেকটিভ হালদার-মশাই উসখ্ম করছিলেন। একটিপ নিস্য নাকে গংজে আনমনে বললেন, "যাই গিয়া!"

এতক্ষণে কনেলি বই বন্ধ করে বলে উঠলেন, "হালদারমশাই কি প্রেতাত্মায় বিশ্বাস করেন ?"

হালদারমশাইয়ের দুই চোথ গুলি-গুলি হয়ে উঠল। জোরে মাথা নেড়ে বললেন, নাহ'। "ক্যান ?"

কর্নে**ল আমার** দিকে তাকালেন। "জ্য়ন্ত তুমি ?" "নাহা।"

কর্নেল নিভে যাওয়া চুর্ন্টটি একবার জেনলে একরাশ ধোঁয়া ছেড়ে বললেন, "সমস্যা হল, আমাকেও কেউ এই প্রশ্ন করলে আমিও সোজা নাহ বলে দিতাম। কিন্তু অসংখ্য মান্য প্রেতানায় বিশ্বাস করে। তাদের সংখ্যাই প্রথিবীতে বেশি। কাজেই তারা এই বিশ্বাসের বশে এমন সাংঘাতিক-সাংঘাতিক সব কাণ্ড করে বসে কহতব্য নয়।"

হালদারমশাই উর্ত্তোজত ভাবে বললেন, "কেডা কী করল ?"

করেল হাসলেন। "করল নয়, করেছিল। ভেবে দেখনুন হালদারমশাই। ১০৮টা নরবলি।"

"কন কী। পর্লিশ তারে ধরে নাই ?"

"পর্লিশ এ-রহস্য ভেদ করতে পারেনি। খিনি পেরেছিলেন, তিনিই এই
বইটা লিখে গেছেন।" কর্নেল বইটার পাতা খ্লে দেখালেন। "তান্ত্রিক
আদিনাথের জীবন এবং সাধনা। নামটা আমার পছন্দ। লেখকের নাম হরনাথ
শাস্ত্রী। প্রায় নক্ষই বছর আগে লেখা এবং ছাপা বই। আদিনাথ ছিলেন
হরনাথের জ্যাঠামশাই।"

বললাম, "ওই তান্ত্রিক ভদ্রলোক ১০৮টা নরবলি দিয়েছিলেন ?"

"তা-ই তো লিথেছেন হরনাথ। তান্ত্রিক ভদ্রলোকের বিশ্বাস ছিল, ওই ১০৮টি প্রেতামা তাঁর চেলা হবে। তবে শেষরক্ষা হয়নি। একদিন ভোরবেলা স্বয়ং তান্ত্রিককেই মন্দিরের হাড়িকাঠের কাছে পড়ে থাকতে দেখা গিরেছিল। মন্ডহীন ধড়। রক্তে-রক্তে ছয়লাপ! নিজেই বলি হয়ে গেলেন।"

হালদারমশাইছের গোঁফের ডগা তিরতির করে কাঁপছিল। বললেন, "মুস্ড গেল কই ?"

কর্নেল হেলান দিয়ে চোথ বুজে বললেন, "মুণ্ডু পাওয়া যায়নি। অগত্যা ধড়টা শমশানে নিয়ে যাওয়া হয়েছিল। হরনাথ লিখেছেন, দেড় মন ঘি আর আট মন কাঠের আগ্রুনেও তান্ত্রিকের ধড় একটুও পোড়েনি। শেষে লোকজানাজানি এবং পর্লশের ভয়ে মুণ্ডুকাটা ধড়ে পাথর বেঁধে নদীতে ডুবিয়ে দেওয়া হয়। অন্তুত ব্যাপার, পরদিন ধড়টা জলে ভেসে ওঠে। নদীতে স্রোত ছিল। অথচ ধড়টা দিব্যি ক্থির ভাসছে।

বললান, "হরনাথবাব, দেখেছিলেন এসব ঘটনা ?"

"তথন ওঁর বয়স মাত্র পনেরো বছর। কাজেই স্মৃতি থেকে লেখা। কিন্তু তারপর উনি যা লিখেছেন, তা আরও অন্তুত। বছর কুড়ি পরে হরনাথবাব, নাকি স্বপ্নে তান্ত্রিক জ্যাঠামশাইকে দেখিতে পান। তান্ত্রিক ভদ্রলোক ভাইপোকে বলেন, 'কেউ বদি তানায় নুম্ভূটা ধর্ডের সঙ্গে জোড়া দেয়, আমি আবার সশরীরে ফিরে আসব।'"

"তত্তিদনে দুটোই তো কঞ্চাল । নিছক হাড় আর খুলি ।" হালদারমশাই সায় দিয়ে বলৈন, "হঃ! স্কেলিটন অয়ান্ড স্কাল !"

করেল চোথ খুলে সোজা হয়ে বসলেন। "কিন্তু খালি কোথায় পোঁতা আছে হরনাথ সাক্তিন না। কেউই জানত না। উনি কবন্ধ মড়াটা এনে সিন্দাকে রিখে দিয়েছিলেন। তারপর খালির খোঁজে হন্যে ইচ্ছিলেন। হঠাৎ আবার একদিন আদিনাথ স্বপ্নে দেখা দিয়ে একটা মজার ধাঁধা বললেন। ওতেই নাকি খালির সূত্র লাকুনো আছে।

"কাট্ছাট বাঁধা বার পনেরো চাঁদা বাড়ো শিবের শালে আমার মাথা ছাঁলে উ হ্রীং ক্লীং ফট্ কে ছাড়াবে জট ॥"

অবাক হয়ে বললান, "আপনার মন্থস্থ হয়ে গেছে দেখছি !"

কর্নেল হাসলেন। "সহজে মুখস্থ হবে বলেই তো আগের দিনের লোকেরা ছড়া বাঁধত। মান্টারমশাইরা অনেক ফরম্লা ছড়ার আকারে ছাত্রদের শ্রেশ্যাতেন।"

হালদারমশাই উৎসাহে নাথা নেড়ে বললেন, "হঃ। একথান শিথছিলাম ঃ

### "ইফ র্যাদ ইজ হয় বাট কিন্তু নট নয়…

গোমেন্দা ভদ্রলোক আরও কিছ্ বলতে যাচ্ছিলেন, ওঁকে ইশারায় থামিয়ে দিয়ে বল্লাম, "তা এই উন্তট বই নিয়ে মাথা ঘামানোর কারণ কী কর্নেল ?"

কর্নেল গন্তীর হয়ে দাড়ির ছাই ঝাড়লেন। তারপর অভ্যাসমতো চওড়া টাকে হাত বৃলিয়ে বললেন, "হরনাথ এই ধাঁধার জট ছাড়াতে পারেন নি। ওঁর বংশধররাও পারেননি। কিন্তু সম্প্রতি যা সব ঘটছে বা ঘটেছে, তা থেকে এলাকার লোকদের বিশ্বাস জন্মছে, তান্ত্রিক আদিনাথের সমরীরে প্রনরাবিতাব ঘটেছে। প্রথমত, সিন্দুকের কন্ধালটি কে বা কারা চুরি করেছে। দিওীয়ত, দেবী চাল্ডকার সোড়ো মন্দিরের সামনে পর-পর দ্টো নরবলি দেওয়া হয়েছে। তৃতীয়ত, রাম্ব ধোপা সম্ধ্যার মুখে ঝিল থেকে কাপড়ের বোঁচকা গাধার পিঠে চাপিয়ে বাড়ি ফিরছিল। সবে চালের আলো ফুটেছে, একটা কন্ধাল ওর সামনে দালৈয়ে হম্বার দিয়ে বলেন, 'আমি সেই আদিনাথ।' রাম্ব গোঁ গোঁ করতেকরতে অজ্ঞান হয়ে পড়ে।"

হালদারমশাই বলে উঠলেন, "তারপর ? তারপর ?"

'রাম্ এখন পাগল হয়ে গেছে। কীসব অণ্ডুত কথাবাতা বলছে। অবশ্য মাঝে-মাঝে ওর আচরণ কিছ্কণ স্মুদ্ধ মান্থের মতো।" কনেলি বইটা ড্রয়ারে চ্বিয়ে বললেন, ''গাধাটাও পাগল হয়ে বনে-জন্মলে ঘ্রে বেড়াছে। ধরা দেয় না।"

হালদার মশাই বললেন, "বাট হোয়ার ইজ দ্যাট প্লেস কর্নেলসার ?" "কঙ্কগড়। আপনি কি যেতে চান সেখানে ?"

"নাহ্। এমনি জিগাই।" গোয়ে দা ভদ্রলোক কাঁচুমাচু মনুথে হাদলেন। "কিন্তু কন্ধগড় নামটা চেনা চেনা লাগছে। কন্ধগড় ··· কন্ধগড় ··· "

করেল বললেন, "কঙ্কগড় বর্ধমান-বিহার সীমাস্তে। দর্গপির থেকেও যাওয়া যায়।"

হালদারমশাই ব্যক্তভাবে একটিপ নিসং নিলেন। "ছড়াটা কী কইলেন য্যান কর্নেলসার ?"

কর্নেল আমার দিকে একবার তাকিয়ে একটুকরো কাগজে ছড়াটা লিথে ওঁকে দিলেন। মনুথে দৃষ্টু-দৃষ্টু হাসি। হালদারমশাই ছড়াটা মনুথস্থ করার চেণ্টায় ছিলেন। আমাদের চোথে-চোথে কোতুক লক্ষ্য করলেন না।

ষষ্ঠীচরণ আর এক প্রস্ত কফি আনল। কফির পেয়ালা তুলে বললাম, "হালদারমশাই! বোঝা যাড়েছ এই রহস্যের কেস কর্নেল নিজের হাতে নিয়েছেল। আপনি বরং ওঁর অ্যাসিস্ট্যান্ট হতে পারেন।"

रानमात्रमणारे वार्जाठ न्यरमणात्ना अत त्र्यमान किएट हुम्यक निर्ध थि-थि

করে হেসে উঠলেন। ওঁর এই হাসিটি একেবারে শিশ্বস্কৃত। কে বলবে উনি একসময় দ্বিদ প্রিলিশ ইনস্পেক্টর ছিলেন এবং ওঁর দাপটে যত দাগি অপরাধী তটক্থ হয়ে থাকত ? চাকরি থেকে অবসর নিয়ে প্রায় ডিটেকটিভ এজেন্সি খ্রলছেন। মাঝে-মাঝে কর্নেলের কাছে আন্ডা দিতে, আবার কথনও কোনও কেস পেলে ওঁর ভাষায় কর্নেলসারের লগে কনসাল্ট করতেও আসেন।

বললাম, "হাসছেন কেন হালদারমশাই ?"

হালদারমশাই আরও হেসে বললেন, "কর্নেলিসার কইলেন গাধাটা পাগল হইয়া গেছে। গাধা — থি থি অগনাধা ইজ গাধা। অগ্যস! দুইখান এস্।"

এই সময় ডোরবেল বাজল। করেলি মুচ্কি হেসে বললেন, "সম্ভবত দুইখান এস এলেন। নাহ্। অনুস নয়। শাশনাথ শাশ্বী।"

বললান, "নান শানে মনে হচ্ছে যজমেনে বামনে। পাণ্ডাপার্বতঠাকুর সম্ভবত। নাকি সংস্কৃতের পণ্ডিতমশাই ৫"

কিন্তু যাঠীচরণ সাকে নিয়ে এল, তাকে দেখে আমি অবাক হয়ে গেলাম। আমার বয়সী একজন যাবক। স্নার্ট, ককাকে চেহারা। পরনে জিনস্, ব্যাগি শার্ট, কাঁধে ঝোলানো কিট্ব্যাগ। কনেলিকেও একটু অবাক দেখাছিল। বললেন, "এসো দিপনু! তোমার বাবা এলেন না যে ?"

যাবকটি বসে কব্জি তুলে ঘড়ি দেখে নিয়ে বলল, "মনি 'য়ে হঠাং ট্রান্ককল এল। একটা মিসহ)।প হয়েছে বাড়িতে। বাবা আমাকে আপনার সঙ্গে দেখা করতে বলে চলে গেলেন। ন'টা পাঁচে একটা ট্রেন আছে।"

"কী মিসহ্যাপ ?"

"আবার কী ? একটা ডেডবডি। ভজ্বয়া নামে আমাদের একজন কাজের লোক ছিল। মন্দিরের সামনে তার বডি পাওয়া গেছে আজ ভোরে। একই অবস্থায়।"

হালদারমশাই নড়ে বর্সোছলেন। ফ**ার্যাসফেসে গলায় বললেন, 'নরবলি** ''

কর্নেল নিবিকার মন্থে বললেন, "তোমার সঙ্গে এঁদের আলাপ করিয়ে দিই দিপন্। হালদারমশাই! এর নাম দীপক ভট্টাচার্য। হরনাথবাবন্র কথা আপনাদের বলেছি। তাঁর পোত্র। দিপন্, ইনি প্রাইভেট ডিটেকটিভ কে. কেইলাদার। আর—জয়ন্ত চৌধারী। 'দৈনিক সত্যসেবক' পত্রিকার রিপোর্টার।"

দীপক আনাদের নমস্কার করল। তারপর হালদারমশাইকে বলল, ''আপনি প্রাইভেট ডিটেকটিভ গ''

হালদারমশাই খ্রশিম্বে বললেন, "ইয়েস।"

কর্নেল বললেন, "দিপ্র। বরং এক কাজ করো। তুমি হালদারমশাইকে সঙ্গে নিয়ে যাও। আমি যথাসময়ে পেশছব।"

দীপক বলল, 'দ্বপ্রেরে সাড়ে বারোটায় একটা ট্রেন আছে। বাবা আপনাকে সঙ্গে নিয়ে যেতে বলেছেন।" "চিন্তার কিছনু নেই। আমি যাব'খন। আর শোনো, আমার থাকার ব্যবস্থা তোমাদের করতে হবে না।"

"সে কী! বাবা আমাকে-"

"নাহ্। আমি সরাসরি তোমাদের ওথানে উঠলে আমার কাজের অস্কৃতিধে হবে। তুমি বরং হালদারমশইকে সঙ্গে নিয়ে যাও। তবে উনি যে প্রাইভেট ডিটেকটিভ এটা যেন কাউকে বোলো না।"

হালদারমশাই সহাস্যে বললেন, "আমারে মামা কইবেন।"

কর্নেল অটুহাসি হাসলেন। "দিপরুরা রাড়ের ঘটি। ওর মামা পর্ববিঙ্গীর ভাষার কথা বললে লোকের সন্দেহ হবে। আপনি তো দিব্যি স্ট্যান্ডার্ড বাংলার কথা বলতে পারেন।"

"তা পারি।" বলে হালদারমশাই আর একটিপ নিস্ফ নিলেন।

বললাম, "আসলে উত্তেজনার সময় হালদারমশাইয়ের মাত্ভাষা এসে যায়।" করেল বললেন, "তা যা-ই বলো জয়ন্ত, পূর্বস্পীয় ভাষার ওজন আছে। উত্তেজনাকে যথাযথভাবে প্রকাশ করতে স্ট্যান্ডার্ড বাংলা একেবারে অচল। তাই দ্যাথো না, উত্তেজনার সময় যাঁরা পূর্বস্পীয় ভাষা জানেন না, তাঁরা হিন্দি বা ইংরেজি বলেন।"

হালদারমশাই সটান উঠে দাঁড়ালেন। "ইউ আর হানদ্রেড পার্সেণ্ট কারেস্ট কর্নেলসার!" বলে পকেট থেকে নেমকার্ড বের করে দীপককে দিলেন। "আমি হাওড়া স্টেশনে এনকোয়ারির সামনে ওয়েট করব। চিন্তা করবেন না।"

গোরেন্দা ভদ্রলোক পা বাড়িয়েছেন, কর্নেল বললেন. "একটা কথা হালদার-মশাই। আপনার একটা ছম্মনাম দরকার।"

"दः।" वल रानमात्रभगारे मत्तरा तित्रा शिलन।

ষণ্ঠীচরণ দীপকের জন্য কফি আর স্ন্যাক্স দিয়ে গেল। কর্নেল বললেন, "ভঙ্গুয়ার বয়স কত ? কতদিন তোমাদের বাড়িতে ছিল সে ?"

দীপক বলল, "বয়স পঞ্চাসের কাছাকাছি হবে। ওরা প্রুর্ষান্ত্রমে আমাদের ফ্যামিলিতে ছিল। জমিদার ফ্যামিলিতে যেমন হয়। একগাদা লোকজন থাকে। অবশ্য এখন আর নেই। ভজ্যা কিন্তু দুদ্ভি সাহসী লোক ছিল। ভূতপ্রেতের গণ্প বলত বটে, বিশ্বাস করত বলে মনে হয় না। আমার ছেলেবেলায় ওর বউ মারা যায়। কিন্তু ও আর বিয়ে করেনি। আমার অবাক লাগছে, ওর মতো সাহসী আর বলবান লোককে কী করে বলি দিতে পারল ?"

"তুমি কি প্রেতান্মায় বিশ্বাস করো ?"

"নাহ। ওসব শ্রেফ গ্লুল তাণ্পি। ঠাক্রদা কী সব বোণাস গণ্প ফে<sup>\*</sup>দে গেছেন, আমি একটুও বিশ্বাস করি না। বাবাও বিশ্বাস করতেন না। কিন্তু হঠাং দ্র-দুটো নরবলির ঘটনা। তারপর পাতালঘর থেকে সিন্দুকের তালা ভেঙে কে কন্ধাল সরাল। তাই বাবার মাথা খারাপ হয়ে গেল। কর্নেল। পাতালঘরের কথা আমি ঠাক্রমার কাছে শ্নেছিলাম। কিন্তু সিন্দ্কে যে কন্ধাল আছে, তা আমি জানতাম না। নরবলির ঘটনার পর একরাত্রে বাবা আমাকে আর ভজ্বাকে ডেকে চুপিচুপি পাতালঘরে চ্কলেন। পাতালঘরের দরজার তালা কিন্তু ভাঙা ছিল না। গতকাল সন্ধ্যায় বাবা আপনার কাছে সব কথা খ্লে বলেননি।"

"হয়তো কঙ্কগড়ে গেলে বলবেন ভেবেছিলেন।

দীপক চাপা গলায় বললা, "সিন্দ্রকের ভিতর কঙ্কাল সত্যিই ছিল কি ? আমার বিশ্বাস হয় না। অতকালের প্রনো কঙ্কাল। আস্ত থাকার কথা নয়। অথচ সিন্দ্রকে একট্রকরো হাড়ও পড়ে নেই।"

"ভজ্বয়াকে কেউ ওভাবে খুন করবে কেন ? তোমার কী ধারণা <u>?</u>"

দীপক একট্র চুপ করে থাকার পর বলল, "সম্ভবত ভজ্মা কিছ্র জানত। তার মানে, শচীনদা আর জগাইকে কে বা কারা ওভাবে খুন করেছে, সে জানতে পেরেছিল। কারণ জগাই খুন হওয়ার পর ভজ্মা আমাকে বলেছিল, খামোকা একজন সাধ্সম্যাসী মান্ধের বদনাম রটাচ্ছে লোকে। তাঁর আত্মা স্বর্গে বাস করছেন ভগবানের কাছে। ভজ্মা বলেছিল, শিগগির সে এর বিহিত করবে।"

"ভজ্য়া বলেছিল ?"

"হাাঁ। দাদ্র জ্যাঠামশাই সম্পর্কে ভজ্বরার থ্ব শ্রন্ধা ছিল। তার ঠাক্রদার বাবা নাকি ওঁর সেবা করত।" দীপক হঠাৎ একট্ব নড়ে বসল। "মনে পড়ে গেল! গত মাসে দোতলা থেকে অনেক রাতে আমি ঝিলের ধারে জ্ঞ্মলের ভেতর আলো দেখেছিলাম। ছেলেবেলা থেকে আমি তো আসানসোলে পড়াশোনা করেছি। কঙ্কগড়ে সবসময় থাকিনি। তো সকালে মাকে কথাটা বললাম। মা বললেন, ওই জ্ঞ্মলে আলো নতুন কিছ্ব নয়। মা-ও নাকি অনেকবার দেখেছেন। আমি কিল্তু এতকাল পরে ওই একবার।"

वननाम, "किरमत जातना ? मात- छेर्ड ना शांतरकन ?"

"না। মশালের আলো বলে মনে হয়েছিল।"

করেল চোথে হেসে বললেন, "প্রেতাত্মারা টর্চ বা হারিকেন জনলে না জয়ন্ত!"

দীপক বলল, "আপনি কি ভূতপ্রেতে বিশ্বাস করেন ?"

"প্রকৃতিতে রহস্যের শেষ নেই দিপ🕻 !"

দীপক যেন একটু বিরক্ত হয়ে উঠে দাঁড়াল ! বলল, "আমি চলি তা হলে।" "আচ্ছা, এসো।"

দীপক বেরিয়ে গেলে বললাম, "কঙ্কগড়ের সাংঘাতিক ভূতটা আপনাকে

পেরে বসেছে মনে হছে। ভূত বা প্রেতাত্মার সঙ্গে প্রকৃতির কী সম্পর্ক ?"
কর্নেল গন্ধীর মুখে বললেন, "আছে। প্রকৃতি চির-আদিম। ভূতপ্রেতও
আদিম শক্তি, ডালিং:!"

### 11 2 11

কন্ধগড়ে আমরা উঠেছিলাম সরকারি ডাকবাংলায়। বাংলোটি প্রনো রিটিশ আমলে তৈরি। গড়নে বিলিতি ধাঁচ। কিন্তু অষপ্রের ছাপ আন্টেপ্তেঠ লেগে আছে। লনের ফুলবাগান আর চারপাশের দেশি-বিদেশি গাছপালা একেবারে জঙ্গলে হয়ে গেছে। চৌকিদার রঘ্লাল দ্বংথ করে বলছিল, নতুন সার্কিট হাউস হওয়ার পর সরকারি কতারা এলে সেখানেই ওঠেন। সেখানে জায়গা না পেলে তবে কদাচিং কেউ এখানে জোটেন। আসলে বসতি থেকে বেশ খানিকটা দ্রের বলেই এই দ্রুবক্ছা।

তবে নীচেই সেই বিশাল কিল এবং পাশেই জঙ্গলের শ্রা। তার ওধারে একটা নদী আছে। তার মানে, একসময় ঝিলটি নদীর অববাহিকার একটা স্বাভাবিক জলা ছিল। ইদানীং অনেকে একে 'লেক' বলতে শ্রের্ করেছে। খনি অঞ্চলের শিল্পনগরী থেকে দল বেঁধে অনেকে পিকনিক করতেও আসে। রঘ্লাল বলছিল, নরবলির পর পিকনিক বন্ধ হয়ে গেছে। সন্ধ্যার অনেক আগে এদিকটা জনহীন হয়ে পড়ে। রঘ্লালও স্বাস্তের আগে বাড়ি চলে যায়। তবে 'কর্নেলার' যথন এসেছেন, তখন রাত্তিরটা এখানে কাটাতে তার ভয় নেই। এই সায়েবকে সে ভালই চেনে। এর আগে কতবার উনি এখানে এসেছেন।

আমরা পেণিছেছিলাম বিকেল চারটে নাগাদ। আমাকে বিশ্রাম করতে বলে কর্নেল একা বেরিয়েছিলেন। বাংলোর বারান্দা থেকে লক্ষ করছিলাম, উনি বাইনোকুলারে গাখি-টাখি দেখতে-দেখতে জঙ্গলের ভেতর দ্বকে গেলেন। রঘ্বলাল একটা থামে হেলান দিয়ে বসে কছগড়ের গণ্প করছিল। তান্ত্রিক আদিনাথের অলোকিক কীতিকলাপের কথাও বলছিল। আদিনাথের কছালের ধড় ও মুস্ডের কাহিনীও তার জানা। ধড় ও মুস্ড জোড়া লাগলে তান্ত্রিক আদিনাথ যে সশরীরে আবার আবিভূতি হবেন, এটা সে বিশ্বাসও করে এবং তার ধারণা, এই কাজটা কেউ করতে পেরেছে এতদিনে। তাই তান্ত্রিকবাবা নিজের কাজে নেমে পড়েছেন।

বললাম, "কিন্তু তান্ত্রিকবাবা তো শ্বনেছি ১০৮টা নরবলি দিয়ে সিদ্ধিলাভ ব্যরেছিলেন। আবার কেন উনি নরবলি দিচ্ছেন ?"

রঘ্নাল বাংলা বলতে পারে বাঙালির মতোই। মাথা নেড়ে বলল, "না সার! ১০৮টা নরবলির আগে উনি নিজেই বলি হয়েছিলেন। শ্রেনিছি, তিনটে নরবলি বাকি ছিল। এতদিনে হয়ে গেল।"

"এই লোক তিনটিকে তুমি চিনতে ?"

"চিনব না কেন সার ? প্রথমে বিল হলেন শচীনবাব । উনি ম্যাজিক দেখাতেন।"

"ম্যাজিশিয়ান ছিলেন ?"

"আজে হাঁ। এ-দেশ ও-দেশ ঘ্ররে ম্যাজিক দেখিয়ে বেড়াতেন। তো তারপর গেল জগাই। জগাই শ্মশানে মড়া পোড়াত। শেষে গেল ভজ্বয়া। জামদারবাড়ির কাজের লোক। জামদারি আমাদের ছোটবেলায় উঠে গেছে। তা হলেও জামদারবাড়ি নামটা টিকে আছে। খ্রব বড় বাড়ি সার! অনেক ভেঙেচুরে খণ্ডহর হয়ে পড়ে আছে। তবে দেখলে বোঝা যায় কী অবস্থা ছিল। কিন্তু ব্যাপারটা ব্রশ্ন, তান্তিকবাবা ছিলেন ওই জামদারবাড়ির লোক। শ্রনছি, বিষয়সম্পত্তি ছেডে জপ্তপ নিয়েই পড়ে থাকতেন।"

এরপর রঘ্লাল রাম্ ধোপা আর তার গাধার গলেপ চলে এল। একছেয়ে উদ্ভট গলপ শোনার চেয়ে ঝিলের ধারে কিছ্মুক্ষণ বেড়ানো ভাল। লনে নামলে রঘ্লাল চাপা গলায় সাবধান করে দিল, "আঁধার হওয়ার আগেই চলে আসবেন সার! ক্রেলিসারের কথা আলাদা। উনি মিলিটারির লোক।"

গেট পেরিয়ে ধাপবণিদ পাথরের সি<sup>\*</sup>ড়ি। ফাটলে ঝোপ আর আগাছা গজিয়ে আছে। নীচের রাস্তা এবড়োথেবড়ো। রাস্তাটা এসেছে বাঁ দিক থেকে এবং এখানেই তার শেষ। ডান দিকে ছোট-বড় নানা গড়নের পাথর এবং ঝোপঝাড়, গাছপালা। সামনে একফালি পায়েচলা পথ নেমে গেছে ঝিলের ধারে। সেখানে গিয়ে দেখি, একটা ভাঙাটোরা পাথুরে ঘাট। ঝিলের জলটা স্বচ্ছ। স্মৃর্য পেছনে গাছপালার আড়ালে নেমে গেছে। তাই ঝিলে ছায়া পড়েছে। সামনে-দ্রের ধ্সর কুয়াশা। একটা পানকৌড়ি আপনমনে ডুবসাঁতার খেলছে। একটু দ্রের থানের আড়ালে কোথাও জলপিপির ডাক শোনা গেল পি-পি-পি!

ঘাটের মাথায় বসে ছিলাম। কর্নেলের সংসর্গে মাথার ভেতর হয়তো প্রকৃতিপ্রেম ঢ্বকে গেছে। দিনশেষের এই ধ্সর সময়টা সতিত অন্বভব করার মতো। জলমাকড়সার অবিশ্বাস্য গতিতে ছোটাছর্টি, জলজ ফুলের ওপর টুকটুকে প্রজাপতি ও গাঙফড়িংয়ের ওড়াউড়ি, পাখপাখালির ডাক। সব মিলিয়ে জীবজগতের একটা আশ্চর্য স্পান্দন।

হঠাৎ পাশেই খ্ট করে একটা শব্দ। চমকে উঠে দেখি, এক টুকরো ঢিল সদ্য গড়িয়ে পড়ছে। ব্রুকটা ধড়াস করে উঠল। ঝটপট উঠে দাঁড়িয়ে চারপাশে তরতক্র খ্রুলাম। কাউকেও দেখতে পেলাম না। ঢিলটার দিকে তাকিরে চমকে উঠলাম। গাডার দিয়ে ভাঁজ করা একটুকরো কাগজ বাঁধা আছে। কাঁপা- কাঁপা হাতে ক্রিড়য়ে নিলাম। কাগজটার ভাঁজ খ্লে দেখি ডটপেনের লাজ কালিতে লেখা আছে।

Š

ওহে টিকটিকির চেলা! কাল সকালেই কঙ্কগড় ছেড়ে না গেলে মা চণ্ডীকার পায়ে বলি হয়ে যাবে! ব্যুড়ো টিকটিকিকে জানিয়ে দিয়ো! আজ রাতে প্রেতান্থা পাঠিয়ে আগাম সঙ্কেত দেব। সাবধান!

হাতের লেখা আঁকাবাঁকা, খুদে হরফ। খুব ব্যস্তভাবে লেখা। চিরক্টটা পকেটে ভরে আবার কিছুক্ষণ চারপাশে খুটিয়ে দেখলাম। কেউ কোথাও নেই। বিলের পশ্চিম পাড় এটা। উত্ত-পূর্ব কোণে কংকগড় বসতি এলাকা শ্রে। প্যাণ্টের পকেট থেকে রিভলভারটা বের করে এদিকে ওদিকে নজর রেখে বাংলোর নীচে পেছিলাম। গা ছমছম করছিল অজানা ত্রাসে। লোকটা কি আড়াল থেকে নজর রেখেছে ? আবার কিছুক্ষণ দাঁড়িয়ে থাকার পর রিভলভার পকেটে ঢুকিয়ে দ্রুত বাংলোয় উঠে গেলাম। রঘুলাল আমাকে দেখে স্ইটটিপে বাতিগুলো জেলে দিল। তারপর আমার দিকে তাকিয়ে উবিয় মুখে বলল, "আপনি কি কিছু দেখে ভয় পেয়েছেন সার ?"

র্ক মেজাজে বললাম, "নাহ্। কেন ?"

রহলোল বিনীতস্বরে বলল, "আপনাকে কেমন যেন দেখাচ্ছে।"

"কিছ্ ই দেখাছে না। তুমি শিগগির এক কাপ চা করো।"

কর্নেল ফিরলেন ঘণ্টাখানেক পরে। সহাস্যে বললেন, "রামার গাধাটার সঙ্গে দেখা হয়ে গেল ডালিং! গাধাটার সাহসের প্রশংসা করতে হয়। ওকে বাঝিয়ে বললাম, দ্যাখো বাপা, এত বাড়াবাড়ি ভাল নয়! গাধাবলির বিধান শাস্তে আছে বলে শানিনি। তবে বলা যায় না।"

আন্তে বল্লাম, "ব্যাপারটা রসিকতা করার মতো নয়। রীতিমত বিপক্জনক। এই দেখন।"

কর্নেল চিঠিটা পড়ে নিয়ে বললেন, "কোথায় পেলে ?"

ঘটনাটা বললাম। শোনার পর কর্নেল একটু ব্যাজার মুথে বললেন, "লোকটা আমাকে টিকটিক বলেছে, এটাই আমার সক্ষে যথেন্ট অপমানজনক। তুমি তো জানো জয়স্ত, টিকটিকি কথাটা এসেছে ডিটেকটিভ থেকে। আমিলোকদের বোঝাতে পারি না, আমি ডিটেকটিভ নই এবং কথাটা আদতে গালাগাল।"

"আজ রাতে ভূত পাঠাবে বলে শাসিয়েছেও।"

"তা একটা কেন, একশোটা পাঠাক। কিন্তু টিকটিকি দছে!" বলে কর্নেল হকিলেন, "রদ্মলাল!"

রঘুলাল কিচেন থেকে ট্রেতে কফির পট, পেয়ালা সাজিয়ে এনে টেবিলে

রাথল। সেলাম দিয়ে বলল, "কর্নেলসাবকে আসতে দেখেই আমি কফি বানাতে গিয়েছিলাম।"

কর্নেল চোখে কৌতুক ুটিয়ে বললেন, "খবর পেয়েছি, আজ রাতে এ-বাংলোয় ভূত এসে হানা দেবে। তৈরি থেকো রঘ্নোল।"

রঘ্নাল কাঁচুমাচু হাসল। "কর্নেলসাব থাকতে ভূতপেরেত ডাকবাংলোর কাছ ঘেঁষতে সাহস পাবে না। কিন্তু সার, একটু আগে আমার মেয়ে প্নারি এসেছিল। বলল, ওর মায়ের খ্ব জরে। আমি ওকে ডাক্টারবাব্র কাছে যেতে বললাম। তো…"

কর্নেল হাত তুলে বললেন, "না, না! তুমি বাড়ি চলে যেয়ো। রাতের খাবারটা বরং এখনই তৈরি করে রাখো। আমরা খেয়ে নেবখ'ন।"

রঘ্লাল হন্তদন্ত কিচেনের দিকে চলে গেল। বললাম, "রঘ্লাল আসলে কেটে পড়তে চাইছে। ওর মেয়ের এসে মায়ের জনরের খবর দেওয়াটা প্রেফ মিথ্যা।"

"কেন বলো তো ?"

"ওর মেয়ে এলে টের পেতাম।"

"তুমি কিছ্ই টের পাও না, জয়ন্ত!" কনে ল হাসলেন। তারপর টেবিলে রাথা বাইনোকুলারটি দেখিয়ে বললেন, "এই যন্ত্রচোথ দিয়ে ফুকপরা একটি বাচা মেরেকে বাংলোর লনে আমি দেখেছি। অবশ্য তোমাকে দেখতে পাইনি। কারণ বাংলোটা উহুতে। তুমি নীচে ঝিলের ধারে ছিলে। ওথানে বথেন্ট ঝোপঝাড়। তবে তোমার সাবধান হওয়া উচিত ছিল। তান্ত্রিক হরনাথের প্রেতান্মা ধারালোন খাঁড়া হাতে ঘুরে বেড়াচ্ছে।"

কর্নেল কফি শেষ করে ঘরে চ্কুলেন। সত্যি বলতে কি, একা বারাণ্দায় বসে থাকতে কেমন অন্বস্থি হচিছল। ঘরে চ্কুকে দেখি, কর্নেল টেবিলবাতির আলায়ে একগোছা অর্কিড খ্রিটিয়ে দেখছেন। বোঝা গেল, জঙ্গলে কোথাও সংগ্রহ করেছেন। আমাকে সেই অর্কিডটার বৈশিষ্ট্য বোঝাতে শ্রেন্ করলে বললাম, "ওসব পরে শ্রন্ব। রঘ্নলালের কাছে কিছ্ন তথ্য জোগাড় করেছি। অর্কিডের চেয়ে সেগ্লো দামি।"

"কী তথ্য ?"

"শচীনবাব ছেলেন ম্যাজিশিয়ান। আর জগাই ছিল শ্মশানের ।।"

"হ্র্, ম্যাজিশিয়ানদের বলা হয় জাদ্বর । জাদ্বর সঙ্গে নাকি তন্ত্রমণ্তের সম্পর্ক আছে । আবার তন্ত্রমণ্তের সঙ্গে তান্ত্রিক এবং তান্ত্রিকের সঙ্গে মমানের সম্পর্ক আছে । কাজেই তোমার তথ্য বেশ গ্রুর্ভগ্র্ণ । কিন্তু শাস্ত্রীমশাই, মানে দিপ্র বাবার কাছে সে-খবর কলকাতায় বসেই পেয়ে গেছি ।"

চাপা গলায় বললাম, "যা-ই বলনে, এই রঘনাল লোকটিকে আমার পছন্দ

হচ্ছে না। খ্ব ধ্রত ! আমাকে ভয় দেখাচিছেল। তা ছাড়া ঝিলের ঘাট থেকে বাংলােয় ফেরার সময় কী করে ও টের পেল আমি সত্যি সত্যিই ভয় পেরেছি ? বলল, আপনি কি ভয় পেরেছেন ? আপনাকে কেমন যেন দেখাচেছ · · ।"

"তোমাকে এখনও কেনন যেন দেখাচেছ, ডালিং।" কর্নেল মনুচকি হেসে বললেন। "ভূতপ্রেতে বিশ্বাস করে না যারা, ভূতপ্রেতের ভর তাদেরই বেশি। বিশেষ করে ভূতের চিঠি ভূতের চেয়ে সাংঘাতিক।"

চটে গিয়ে বললাম, "ভূতপ্রেত হ্মিক দিয়ে চিঠিটা লেখেনি। লিখেছে কোনও মানুষ।"

''হ‡, মানুষ। সেই মানুষকে সম্ভবত তান্ত্রিক আদিনাথের ভূত ভর করেছে।"

রসিকতা শোনার মেজাজ ছিল না। তবে বরাবর এটা লক্ষ্য করেছি, রহস্য যত জটিল এবং সাংঘাতিক হয়, আমার বৃদ্ধ বন্ধন্টিকে রসিকতা তত বেশি তুতের মতো ভয় করে। বিছানায় গিয়ে হাত-পা ছড়িয়ে দিলাম। ট্রেন আর বাসজানির ধকল এতক্ষণে পেয়ে বসেছিল। একটু পরে লক্ষ করলাম, কর্নেল পকেট থেকে একট্করো ভাঙা চার্কতির মতো কী একটা ছোট্ট জিনিস বের করলেন। তারপর কিটব্যাগ থেকে খুদে একটা ব্রাশ আর লোশনের শিশিও বেরোতে দেখলাম। চার্কতিটার আধখানা চাঁদের মতো গড়ন। লোশনে রাশ চ্বিয়ে ঘংতে থাকলেন কর্নেল। জিজ্জেস করলাম, "জঙ্গলে মোহর কুড়িয়ে পেয়েছেন বৃন্ধি।"

কর্নেল আনমনে বললেন, "মোহরের ভাঙা টুকরো বলতেও পারো! তবে সোনার নয়। সেকেলে মুদ্রাও নয়। কী সব খোদাইকরা সিলের টুকরো। কাদা ধ্রে ফেলেও কিছু ব্রুতে পারিনি। দেখা যাক।"

কিছ্মুক্ষণ পরে রঘ্কালের সাড়া পাওয়া গেল। ওর হাতে টর্চ আর লাঠি দেখলাম। দরজায় দাঁড়িয়ে বলল, "সব রেডি রইল সার! কিচেনঘরের চাবিটা দিয়ে যাচিছ। আমি ভোর ছ'টায় এসে যাব।"

কর্নেলের ইশারায় ওর হাত থেকে কিচেনের চাবি নিয়ে এলাম। ও চলে গোল। কর্নেল ভাঙা সিলটা আতশ কাচে দেখতে থাকলেন। জিজ্জেস করলাম, "গন্পুযুগের সিল নাকি ?"

"কী ? গ্রেখ্যুগ ?" কর্নেল নিমুম সন্ধ্যারাতের প্রনো ডাকবাংলোর স্তব্য ভাঙচুর করে অটুহাসি হাসলেন। "হ্র, ওই এক প্রাতাত্ত্বিক বাতিক জয়ন্ত ! মাটির ভলায় কিছ্ম পাওয়া গেলেই সটান গ্রেখ্যুগ। তার আগে বা পরে নয়! তবে এটাই আশ্চর্য! এটা প্ররো একটা সিলের আধ্থানা মাত্র। সিলটা আধ্থানা কেন, এটাই প্রশ্ন।"

এই সময় আচমকা বাংলোর আলো নিভে গেল। কর্নেল তখনই টর্চ জেনের বললেন, "ফায়ারপ্লেসের ওপর থেকে হারিকেনটা এনে জেনেল দাও জরন্ত! লোডশেডিং প্রেতান্মাকে বাংলোয় আসার সনুযোগ করে দিতে পারে। কুইক!" তার কঠেন্বরে ন্বভাবসিদ্ধ কৌতুক। কিন্তু আমার গা ছমছম করতে লাগল।

ইংরেজ আমলের বাংলো। কাজেই ফায়ারপ্রেস আছে। ঝটপট হারিকেন জেনলে এনে টেবিলে রাখলাম। দরজা বন্ধ করতে যাচ্ছিলাম। কর্নেল বললেন, "চলো! বরং বারান্দায় বসে জ্যোৎস্নায় প্রকৃতিদর্শন করা যাক।"

বেরিয়ে গিয়ে দেখি স্কুদর জ্যোৎয়া ছড়িয়ে আছে। কিলের জল কিলমিল করছে। গাছপালা তোলপাড় করে বাতাস বইছে। সেই অস্বস্থিকর অন্তুতি আবার ফিরে এল। ভয়ের চোথে এদিকে ওদিকে তাকাচিছলাম। হাতে টর্চ এবং পকেটে রিভলবার তৈরি। আস্তে বললাম, "সতিত লোডদেডিং, নাকি কেউ মেইন স্কুইচ অফ করেছে দেখে আসা উচিত। কারণ ওই তো দ্রে আলো দেখা যাচেছ।"

কর্নেল বললেন, "ছেড়ে দাও! জ্যোৎস্নায় পর্রনো প্থিবীকে ফিরে পাওয়া যায়। তাছাড়া জ্যোৎস্নার একটা নিজন্ব সৌন্দর্যও আছে। কোন কবি যেন লিথেছিলেন, "এমন চাঁদের আলো / মরি যদি সেত্ত ভাল / সে মরণ ন্বরগ্রসমান।"

বিরম্ভ হয়ে বল্লাম, "মৃত্যুটা প্রেতাত্মার হাতে হওয়া বন্ধ অপমানজনক। আমরা মান্য ।"

"ডালি"! তা হলে দেখছি এই আদিম পরিবেশ তোমাকে প্রেতাত্মায় বিশ্বাসী করতে পেরেছে।"

"বোগাস! আসলে আমি বলতে চাইছি…"

"বলার আগে দেখে নাও। ওই দ্যাখো, ডান দিকে ঝোপের আড়ালে প্রেতাত্মা উ<sup>\*</sup>কি দিচ্ছে!"

ভ্যাবাচাকা থেয়ে সেইদিকে টর্চের আলো ফেললাম। কয়েক সেকেন্ডের জন্য বোধবিন্দি হারিয়ে গেল। দক্ষিণ পশ্চিমের ঢালের মাথায় উ চু ঝোপজঙ্গল। একথানে ঝোপ থেকে মুখ বের করে আছে সত্যিই একটা কঙকাল। খ্রাল থেকে কাঁধ অর্বাধ দেখা যাচেছ।

সঙ্গে-সঙ্গে টর্চ টেবিলে রেখে রিভলবার বের করে ছ‡ড়লাম। কর্নেল আমার কাঁধ ধরে নাড়া দিলেন। ''জয়ন্ত! জয়ন্ত! করছ কী ?''

এবার টর্চ দ্বেলে দেখি কঞ্চাল অদ্শা। উর্ত্তোজতভাবে বললাম, "অবিশ্বাস্যা! অসম্ভব!"

কর্নেল উঠে দাঁড়িয়ে চাপা স্বরে বললেন, "সব ভেন্তে দিলে তুমি! আমাদের কাছে ফায়ার আর্মস আছে জেনে গেল প্রেতাত্মাটা। এবার ও খুব সাবধান হয়ে যাবে।"

বলে কর্নেল টর্চের আলো ফেলতে-ফেলতে ঝোপটার দিকে এগিয়ে গেলেন। ভেতরে দুকে কিছ্মুক্ষণ চার্রাদকে আলো ফেলে তক্সতন্ত্র খাঁকে ফিরে এলেন। একটু হেসে বললেন, "যা ভেবেছি তা-ই। একটা কথা বলি, ডালিং! এখানে কোথাও যা কিছ্মু ঘটুক, কথনও মাথা খারাপ করে ফেলবে না। বিশেষ করে গ্র্লি ছেড্টাটা চলবে না।"

চটে গিয়ে বললাম, "বলি দিলেও চুপচাপ থাকব ?"

"তোমাকে বলি দিয়ে ওর লাভ হবে না।"

"আপনাকে যদি চোখের সামনে বলি দেয়, চুপচাপ দাঁড়িয়ে দেখব ?"

কর্নেল বারা দায় বসে চুর্ট জেবলে বললেন, "আমাকে বলি দেওয়ার সাহস প্রর হবে না। কারণ আমার মনে হচ্ছে, ও আমাকে ভালই চেনে। কংকগড়ে আনি তো এই প্রথম আসছি না।"

হে য়ালি করা কর্নেলের এক বিরম্ভিকর অভ্যাস। তাই চুপ করে গেলাম। একটু পরে নীচের দিকে গোটরসাইকেলের শব্দ শোনা গেল। আলোর ঝলকানি দেখা যাচছিল। গেটের নীচের রাস্ভায় এসে মোটরসাইকেলটা থামল। তারপর টচেরি আলোয় দীপককে আসতে দেখলাম।

তার হাতেও টের্চ ছিল। বারান্দায় এসে বলল, "আলো নেই কেন কনেলি শু সাকিটি হাউসে আলো দেখে এলান। ওথানে আলো থাকলে এখানেও থাকার কথা।"

"সম্ভবত প্রেতাঝা নেইন সাইও অফ করে দিয়ে গেছে।" করেলি হাসতে-হাসতে বললেন। "দিক না। জ্যোৎসা আজকাল দালভি হয়ে উঠেছে। যাই হোক, আমরা এখানে উঠেছি কী করে জানলে ?"

দীপক হাসল। "কিছ্মণ আগে রাম্পাগলা—মানে সেই রাম্বাবার কাছে গিয়েছিল। বিকেলে ঝিলের জন্সলে ওর গাধার থোঁজে গিয়ে নাকি আড়াল থেকে দেখেছে, এক দাড়িওয়ালা সায়েব-ভূত ওর গাধার সঙ্গে কথা বলছেন। দেখেই সে পালিয়ে এসেছে। আপনি তো শ্নেছেন, বাবার কোবরেজি বাতিক আছে। রাম্কে রোজ সাজ্যাতিক-সাজ্যাতিক কী সব পাচন গেলাছেছন। রাম্ব লক্ষ্মীছেলের মতো রোজ তিনবেলা বাবার কাছে পাচন গিলতে যায়। তো বাবা আমাকে থোঁজ নিতে বললেন, আপনি এই ডাকবাংলায় উঠেছেন কি না। কারণ এই বাংলোটা ঝিল আর জন্সলের কাছেই।"

"আমাদের হালদারমশাইয়ের খবর কী ১"

''ওঁকে নিয়ে প্রবলেম। সকালে ব্রেক্ফাস্ট করে বেরিয়েছেন, এখনও ফেরেননি। গতকালও তা-ই। রাত দুপনুরে ফিরেছিলেন। আজ কখন ফেরেন কে জানে ?'' "কতদ্রে এগোলেন, কিছ্ব বলেছেন তোমাকে ?"

"ঠাক্রদার জ্যাঠামশাইয়ের খ্রাল কোথায় পোঁতা ছিল, সেই জানগাটা নাকি খ্রাজ পেরেছেন। কিন্তু আপাতত আমাকে জারগাটা দেখাতে চান না। ব্যাসময়ে দেখাবেন। দ্যাটস্মাচ।" দীপক উঠে দাঁড়াল। "মেইন স্বইচটা দেখে আসি। এভাবে বসে থাকার মানে হয় না!"

"থাক দিপন্। পরে আলো জনলা হবে। তুমি গিয়ে দ্যাথো, হালদারমশাই ফিরলেন কিনা। ওঁর জন্য একটু চিন্তা হচ্ছে। গোয়েন্দা হিসাবে পাকা। পর্লশের প্রান্তন দারোগা। দর্দ্ধি সাহসী। তবে বন্ধ হঠকারী মান্য। আর শোনো, আমার সঙ্গে প্রকাশো যোগাযোগ কোরো না। দরকার হলে আমিই করব। বাবাকে বোলো, আমরা খাসা আছি। প্রেতান্মা-দর্শনেরও সোভাগ্য হয়েছে।

দীপক চমকে উঠল, "মাই গাড়েনেস! প্রেতাত্মা মানে ?" "ভূত। দিপা, তুমি এখনই কেটে পড়ো।" দীপক হেসে ফেলল। তারপর, "ঠিক আছে, চলি।" বলে চলে গেল।

### 11 9 11

কিচেনের পাশে নেইন স্ইচ সাত্য নামানো ছিল। আমার সন্দেহ রঘ্নালই কাজটা করেছে। কিন্তু কর্নেল তা মানতে রাজি নন। রঘ্নাল তাঁর ঢেনা লোক। অমন বিশ্বাসী লোক নাকি তিনি জীবনে দেখেননি। দ্বর্শভ প্রজাতির পাথি, প্রজাপতি, অকিডের থোঁজে বহুবার কঙকগড়ে এসেছেন। রঘ্নাল তাঁর সেবায়ধ্বের ত্রি করেনি। তাঁর সঙ্গী হয়েও ঘ্রেছে।

তবে লোকটি পাকা রাঁধননি, স্বীকার না করে পারলাম না। খাওয়ার পর বারান্দায় কিছনুক্ষণ গলপসলপ করে যখন শনুয়ে পড়লাম, তখন রাত প্রায় দশটা বাজে। আমার ঘনুম আসছিল না। কর্নেলা কিন্তু দিব্যি নাক ডাকিয়ে ঘনুমোচ্ছেন। জানালার দিকে তাকাতে আমার ভয় করছে। এই বনুঝি তানিত্রক আদিনাথের কঞ্কাল এসে উনক দেবে!

কথন ঘ্রাময়ে পড়েছিলাম। হঠাৎ কনেলের ডাকে ঘ্রম ভেঙে গেল। চাপা স্বরে বললেন, 'উঠে পড়ো ডার্লি'! শিগগির!"

ধড়মড় করে উঠে বসে বললাম "সকাল হয়ে গেল নাকি ?"

''নাহ্। রাত দেড়টা বাজে! এখনই বেরিয়ে পড়া দরকার। ওঠো, ওঠো !'' ''কোথায় গু''

''বাইরে গিয়ে দ্যাথো। তা হলেই ব্রুঝতে পারবে।'' দরজা কর্নে'লই খ্রুলে রেখেছেন। বাংলোর লনে আলো পড়েছে! তার ওধারে আদিম প্রকৃতি। বিলের দক্ষিণে জঙ্গলের ভেত্র একটা আলো চোখে পড়ল। আলোটা নড়াচড়া করছে। বললাম, "দীপক এই আলোর কথাই বলেছিল তা হলে।"

কর্নেল বললেন, "হাঁর সেই আলো। ঝটপট রেডি হয়ে নাও। টর্চ, ফায়ার আর্মাস সঙ্গে নেবে। কিন্তু সাবধান! আলো জ্বালবে না বা মাথা খারাপ করে গ্রুলি ছাঁড়বে না।"

কর্নেল তৈরী হয়েই ছিলেন। আমি তৈরী হয়ে বেরোলে দরজায় তালা এটি দিলেন। তারপর দ্বলৈনে গেট পেরিয়ে সিগড়ি দিয়ে নীচে রাস্তায় নামলাম। এবার কর্নেল, আগে, আমি পেছনে। বনবাদাড় ভেঙে কর্নেল হাঁটছেন। আমি ওকে অন্বসরণ করে চলেছি। জ্যোৎসনার জন্য জঙ্গলের ভেতরটা মোটামন্টি স্পন্ট। কোথাও চকরাবকরা, কোথাও ঘন ছায়া। শনশন করে বাতাস বইছে। কর্নেল যেভাবে এগিয়ে যাচ্ছেন, ব্বত পারলাম, এই জঙ্গলের অন্ধ্যিনিধ ওঁর পরিচিত। সেই আলোটা কথনো-কথনো আড়ালে পড়ে যাছে। আলোটা জ্বলছে ঝিলের দক্ষিণ-পর্বে কোণে।

প্রায় মিনিট পনেরো পরে আমরা যেখানে পে ছিলাম, সেখানে একটা ধ্বংসম্পুপ। কর্নেল গ্রন্থি মেরে দ্বটো জঙ্গলে-ঢাকা স্তুপের মাঝ্খান দিয়ে এগোলেন। ফিসফিস করে বললেন, "চুপচাপ এসো। টু শশ্দিট নয়।"

খানিকটা এগিয়ে একটা উ<sup>\*</sup>চু প্রকাণ্ড বটগাছের তলায় গেলাম দ্বজনে। প্রকাণ্ড সব ঝ্বির নেমেছে বটগাছটার। একটা ঝ্বির আড়ালে কর্নেল বসে পড়লেন। আমিও বসলাম। সামনে খানিকটা ফাঁকা জায়গা। সেথানেই একটা মশাল মাটিতে পোঁতা আছে। দাউদাউ জব্লছে।

আর মশালের পাশে দাঁড়িয়ে বিকট অঙ্গভঙ্গি করছে সেই নরকংকালটা।
মশালের পেছনে একটা পাথনুরে দেওয়াল। দেওয়ালে কংকালটার ছায়াও
নড়ছে। নিজের চোথকে বিশ্বাস করা কঠিন, এ এমন একটা দুশ্যে।

সবচেয়ে ভয়ংকর ব্যাপার, কংকালের দ্ব' হাতের ম্বঠোয় একটা চকচকে খাঁড়া।
একটু তফাতে একটা হাড়িকাঠ পোঁতা আছে। তার পাশে একটা লোক আণ্টেপ্রতেঠ বাঁধা অবস্থায় পড়ে আছে। কংকালটা খাঁড়া নাচিয়ে খ্যানখেনে গলায় বলে
উঠল, "এখনও বলছি ওটা কোথায় আছে বল। না বললেই বলি হয়ে যাবি।

विष्य लाक्या भी-भी करत की वलात रुखा कतल। भारत ना।

ক ক কালটা হ্ব কার দিল। "ন্যাকামি হচ্ছে ? তুই আমার খ্বলির সমাধি খ্বিছেস। তুই, তুই ওটা পেয়েছিস। দে বলছি !"

বিন্দ লোকটা আবার গোঁ-গোঁ করে উঠল। তথন কংকালটা এক পা বাড়িয়ে। খাঁড়া তুলে তেমনই খ্যানথেনে গলায় বলে উঠল, "তবে মর!"

এর পর আমার মাথার ঠিক রইল না। কর্নেলের নিষেধ ভুলে গেলাম।.

চোখের সামনে নরবলি হবে! আন্ত একটা ভূত মান্বের গলায় কোপ বসাবে। এ সহ্য করা যায়? একলাফে বেরিয়ে গিয়ে রিভলবার ভূলে গর্জে উঠলাম, "নিকুচি করেছে ব্যটাচ্ছেলে ভূতের!"

অমনই কঞ্চালটা শ্নো ভেসে পেছনের পাঁচিলের আড়ালে অদ্শ্য হয়ে গেল। তাড়া করতে যাচিছ, কর্নেল ডাকলেন, "জয়ন্ত! জয়ন্ত! কী পাগলামি করছ ?" খাপা হয়ে বললাম, "পাগলামি আমি করছি না আপনি ? চোখের সামনে একটা মানুষকে একটা ভূত ব্যাটাচেছলে বলি দেবে…"

কর্নেল অটুহাসি হাসলেন। "প্রেতাত্মার পেছনে তাড়া করে লাভ নেই, ডার্লিং! বরং এসো হালদারমশাইয়ের বাঁধন খুলে দিই।"

व्याकाम त्थरक भर्फ वननाम, "जीन दानमात्रममादे ? की मर्वनाम !"

কর্নেল মশালটা উপড়ে এনে বিন্দ হালদারমশাইয়ের কাছে প্রতলেন। মশালটা তৈরী করা হয়েছে একটা ত্রিশ্লেন। টঠের আলায় গোয়েন্দা ভদ্রলোকের দর্দশা দেখে কন্ট হল। দড়ির বাঁধন খ্লেল দেওয়ার পর উনি ভড়াক করে উঠে দাঁড়ালেন। খি-খি করে একচোট হেসে বললেন, "বলি দিত না। ভয় দ্যাথাইতাছিল।"

কর্নেল টর্চের আলো জেবলে সেই ভাঙা দেওয়ালের কাছে কিছ্ তদন্ত করতে গেলেন। আমি বললাম, "হালদারমশাই! কন্ধালটার হাতে খাঁড়া ছিল। সে সতি্য আপনার গলায় কোপ বসাতে বাচ্ছিল।"

"ক্বী ? কণ্কাল ? হালদারমশাই পোশাক থেকে ধ্বলো ঝাড়তে-ঝাড়তে বললেন। "কই কণ্কাল ? কোথায় কণ্কাল ? কোথায় দেখলেন ?"

গোয়েন্দা ভদ্রলোক বাধা দিয়ে বললেন, "নাহ্। একজন সাধ্বাবা। কাপালিক কইতে পারেন। তারে ফলো করে আসছিলাম। হঠাৎ সে গাছের উপর থেকে জাম্প দিল। ওঃ! কী সাংঘাতিক জোর তার গায়ে মশাই!"

"কিশ্তু আমরা দেখলাম একটা কঞ্কাল খাঁড়া হাতে আপনাকে শাসাচেছ।"

"ভূল দ্যাথছেন !" বলে হালদারমশাই প্যাণ্টের পকেটে হাত ঢোকালেন। আবার একচোট হেসে বললেন, "আমার ফায়ার আর্মাস আছে টের পাই নাই।"

"তা হলে কোন কজ্কাল আপনি দেখেননি ?"

"নাহ; ।"

"िकन्ठू সে আপনার সঙ্গে কথা বলছিল। गाসাচ্ছিল।"

"কাপালিক! কাপালিক!"

কর্নেল এসে বললেন, "কঙকালটাকে হালদারমশাই দেখতে পাননি। কারণ ওঁকে ওপাশে কাত করে ফেলে রেখেছিল। উনি ভাবছিলেন, ষে-কাপালিক ওঁকে ধরেছে, সে-ই কথা বলছে।" হালদারমশাই নিস্যির কোটো বের করে নিস্য নিজেন। তারপর বললেন, "কর্নেল সার! জয়ন্তবাব কব্লালের কথা বলছেন। কিছ বন্ধতে পারতাছি না। আপনি বন্ধাইয়া দেন, এখানে স্কেলিটন আইল ক্যামনে ?"

"পরে বৃথিয়ে দেব। এদিকটায় ঝিলের একটা ঘাট আছে। চল্বন ঝিলের জলে, ঘাড়ে আর চোখেম্থে জলের ঝাপটা দেবেন। ত্তেন ঝরঝরে হয়ে যাবে।"

কর্নেল মশালটা মাটিতে ঘষটে নেভালেন। তারপর ধ্বংসম্পুপের ভেতর দিয়ে পথ দেখিয়ে নিয়ে গেলেন। এখানেও একটা ভাঙাচোরা পাথ্বরে ঘাট। হালদারমশাই রগড়ে হাত-মূখ ধ্বলেন। কাঁধে জলের ঝাপটা দিলেন। তারপর বললেন, "ওই যাঃ! হোয়ার আর মাই শ্বল ? আনত মাই টর্চ ?"

কর্নেল হাসলেন। "দেখলেন তো ? জল আপনার রেন কেমন চাঙ্গা করে দিয়েছে।"

হালদারমশাইয়ের জনতো দন্টো ওপাশে একটি ভাঙা মন্দিরের তলায় অনেক খোঁজার পর পাওয়া গেল। কিন্তু টর্চটা পাওয়া গেল না। এদিকটায় একসময় দালানকোটা ছিল বোঝা যাছে। কর্নেলকে জিজ্ঞেস করলে বললেন, "হঁটা। এখানেই কংকগড়ের রাজধানী ছিল। এখন জঙ্গল। মন্থল আমলের একটা গড়ও ছিল। সেটা এই জঙ্গলের দক্ষিণ-পশ্চিমে। এখন একটা ঢিবিনাত্র। যাই হোক, আর এখানে নয়। বাংলায় ফেরা যাক।"

হালদারমশাই শ্বাস ছেড়ে বললেন, "টেচটো গেল। কাপালিকেরই কাজ।"
কনেলি বললেন, "কাপালিক আপনার টেচ কুড়নোর সময় পায়নি। কাল
সকালে এসে বরং ভাল করে খ্রুজবেন।"

আমর। কয়েক পা এগিরেছি, হঠাৎ পেছন থেকে একঝলক টর্চের আলো এসে পড়ল। তারপর দীপকের সাড়া পেলাম। "কর্নেল! আমি দিপনু।"

হালদারমশাই ঘ্রের দাঁড়িয়ে সহাস্যে বললেন, "এসো ভাগনে ! এসো, মামা ভাগনে একসঙ্গে বাড়ি ফিরব।"

দীপক প্রায় দোড়ে এল। উত্তেজিতভাবে বলল, "জঙ্গলে আলো দেখতে পেয়েছিলাম কিছ্মুক্তণ আগে। তাই বেরিয়ে পড়েছিলাম। জঙ্গলে চ্ফুকতে যাচ্ছি, হঠাং একটা বিকট হাসি শ্নলাম। টর্চ জেবলে দেখি…"

কর্নেল বলে উঠলেন, "কৎকাল ?"

"হঁটা! আন্ত কংকাল।" দীপকের হাতে একটা বল্লন দেখা গেল। সেটা তুলে সে বলল, "বল্লমটা তাক করতেই কংকালটা ভ্যানিশ! নিজের চোথকে বিশ্বাস করতে পারছি না কনেল। তবে আমি মরিয়া হয়ে উঠেছিলাম। কী করা উচিত ভাবছি, সেই সময় বিংলের ঘাটে টর্চের আলো চোখে পড়ল। আপনাদের কথাবার্তা শন্নতে পেলাম। আলোটা দেখেই কি আপনারাও এখানে এসেছিলেন ?"

"হাঁয়।" কনেলি বললেন। "এবং আমরাও কজ্কালটাকে দেখেছি।" হালদারমশাই জারে মাথা নেড়ে বললেন, "আমি দেখি নাই। আমি একজন কাপালিক দেখেছি। তারে ফলো করছিলাম।"

দীপক বলল, "কাপালিক! বলেন কী মামাবাব, ?"

"হঃ! কাল রাত্রেও তারে ফলো করছিলাম। চডাীর মন্দিরের ওথানে বিশ্লে দিয়ে মাটি খাড়ছিল। আমার সাড়া পেয়ে পালিয়ে গেল। আবার আজও বহুক্ষণ ওত পেতে থেকে তারে দেখলাম। আজ আর মাটি খাড়ছিল না। তার পিঠে একটা বাঁচকা বাঁধা ছিল।" বলে হালদারমশাই কর্নেলের দিকে ঘ্রলেন। "বোঁচকাটা গেল কই ?" বোঁচকা লইয়া দোড়ানো সহজ নয়। বোঁচকায় কী থাকতে পারে বলান তো ক্রেলিসাব ?"

কনেলি বললেন, "কঃকাল থাকতেও পারে।"

দীপক বলল, "তা হলে ওটা কি ঠাকুরদার জ্যাঠামশাইয়ের সেই কঞ্চাল ?" করেল বললেন, "কিছ্ব বলা যায় না! তবে আর এখানে নয়। বাংলোয় ফেরা যাক। দিপ্র তুমিও এসো। মামাবাব্রের সঙ্গে বাড়ি ফিরবে।"

দীপক পা বাড়িয়ে নার্ভাস হেসে বলল, "ঠাকুরদার লেখা বইটার কথা তা হলে সতিয় ? কিংতু কে ওই কাপালিক ?"

আমি বললাম, "দে-যে-ই হোক, আপনাদের পাতালঘর থেকে সে কৎকাল চুরি করেছে। এবং কোথায় খুনিল পোঁতা ছিল তাও আবিৎকার করেছে। তারপর ধড়ের সঙ্গে মনুণ্ড জনুড়েছে। প্রেতান্মায় বিশ্বাস করি বা না করি, এই ব্যাপারটা বোঝা যাছেছ।"

হালদারমশাই আনমনে বললেন, "আমি কন্ধাল দেখলাম না ক্যান ?" বললান, 'চোখে দেখেননি। তার বিদ্যুটে কথাবার্তা কানে তো শা্নেছেন।" "হঃ।" বলে গা্ম হয়ে গোলেন গোয়েশ্যে ভদুলোক।

ভাকবাংলোয় আবার আলো নেই। তার চেয়ে অশ্ভুত ব্যাপার, আমাদের ঘরের দরজার তালা ভাঙা। কিচেনের দিকে গিয়ে দেখি, মেন স্টুচ আগের মতো অফ করা আছে। অন করে দিলাম। আলো জ্বলে উঠল। ঘরে ফিরে এসে দেখলাম, লংভভণ্ড অবস্থা। কর্নেল তাঁর কিট্ব্যাগ গোছাচেছন। হালদারমশাই বিভৃবিড় করছেন, "চোর! চোর! কাপালিক না, চোর!"

দীপক আর আমি ওলটপালট বিছানা দ্বটো ঠিকঠাক করে ফেললাম। আমার ব্যাগের জিনিসপত্র থেঝেয় ছত্রখান হয়ে পড়েছিল। গুর্ছিয়ে নিলাম।

কর্নেল একটু হেসে বললেন, "চোর বন্ধ বোকা। তার এটুকু বোঝা উচিত ছিল, যা সে খ্রিতে এসেছে, তা বাংলোয রেথে যাওয়ার পাত্র আমি নই। আসলে প্রথমে সে ধরেই নিয়েছিল জিনিসটা হালদারমশাইয়ের কাছে আছে। তাই তাঁকে বলিদানের ভয় দেখাদিছল। আমরা গিয়ে পড়ার পর সে পালিক্সে গোল। কিন্তু তার মাথায় তখন খটকা বেধেছে। বলিদানের হ্রমকিতেও যখন জিনিসটা পাওয়া গেল না তখন ওটা নিন্চয় হালদারমশাইয়ের কাছে নেই। সম্ভবত আমার কাছেই আছে। অতএব আমাদের অনুপশ্ছিতির সুযোগে সে বাংলোয় এসে হানা দিরেছিল।"

কর্নেল মেঝের দিকে তাকালেন। "থালি পায়ে এসেছিল চার। লাল স্ক্রকির স্পন্ট ছাপ পড়েছে। হ্র, একটুখানি জলকাদা ভেঙেই- মানে শর্টকাটে এসেছিল সে। যাই হোক, রাত তিনটে বাজে প্রায়। জয়য়, তুমি কিচেনে গিয়ে কেরোসিন কুকার জেবলে, প্রিজ, একপট কফি করে ফেলো! কফি! কফি এখন খন্নই দরকার।

দীপক বলল, "চলনে জয়ন্তদা। আমি আপনাকে হেল্প করছি।"

রঘুলাল কাজের লোক। কিচেনে সব কিছ্ ঠিকঠাক রেখে গিয়েছিল। কিফ তৈরির কাজটা আমিই করলাম। দীপক প্রহরীর মতো বলম আর টর্চ হাতে দাঁড়িয়ে রইল। তার ভাবভঙ্গিতে বোঝা যাচ্ছিল, যে ভীষণ ভয় পেয়েছে। পাওয়ারই কথা। ভয় কি আমিও পাইনি ? এই চমচিক্ষে জ্যান্ত কন্ধাল দর্শন আর তার বিকট খ্যানখেনে গলায় কথাবার্তা শোনা জীবনে একটা সাংঘাতিক অভিজ্ঞতা। কর্নেল ঠিকই বলেন, 'প্রকৃতির রহস্যের শেষ নেই। সভ্যতার আলোর তলায় আদিম রহস্যে ভরা অন্ধকার থেকে গেছে।

কৃষ্ণি করতে করতে হালদারমশাইয়ের দুর্দৃশার বিবরণ দিলাম দীপকবাব কে।
দীপক হাসবার চেণ্টা করে বলল, "ডিটেক্টিভ ভদুলোকের মাথায় ছিট আছে।"
বললাম, "কর্নেলের মাথাতেও কম ছিট নেই।"

ট্রেতে কফির পট আর পেয়ালা সাজিয়ে নিয়ে এলাম। দীপক কিচেনে তালা এটি দিল। ঘরে ত্কে দেখি হালদারমশাই চাপা গলায় কর্নেলকে তাঁর তদভ রিপোর্ট দিচেছন।

কৃষ্ণি খেতে-খেতে ক্রমশ চাঙ্গা হচিছলেন প্রাইভেট ডিটেক্টিভ। প্যান্ট-শার্টে লালচে দাগড়া-দাগড়া ছোপ। খি-খি করে হেসে বললেন, "কনেলিসার কুইলেন, যে দড়ি দিয়া আমারে বাঁধছিল, তা নাকি রাম্ব ধোপার গাধা বাঁধার দড়ি। ঠিক, ঠিক। তাই তো ভাবছিলাম, কাপালিক দড়ি পাইল কই ?"

রাম এবং তার গাধাকে নিয়ে কর্নেল হালদারমশাইয়ের সঙ্গে কিছ্বেকণ রসিকতার পর হঠাৎ গদ্ভীর হয়ে বললেন, "নাহ্ দিপ্র এবার শ্রুয়ে পড়া উচিত। তোমার মামাবাব্র ওপর বন্ড ধকল গেছে। ওঁর বিশ্রাম দরকার।"

ওঁরা চলে যাওয়ার পর দরজা বন্ধ করে বাতি নিভিয়ে আমরা শ্রে পড়লাম। ক্রেল বললেন, "তা হলে ডালি'ং, তোমাকে যা বলেছিলাম…"

ওঁর কথার ওপর বললাম, "হ"্যা। রহস্য ঘনীভূত। কিণ্তু কংকাল যে

জিনিসটা চাইছিল, সেটা কি ওই চাকতি ?" "হাা। রোঞ্জের সিল।"

"কী আছে ওতে 🖓

কর্নেল সেই ছড়াটা আওড়ালেন ঘ্রমঘ্রম কণ্ঠস্বরে ঃ

আটঘাট বাঁধা বার পনেরো চাঁদা ব্ড়ো শিবের শ্লে আমার মাথা ছ্বলৈ उँ द्वीः क्वीः क्वो কে ছাড়াবে জট ॥

তারপর ওঁর নাক-ডাকা শুরু হল। কয়েকবার ডেকে আর সাড়া পাওয়া গেল না ঘুমোবার চেণ্টা করছিলাম। কিন্তু এমন সাংঘাতিক অভিজ্ঞতার পর ঘুমনো যায় না। বারবার সেই দৃশ্যটা চোথে ভাসছিল। মশালের আলোয় ভাঙা দেওয়ালের ধারে একটা নরকংকাল। দ্ব'হাতে চকচকে খাঁড়া ; তার ওই খ্যানথেনে তাল্ভুত কণ্ঠম্বর।

কেউ ধারা দিচ্ছিল। তড়াক করে উঠে বসলাম। কর্নেলকে দেখতে পেলাম। মাথার টুপিতে শ্কুনো পাতা, মাকড়সার জাল, থড়কুটো আটকে আছে। হাতে প্রজাপতি ধরা নেট-প্লিক। গলায় ক্যামেরা এবং বাইনোকুলার ঝুলছে। বললেন, "দশটা বাজে প্রায়। ব্রেকফান্ট রেডি। রঘুলালকে বলে গিয়েছিলাম, তোমাকে থেন যথেচ্ছ ঘুমোতে দেয়।"

উনি পোশাক বদলাতে ব্যস্ত হলেন। ব্যুবলাম, যথারীতি ভোরবেলা প্রকৃতিজগতে চলে গিয়েছিলেন। তবে অনেক দেরি করেই ফিরেছেন আজ।

কিছ্মুক্ষণ পরে ব্রেকফাস্টে বসে বললাম, "কঞ্কালের ব্যাপারটা ঠিক ব্রুঝতে পার্রাছ না। সত্যিই কি ওটা তান্ত্রিক আদিনাথের কংকাল ?" কর্নেল দাড়ি থেকে একটা পোকা বের করে উড়িয়ে দিলেন। বললেন, "কাল রাতেই একটা বোঝাপড়া হয়ে যেত। কিন্তু তোমার হঠকারিতার জন্যই সব ভেন্তে গেল। তুমি যদি আমার কথা মেনে চুপচাপ থাকতে, আমাকে আর বেশি পরিশ্রম করতে হত না ।"

"কী মুশকিল! ব্যাটাচেছলে হালদারমশাইয়ের গলায় খাঁড়ার কোপ চালাতে যাচ্ছিল যে।" কনেলি আনমনে বললেন, "যা হওয়ার হয়ে গেছে। থেয়ে নিয়ে বেরনো যাক।"

"ওই ভূতুড়ে জঙ্গলে ?"

"नाइः। ध्यभारन।"

ক ক ক লে দশনের পর শমশানযাত্রা। যদিও দিনদ্পরে, ব্যাপারটা বেশ অদ্বান্তকর। কর্নেলের সঙ্গে হাঁটতে-হাঁটতে বনবাদাড় ভেঙে যেখানে পেণিছলাম, সেখানে একটা নদী। নামেই নদী। বালি আর পাথরে ঠাসা অগভীর একটা সোঁতা। একেবেকৈ বির্বাঝিরে একফালি কালো জল অবশ্য বয়ে যাচছে। প্রকাশ্ড একটা বটগাছের তলায় জীণ ক্রেছর। নদীর বালিতে গত খর্ডে তিনটে কাচাবাচ্চা হুল্লোড় করে কী খেলা খেলছে।

কর্নেল ক্রড়েঘরের কাছে গেলেন। এতক্ষণে ওপাশে একটা বাঁশের মাচা দেখতে পেলাম। মাচায় বসে আছে একটা পনেরো-যোলো বছরের ছেলে। কৃষ্টিপাথরে খোদাই করা চেহারা যেন। পরনে হাফপ্যাণ্ট আর ছেঁড়া লাল গেঞ্জি। আমাদের দেখে সে ফ্যালফ্যাল করে তাকিয়ে রইল। কর্নেল মিঠে গলায় বললেন, "কী মনাই ? আমাকে চিনতে পারছ না ? গত বছর তুমি আমাকে জঙ্গলের গাছ থেকে কত অর্কিড পেড়ে দিয়েছিলে, মনে পড়ছে।"

মনাই নামে ছেলেটির মুখে একই হাসি ফুটল। মাচা থেকে নেমে সেলাম দিয়ে বলল, "নদীর ওপারে একটা গাছে দেখেছি সার! লাল-লাল পাতা।"

"তোমার বাবার খবর শ্নে মন খারাপ হয়ে গেছে মনাই !"

মনাইয়ের মুখের খুণি চলে গেল। চোখ নামিয়ে আঙ্বল খ্টতে থাকল। বুঝলাম, মনাই সেই জগাইয়ের ছেলে। তার চোখ ছলছল করছিল।

কর্নেল বললেন, "তোমার মা কোথায় ?"

মনাই আন্তে বলল, "ঘাটোয়ারিবাব্র অফিসে গেছে। বাবার মাইনের টাকা বাকি আছে। বাব্র রোজ ঘোরাচ্ছে মাকে।"

কর্নেল বাঁশের মাচায় সাবধানে বসলেন। প্রনো মাচা ওঁর ভার সইতে পারবে না মনে হচ্ছিল। উনি ইশারায় আমাকে বসতে বললেন। ভয়ে-ভয়ে একপাশে বসলাম। কর্নেল বললেন, "জগাইয়ের এটা আন্ডা দেওয়ার আখড়া ছিল জয়ন্ত! সন্ধ্যেবেলা ওর কাছে কত লোক আন্ডা দিতে আসত। তাই না মনাই ৫"

মনাই মাথা নাড়ল।

"মাঝে-মাঝে সাধ্সন্ধ্যাসীরাও এসে এখানে ধর্নি জর্নালয়ে বসতেন শর্নেছি। জগাই বলছিল। তো তোমার বাবা খ্ন হওয়ার আগেও নিশ্চয় কোনও সাধ্সন্ধ্যাসী এসেছিলেন। ওই যে! ধ্ননির ছাই দেখছি।"

মনাই একটু ইতস্তত করে বলল, "ম্যাজিকবাবরে সঙ্গে এক সাধ্য আসত সার! চেহারা দেখলে ভয় করে। মাথায় জটা। লাল চোখ। মা বলছিল, ওই সাধ্ই প্রথমে ম্যাজিকবাব কে চণ্ডীর থানে বলি দিয়েছে। তারপর বাবাকে।"
"ম্যাজিকবাব মানে শচীন হাজরা १"

মনাই মাথা দোলাল। বলল, "মা বল্ছিল, ওই সাধ্ই অজ্ঞান করে বাবাকে বলি দিয়েছে। বাবাকে যে-রাভিরে বলি দেয়, খুব ঝড়ব্ছিট হচ্ছিল। আমি জেগেই ছিলাম। মা বারবার ঘরের দোর ফাঁক করে বাবাকে ডাকছিল। বাবা এল না। শেষে জলঝড় থামলে মা লাঠন হাতে এখানে এল। আমাকেও সঙ্গে নিয়ে এল। বলল, দু'জনে ঠ্যাং ধরে টানতে-টানতে ঘরে ঢোকাব।"

কনেল চুরুট জেবলে বললেন, "বলো কী! তারপর ?"

"এসে দেখি বাবা নেই। সাধ্ব বসে আছে। মা সাধ্বাবাকে ডাকাডাকি করল। সাধ্বাবা চোখ বুজে মন্তর পড়ছিল। তাকালই না। তখন মা সাধ্বাবাকে বকাঝকা করল। অনেকক্ষণ পরে সাধ্বাবা চোখ কটমট করে বলল, "জগাইকে একটা কাজে পাঠিয়েছি। তোরা ঘ্নোগে যা।"

"তোমরা ঘ্মোতে গেলে ?"

মনাই ছোট্ট শ্বাস ছেড়ে বলল, ''হ'। তারপর আর বাবার পাত্তা নেই। সকালে একটা মড়া এল। ঘাটোয়ারিবাব্র লোক এক পাঁজা কাঠ মাথায় করে এল। বাবা নেই দেখে সে মায়ের সঙ্গে ঝগড়া করল। সেই সময় রাম্ হাঁপাতে-হাঁপাতে এসে খবর দিল চ'ডীর থানে।"

মনাই ঢোক গিলে থেমে গেল। কনে'ল বললেন, "প<sup>্</sup>নিশ আসেনি তারপর ?"

"এসেছিল সার! মা সব বলেছে পর্বিশকে।"

"আচ্ছা মনাই, সেই সাধ্বোবাকে আগে কথনও দেখেছ ? ভাল করে। ভেবে বলো।"

"দেখিনি। তবে চেনা-চেনা মনে হয়েছিল।"

<del>"ভজ্</del>রাকে নিশ্চয় চিনতে ভূমি ? সে-ও তো বলি হয়ে গেছে শানেছি।"

"হাঁ্য সার! মা বলছিল এ-ও সাধ্বাবার কাজ। সাধ্বাবা নাকি মান্য না। মান্যের রূপ ধরে এসেছিল।"

কর্নেল গন্তীর মুখে মাথা দোলালেন। "ঠিক বলেছ মনাই! শ্নেছি সাধ্বাবা আসলে একটা নরকৎকাল।"

মনাই চমকে উঠল। ভয়-পাওয়া মুখে বলল, "সার! মা বলছিল, সাধ্বাবার কাছে যেন একটা কঙকাল দাঁড়িয়েছিল। আমি দেখতে পাইনি। মা নাকি দেখেছিল।"

"সেই ঝড়ব;িটর রাতে ?"

মনাই জোরে মাথা দোলাল। কনে'ল ওর হাতে একটা দশটাকার নোট গংকে দিলেন। সে টাকাটা নিয়ে পকেটে ঢোকাল। বলল, "চলান সার! সেই গাছ থেকে লালপাতার বুরি পেড়ে দেব।"

"ওবেলা আসব'থন। তো, ভঙ্গন্ধা তোমার বাবার কাছে আন্ডা দিতে। আসত না ?"

"আসত। আসত সার!"

"সাধ্বাবা থাকার সময় ভজ্যা এসেছিল ?"

"হ্ৰড় !"

কর্নেল উঠলেন। বললেন, "ওবেলা আসব। তথন তোমার মায়ের সঙ্গেদেখা করব। চলি !"

শ্মশানতলা থেকে একফালি পায়ে-চলা পথে পেণছৈ বললাম, "ছেলেটা বেশ শ্মার্ট । এবং অত্যন্ত সরল।"

"প্রকৃতির মধ্যে যারা থাকে, তারা দবভাবত সরল হয়। আর ওকে দমার্ট বললে। সে-ও ঠিক। কারণ এখনই ওকে বেঁচে থাকার জন্য লড়াই দিতে হবে। সম্ভবত এই বয়সেই ঘাটোয়ারিবাব্ব ওকে কাজে বহাল করবেন। তবে মড়াপোড়ানো কাজটা ওর পক্ষে কঠিন হবে না। বাবার সঙ্গে এই কাজটা ওকে করতে হয়েছে। আমি দেখেছি।"

**"এবার আমরা কোথা**য় যাচিছ ?"

"ম্যাজিকবাব্র বাড়ি।"

কৎকগড়ের এদিকটা চেহারায় একেবারে পাড়াগাঁ। গা ঘে'ষাঘে'ষি মাটির বাড়ি, টালি বা খড়ের চাল। কিন্তু কয়েকটা বাড়ির মাথায় টিভি-র জ্যান্টেনা দেখে অবাক হলাম। কিছ্মুক্ষণ পরে একটা পিচের রাস্তায় উঠলাম। এর পর মফ্রুবল শহরের চেহারা। নতুন-প্রেনো একতলা বা দোতলা বাড়ি। পিচ রাস্তায় দ্রাক, টেন্পো, জিপ, প্রাইভেট কার এবং সাইকেল রিকশার বিরক্তিকর আনাগোনা। মোড়ে একটা থালি সাইকেল রিকশার কাছে গেলেন কর্নেল। বললেন, "ওহে রিকশাওলা, এখানে ম্যাজিকবাব্র বাড়িটা কোথায় জানো ?"

রিকশাওলা চমকে-ওঠা ভঙ্গিতে বলল, "ম্যাজিকবাব্? সে তো মা চ'ডীর থানে নরবলি হয়ে গেছে সার !"

"বলো কী!"

"আজ্ঞে হ'্যা। সে এক সাংঘাতিক কাণ্ড। কথায় বলে, বেদের মরণ সাপের হাতে। বে ভূতটাকে নিয়ে থেলা দেখাত, সেই ভূতটাই নাকি বলি দিয়েছে!"

"ভূত নিয়ে থেলা দেখাত ম্যাজিকবাব ? কেমন ভূত ? তুমি দেখেছিলে ভূতের থেলা ?"

রিকশাওলা দ্রথিত মুখে একটু হাসল। "দেখেছিলান সার! নরকংকাল ইন্টেন্ডে এসে নাচত। ম্যাজিকবাব বলত, ওঠ। উঠে দাঁড়াত। বোস, বললে বসত। নাচ, বললে নাচত। সে কী নাচ সার!" কর্নেল চুর্ন্ট জেনলে বললেন, "ওর বাড়িটা কোথার ? নিরে চলো আমাদের।" রিকশাওলা বলল, "ম্যাজিকবাবনুর নিজের বাড়ি তো ছিল না সার! বাউণ্ডুলে লোক। মাঝে-মাঝে এসে থাকত। আবার চলে বেত কোথার।"

"কিন্তু কার বাড়িতে এসে থাকত ?"

"মোহনবাব্রে বাড়িতে। ইম্কুলের মাস্টার উনি।"

ভিলো। মোহনবাবরে কাছে যাওয়া যাক।" বলে কর্নেল রিকশায় উঠে বসলেন। ওঁর ইশারায় আমিও উঠে বসলাম।

পঙ্গপাল নিয়ন্ত্রণ পর্যদ বারমেরায় একটি গবেষণাকেন্দ্র স্থাপন করেছেন। সেথানে পঙ্গপাল নিয়ে প্রচুর গবেষণা চলেছে। জীববিজ্ঞানীরা অবশেষে স্পারিশ করেছেন, ওদের প্রজননক্ষেত্রটি খাঁজে যদি যথাসময়ে ধরংস করে ফেলা হয়, তাহলে উৎপাত ক্রমশ বন্ধ হবে। বয়স্ক পঙ্গপালেরা ডিম পেড়েই অথর্ব হয়ে ক্রমশ সেথানেই মারা বায়। কাজেই ওদের বিডিং ফিল্ডটি খোঁজা দরকার।

কিন্তু কাজটা সহজ নয়। রাজস্থানের বিশাল থর মর্ভূমি এখনও দ্বর্গম। সারা রাজস্থানের বসতি এবং পাহাড় এলাকাতেও কোথাও ব্রিডিং ফিল্ডের সম্ভাবনা অন্বীকার করা যায়নি। লর্নি নদীর অববাহিকায় গতবছর একটি ব্রিডিং ফিল্ড আবিষ্কৃত হরেছিল। কর্নেল প্রথমে সেখানেই যেতে চান। তাঁর গোরেন্দাম্বভাব অন্বসারে সেখান থেকে স্ত্র ধরে এগোতে চান।

যোধপরের আমাদের জন্য জিপ অপেক্ষা করছিল। উষর ধ্-ধ্ মাটি আর ন্যাড়া টিলাপাহাড়ের মাঝখান দিয়ে রাস্তা। মাঝে মাঝে বালিয়াড়িও চোখে পর্জাছল। ফেব্রুয়ারি মাসের বিকেল। ঠান্ডা হাওয়ার ঝাপটানিতেও বেশ শীত করছিল। বারমেরা পেশীছরতে রাত আটটা বেজে গেল।

গবেষণাকেন্দ্রের অতিথিভবনে রাত কাটিয়ে পরিদন সকালে এবার যাত্রা শর্ব হল উটের পিঠে। আর গাড়ি চলার রাস্তা নেই। সাতটা উটের পিঠে। কনেল, আমি গবেষণাকেন্দ্রের দৃই বিজ্ঞানী বিনায়ক শর্মা ও রাজকুমার রাণা, তাঁব এবং অন্যান্য সরস্তাম। দুটো বাড়তি উট নেওয়া হয়েছে সঙ্গে, যদি কোনো উট অস্কু হয়ে পড়ে, তার জন্য।

পাথ্বরে মাঠে, বালিয়াড়ি, মাঝেমাঝে ন্যাড়া পাহাড়, কাঁটাগ্রুল্ম বা কদাচিৎ বাবলাজাতীয় গাছ—সারাপথ এই একঘেয়ে দ্'শ্য। কোথাও ছাগল ও ভেড়ার পাল চরাচ্ছে ছেলে-মেয়েরা। ওরা যাযাবর। লন্নন নদীর যত কাছাকাছি যাচ্ছি, তত কিছু গাছপালা, টুকরো সব্জ ত্ণাঞ্জল চোখে পড়ছে।

তিরিশ মাইল উত্তর-পূর্বে এগিয়ে বিকেল নাগাদ আমরা সিহোরা পে ছিল্ম। রুক্ষ লালপাথরের টিলার ধারে একটা ছোটু গ্রাম। অধিবাসীরা ভীষণ গরিব। পশ্মপালনই ওদের জীবিকা। একটু দ্রে ল্মিন নদীর চেহারা দেখে হতাশ হল্ম। বালি আর পাথরে ভর্তি নদীর খাত। একফাঁকে সামান্য একফালি স্রোত এখনও তিরতির করে বইছে। মার্চেই নাকি তা শ্মকিয়ে যাবে। তখন সিহোরার একটিমাত্র কুরোর জলও যাবে শ্মকিয়ে। নদীর বালিতে গর্ত করে যেটুকু জল জমবে, গ্রামের ক্ষেত এবং তাদের পালিত পশ্মর দল তাই ভরসা করে বর্ষা পর্যন্ত কাটিয়ে দেবে। এমন ভয়ঙ্কর জীবনবাত্রা এখানে!

কুয়োর কাছাকাছি রুক্ষ পাথ্বরে মাটির ওপর আমাদের ছটা তাঁব্ব খাটানো হল। এক সপ্তাহের খাদ্যদ্রব্য, কয়েক রকমের যন্ত্রপাতি, ওয়্ব, রাসায়নিক দ্রব্য পোন্টিসাইডসের স্টক তিনটে তাঁব্বতে ঢোকানো হল। একটা তাঁব্বতে কর্নেল ও আমি, অন্যটায় বিনায়ক ও রাজকুমার, বাকি তাঁব্বতে গবেষণাকেন্দ্রের দ্বজনকর্মী। উটচালক রক্ষীরা থাকবে খোলা আকাশের নিচে। ওরা বারমের অঞ্জলেরই লোক।

স্ব অস্ত গেল সিহোরার পেছনে লাল পাথরের উঁচু পাহাড়ের আড়ালে। কর্নেল কফি থেয়ে চুর্ট ধরিয়ে বললেন—এস ডালিং! ওঁরা দেখছি খুব ক্লান্ত হয়ে জিবোচ্ছেন। ওঁদের আর ডেকে কাজ নেই। নদীটা একবার দর্শন করে আসি।

বিনায়ক শর্মার বয়স পঞ্চারর কাছাকাছি। রোগা লম্বাটে গড়নের মান্য। রাজকুমার আমারই বয়সী যুবক। বেশ স্বাস্থ্যবান স্কুশর আড্জাত রাণাবংশের ছাপ চেহারায় স্পন্ট। রাজকুমার বলল—কর্নেল, কোথায় যাচ্ছেন ?

কর্নেল একটু হেসে বললেন—লন্নিদর্শনে, তুমি ক্লান্ত বলে ভাবছিল্ম ডাকব না। বিশ্লাম নাও।

—কী যে বলেন ! বলে রাজকুমার উঠে এল । উঠের পিঠে আমার জন্ম বলতে পারেন ।

বিনায়ক বললেন— আপনারা নদীতে যাচেছন ? ঠিক আছে। কিন্তু ওপারে যাবেন না—সন্ধ্যার মুখে ওপারে যাওয়াটা ঠিক নয়।

কর্নেল অবাক হয়ে বললেন—কেন বলনে তো ?

—রাজকুমার জানে। বলবে আপনাকে। বলে বিনায়ক শর্মা ওরফে শর্মাজী ক্যাম্পচেয়ারে হেলান দিয়ে চোথ বুজে দুলতে শুরু করলেন।

পা বাড়িয়ে রাজকুমার হাসতে হাসতে চাপা গলায় বললেন—শর্মাখ্রড়োকে দেখছেন। উনি বিজ্ঞানী হলে কীহবে ? কুসংস্কারে আছেয় মান্য। কবে

এখানে এসে শ্বনে গেছেন, ল্বনি নদীর ওপারে ভূতের রাজত্ব।

কর্নেল বাইনোকুলারে চোখ রেখে ওপারটা দেখতে দেখতে বললেন—ওটা কি কোনো কেলা নাকি রাজকুমার ?

রাজকুমার বলল—হঁ্যা। বিটিশ যুগে এই এলাকা ছিল আমার দাদ্ রাণা উদয়ভানাজীর রাজ্য। করদ রাজ্য আর কী! ওই কেলাটা আমাদেরই পূর্ব-পূর্ব্যের। কয়েক পূর্ব্য আগেই ভেঙেচুরে গেছে। বালির ভেতর অনেকটা ঢাকা পড়েছে।

আমরা হাঁটতে হাঁটতে নদীর বালিতে নেমে গেলনুম। অসংখ্য পাথর পড়ে আছে। তার ওধারে গিয়ে দেখি একজন লোক একপাল ছাগলকে জল খাওয়াছে। আমাদের দেখে সে খনুব অবাক চোখে তাকিয়ে রইল। জলটায় জনুতোর তলা পর্যাপত ডোবে না। পেরিয়ে যাচিছ যখন, তখন সে আমাদের ডাকল—শন্নিয়ে শন্নিয়ে!

আমরা ঘুরে দাঁড়ালুম। কর্নেল বললেন — কিছু বলছ ভাই ?

লোকটা বলল— সায়েব ! আপনারা এখন ওপারে যাবেন না । একটু আগে আমি কেল্লার ওপাশে কাঁটার জঙ্গলে ছাগল চরাতে চরাতে হলদেরঙের একটা দানো দেখতে পেয়ে পালিয়ে এসেছি । দানোটা শ্রুয়ে ঘ্রুমোচ্ছে । তাই আমাকে দেখতে পার্যান । নৈলে বচ্চন সিংয়ের দশা হ'ত আমার !

কর্নেল হাসি চেপে বললেন—কী দশা হয়েছিল বচ্চন সিংয়ের ?

— সে খুব ভরংকর ঘটনা সায়েব ! লোকটা চোখ বড় করে বললো—বচ্চন তো বটেই, তার তিরিশটা ছাগলও মারা পড়েছিল দানোটার নিঃশ্বাসের বিষে। আর সায়েব, দানোর নিঃশ্বাস মানে কী ? প্রচণ্ড গরম ঝড়। সিহোরাতক এসে ধান্ধা মেরেছিল ! সব বাড়ি উড়ে গিয়েছিল। আর সে কী তাপ ! খরার সময় দুপুরবেলাতেও এমন তাপ দেখা যায় না !

রাজকুমার বলল—যত্তোসব ! এ অঞ্চলে এরকম আকৃষ্মিক ঘ্ণিপ্রভ কয়েক বছর ধরে দেখা যাচছে। আবহবিজ্ঞান সম্পর্কেও আমার কিছ্ জানাশোনা আছে। এখান থেকে দক্ষিণ-পশ্চিমে পঞ্চাশ-ষাট মাইল গেলেই কচ্ছের রান অঞ্চল শ্রন্। ওখানে লন্নি নদী মিশেছে জলাভূমিতে। জলাভূমির সঙ্গে আরবসাগরের যোগাযোগ আছে। মধ্য রাজস্থানের মর্তে প্রচণ্ড তাপের ফলে যখন বাতাস হাল্কা হয়ে ওপরে উঠে যায়, তখন সেই ফাঁক প্রেণ করার জন্য আরবসাগর থেকে কচ্ছ পেরিয়ে প্রচণ্ড জোরে বাতাস ছন্টে আসে। ভূপ্তেও তাপের হেরফেরের জন্য ঝড়টা কয়েকটা কেন্দ্রে বৃত্ত হয়ে ওঠে। সেগন্লোকে বলব একেকটা ঘ্রণবিত্তি।

কথা বলতে বলতে আমরা পাথরের ওপর দিয়ে ওপারে গেণছৈ গেছি। তখনও দিনের শেষ আলো লালচে রঙে ছড়িয়ে আছে আদিগনত। বাঁদিকে উত্তরে বহ্নদূরে বালিয়াড়ি, সমুদ্রের মতো তেউথেলানো অবস্থায় চলে গেছে। ডানদিকে পাথ্রে লাল মাটির প্রান্তর এবং কাঁটাগ্রুলের জঙ্গল তারপর পাহাড়। পূর্বে কেল্লার ওদিকে ন্যাড়া চটান জমি পাথরে ভতি—বহ্নদূরে বিশ্তত।

কর্নেল বাইনোকুলারে ওদিকটা দেখছিলেন। হঠাৎ বলে উঠলেন—সর্বনাশ! সত্যিই তো একটা হলদে দানো দেখতে পাচ্ছি!

প্রথমে রাজকুমার, তারপর আমি বাইনোকুলারটা নিয়ে জিনিসটা দেখলুম। কিছ্ ব্রুবতে পারলুম না। পাথরের আড়ালে লম্বাটে হলুদ রঙের একটা জিনিস সতি্য দেখা যাড়েছ। কর্নেল পা বাড়িয়ে বললেন, এস তাে। দেখি।

কেলা বাঁদিকে রেখে কিছন্দ্রে এগিয়ে আমার মাথার ভেতর কী একটা বিলিক দিল। বললন্ম— কর্নেল। ওটা সেই ইন্দ্রনীল রায়ের গ্লাইডার নয় তো ? ইন্দ্রনীল গ্লাইডারসহ নিখোঁজ হয়েছে বলে কাগজে পড়ছিলন্ম না ?

কর্নেল হত্তদত্ত এগিয়ে গেলেন। প্রায়ষ্টি বছরের বনুডো মানন্য এমন হাঁটতে পারেন ভাবা যায় না! কাছাকাছি গিয়েই বলে উঠলেন হ'্যা জয়ত ! হ্যাং গ্লাইডার!

গ্লাইডার পড়ে আছে পরিষ্কার জমিতে। সেথানে কোনো পাথর বা কাঁটা গ্লম নেই। মাটিটাও বালি থাকায় যথেন্ট নরম। সবচেয়ে আশ্চর্য ব্যাপার, গ্লাইডারটার একটুও ক্ষতি হর্যান। দেখে মনে হচ্ছে, যেন ইণ্দ্রনীল এখানে ইচ্ছে করেই আস্তেস্ক্রেই নেমেছে। দ্বজনের মাধ্যখানে এনামেল রঙের ফ্রেমে কোনো-রকমে বসার মত ছোট্ট একটুখানি আসন এবং তার তলায় ইঞ্জিন ও কণ্টোল বন্ধ অটুট আছে। কিন্তু তাহলে ইন্দ্রনীল কোথায় গেল ?

কর্নেল বালিমাটিতে পায়ের চিহ্ন খাঁজছিলেন। আমরাও খাঁজতে শা্রন্ করলাম। রাজকুমার তো অনেকটা চন্ধর মেরে এল। এসে বলল— আশ্চর্য তো! কোথাও পায়ের ছাপ নেই। তাহলে কি ভদ্মলোক আকাশে ভেসে থাকার সময়ই দৈবাৎ কোথাও পড়ে গেছেন—তারপর গ্লাইডারটা এসে পড়ে গেছে?

বলল্ম-পড়লে তো ভেঙে-চুরে যেত !

—হ:, তা ঠিক। রাজকুমার উদ্বিগম্বথে কর্নেলের দিকে ভাকাল।

কর্নেল তথনও মাটিতে চোথ রেখে ঘ্রছেন। হঠাৎ একথানে হ<sup>†</sup>টু দ্মড়ে বসে কোটের পকেট থেকে আতস কাচ বের করলেন। ওটা কি পকেটে নিয়েই ঘোরেন সবসময় ?

আলো কমে এসেছে। এত কম আলোয় কী সব দেখছেন গভীর মনোযোগ দিয়ে কে জানে! একটু পরে উঠে দাঁড়িয়ে বললেন—কিছ্ব বোঝা যাচেছ না। মাটির ওপর সক্ষা টানা-টানা অনেকগ্বলো আঁচড় দেখল্বম।

বলল্ম-মাকড়সার চলাফেরার দাগ তাহলে।

রাজকুমার বললেন — ঠিক বলেছেন। মর মাকড়সাগ্রলো প্রকাশ্ড-প্রকাশ্ড হয়। ঠ্যাংগ্রলো অন্তত ফুটখানেক করে লম্বা।

কর্নেল আবার বাইনোকুলারে চারদিক দেখছেন। আমি আর রাজকুমার দ্বংসাহসী অভিযাত্রী ইন্দ্রনীলের অন্তর্ধানরহস্য নিয়ে জণ্পনাকল্পনা শ্বর্করলব্ম। গ্লাইডার থেকে নেমে কোথায় যেতে পারে সে ? কাছাকাছি বসতি বলতে সিহোরা। অন্যাদিকে পঞ্চাশ মাইলের মধ্যে আর জনবসতি নেই। তাহলে ?

দিনের শেষ আলো থেকে লালচে রঙটা মুছে গেছে। ধ্সর হয়ে গেছে আলো। কনকনে ঠাডা হাওয়া বইছে। কর্নেল বললেন—গ্লাইডারটা এখানে যেমন আছে থাক। রাতেই বরং আমরা রেডিও-মেসেজ পাঠিয়ে খবরটা জানিয়ে দেব পর্বিলশ স্টেশনে। চলো এবার কেলাটা একটু দেখে যাই ফেরার পথে।…

### এ কিসের ডিম ?

রাণা ভান প্রতাপের তৈরি লাল পাথরের কেন্নাটার দক্ষিণ অংশ সম্পর্ণ বালিতে ডুবে গেছে। উত্তর অংশটা ভাঙাটোরা অবস্থার দাঁড়িয়ে আছে। ফটক মুখ থুবড়ে পড়েছে। পাথর ডিঙিয়ে ঘোরালো ফুট পনের চওড়া পথ ক্রমণ উচ্চ হয়ে উঠেছে। পথটা পাথরের ইটে বাঁধানো। ভেঙে চুরে গেছে। বালি ত্রকছে ফাটলে। কর্নেল টর্চ বের করে বললেন—ভেবো না ডালিং! ফেরার সময় বাতে ঠ্যাং না ভাঙে, তার জন্য আলোর ব্যবস্থা আছে!

আমার বৃদ্ধ বন্ধ্ব যেন চলমান গেরস্থালি। ওপরে কেলার চত্বরে পের্ণিছে সারবন্দী ঘর দেখা গেল। কোনোটারই কপাট জানালা বলতে কিছ্ব নেই। কবে কারা খ্বলে নিয়ে গেছে—হয়তো সিহোরার বর্তমান অধিবাসীদের প্রেপ্রুর্মেরাই। প্রাকারের ধারে গিয়ে কর্নেল বাইনোকুলার দিয়ে আবার দেখতে শ্রুর্ করলেন। আমি কল্পনা করছিল্ম, একদা এই প্রাকারে সশস্ত্র প্রহরীরা টহল দিয়ে বেড়াত—কেলার ভেতর কত সৈন্যসামন্ত নিয়ে বাস করতেন রাণা ভান্প্রতাপ। রাজকুমার আমার মনোভাব আঁচ করে সেইসব গল্প শোনাতে থাকল। মোগলদের অত্যাচারেই রাণা এখানে আশ্রম নিয়েছিলেন।

আলোর ধ্সরতা এখন ক্রমশ কালো রঙে পরিণত হচ্ছে। কর্নেল বাইনো-কুলার নামিয়ে বললেন— আচ্ছা রাজকুমার, ওদিকে কিছ্মদ্রের একটা গুদ্ভ দেখলমে বালিতে মাথা উ'ছু করে আছে। ওটা কিসের ?

রাজকুমার বললেন শ্বনেছি ওটা ছিল একটা অবজারভের্টার। রাণা ভাননুপ্রতাপের জ্যোতিষী শিবশংকর রাওজী গ্রহনক্ষত্র দেখতেন। ওটা পঞ্চাশ-ফুট উ'চু টাওয়ারের টুকরো বালির তলায় চাপা পড়ে গেছে অবজারভের্টার।

সেদিকে তাকিয়ে আছি, হঠাৎ কী একটা ঝিকমিক করে উঠল। বলল্ম-

কর্নেল ! ও কিসের আলো ?

কর্নেলের চোখ পড়েছিল আমার বলার আগেই। বললেন—প্রথমে ভাবলমুম বিদ্যুৎ ঝিলিক দিচ্ছে ব্রুঝি! কিন্তু আকাশে মেঘ নেই। তাছাড়া স্তম্ভটার কাছে বালির ওপর বিদ্যুতের ঝিলিক! আরে! লক্ষ্য করছ? রঙ বদলাচ্ছে যেন মুহুমুহুর!

হীয়—স্ক্র আলোর বিলিকটা নীল সব্জ লাল হল্দ শাদা হচ্ছে মৃহ্তে মৃহ্তে । রাজকুমার হতবাক হয়ে দেখছিলেন । বললেন—আশ্চর্য তো ! এমন কোন ব্যাপার সিহোরার লোকে দেখে থাকলে নিশ্চয় জানতে পারতুম ! ওটা কী হতে পারে, বল্ন তো কর্নেল ?

কর্নেল বললেন কিছু ব্রুঝতে পারছি না। চলো তো দেখে আসি।

টর্চের আলো ফেলে উনি আগে, আমরা দ্বজনে পেছনে এবড়োথেবড়ো রাস্তাটা দিয়ে কেল্লা থেকে নেমে গেল্বম। ভাঙা ফটকের পাথরগন্লো ডিঙিয়ে চলতে চলতে রাজকুমার বলল—কর্নেল! শ্বনেছি এই কেল্লায় গব্পধন ছিল। রাণা ভানব্পতাপের কোনো দামী রত্ম ওখানে পড়ে নেই তো? হয়তো কোন যুগে কারা গব্পধন আবিষ্কার করে নিয়ে পালাভিছল। সেই সময় ওখানে কীভাবে একটা রত্ম পড়ে গিয়েছিল। বাতাসের দাপটে এতদিনে বালি সরে গিয়ে সেটা বেরিয়ে পড়েছে?

কর্নেল একটু হেসে বললেন—তুমি যে অত্যন্ত যুক্তিবাদী, তাতে সন্দেহ নেই রাজকুমার। বিজ্ঞানীদের কাছে সবসময় সব ঘটনার যুক্তিসম্মত ব্যাখ্যাই আশা করব। ডঃ শর্মা হলে হয়তো ব্যাপারটা ভূতুড়ে বলেই ব্যাখ্যা করতেন। অথচ উনি একজন প্রবীণ বিজ্ঞানী। আসার পথেও আমাকে বলেছিলেন, সিহোরা এলাকায় নাকি অভ্তৃত অভ্তৃত ফেনোমেনা দেখা যায়। ওঁর বিশ্বাস, বৈজ্ঞানিক উপায়ে সেগুলো বোঝা সম্ভব নয়। কারণ—

হঠাৎ উনি থেমে গেলেন। আমরাও থমকে দাঁড়াল্মম। রঙবেরঙের আলোর বিলিক আর দেখা যাচেছ না।

কর্নেল কয়েক পা পিছিয়ে গিয়ে বললেন—কী কাণ্ড! এখান থেকে দেখা যাচছে। অথচ আর একটু এগোলে আর দেখা যাচছে না, তার মানে একটা নিদিশ্ট দ্রেছে চোথের রেটিনায় ওই বিচ্ছ্রেণটা ক্রিয়াশীল। ভাববার কথা। এক কাজ করা যাক। রাজকুমার। তুমি এখানে দাঁড়াও। আমি আর জয়ত্ত এগিয়ে যাই; তুমি চেণ্চিয়ে বলে দেবে ঠিক জায়গায় যাচিছ কি না।

রাজকুমার দাঁড়িয়ে রইল। আমরা দ্বজনে এগিয়ে গেল্বম। রাজকুমার চে'চিয়ে নির্দেশ দিতে থাকল ডাইনে—এবার সোজা। হ'্যা, এগিয়ে যান। বাঁদিকে। না—একটু ডাইনে। হ'্যা— এবার সোজা। ঠিক আছে।…

টচেরি আলোয় পাথরের কার,কার্যখচিত ফুট পাঁচেক উ'চু স্তরের পাশে

বালির ভেতর একটা সাদা জিনিস চকচক করছিল। বালি সরাতেই বেরিয়ে পড়ল একটা প্রকাশ্ভ ডিম্বাকৃতি সাদা জিনিস। কর্নেল বললেন—দুহাতে তুলে দেখ ওঠাতে পারছ নাকি।

জিনিসটা তত কিছু ভারী নয়। সহজে দুহাতে তুলে ধরলাম। কর্নেল টোকা দিয়ে দেখে হাসতে হাসতে বললেন—এ কোন পাখির ডিম জয়ন্ত ? আরব্য উপন্যাসের সিন্দবাদ নাবিকের দেখা সেই রক পাখির ডিম ? যদি এটা সতিয় ডিম হয়, তাহলে পাখিটার গড়ন কম্পনা করো তো!

বলল্বম-পাখিটা হবে অন্তত একটা ডাকোটা প্লেনের মতো। কিন্তু এটা থেকেই যে আলো ঠিকরোচেছ, তার প্রমাণ ?

কর্নেল চেটিয়ে বললেন- রাজকুমার! জিনিসটা কি দেখতে পাচ্ছ? রাজকুমার সাড়া দিয়ে বলল—পাচিছ। উচ্চতে উঠে গেছে।

আমি অতিকায় ডিমটাকে দুহাতে তুলে নিয়ে দাঁড়িয়ে আছি। অতএব এটাই সেই রশ্মি বিকিরণকারী জিনিসটা। কর্নেল বললেন—চলো ডালিং! তাঁব,তে নিয়ে গিয়ে পরীক্ষা করা যাবে। শর্মাজী প্রাণিবিজ্ঞানী। নিশ্চয় তিনি একটা কিছু, হদিস দিতে পারবেন।

ডিম হোক, ষাই হোক, জিনিসটার তাপ আছে। মর্ভুমির শীতের কনকনে ঠা ডায় আমাকে আরাম দিচ্ছিল যথেণ্ট।…

## মাস্টার রিকের জন্ম

প্রার্থামক পরীক্ষা করে শর্মাজী আমাদের চমকে দিয়ে বলেছেন, ডিম্বাকৃতি বস্তুটির বহিরাবরণ সিলিকন ধাতুতে তৈরি। প্রকৃতিতে এভাবে সিলিকন পাওয়া যায় না। অতএব এটি মান্বেরই তৈরি কোনো যদ্য।

কিন্তু কী যাব্র ? আরও একটা ব্যাপার লক্ষ্য করা গেছে। স্বেশিদ্যের পর ওটা তাপনিরপেক্ষ অবস্থায় থাকে। কিন্তু ক্রমশ সন্ধ্যার দিকে তাপ বাড়তে থাকে। মধ্যরাতে ৫০ ডিগ্রি সেলসিয়াসে পেশছায়। তারপর আবার কমতে কমতে ভারবেলা ২৪ ডিগ্রি সেঃ এবং স্বর্য ওঠার পর ক্রমশ তাপ ও শীতলতার মাঝামাঝি অবস্থা। রামধন্রশিম বিকীরণ করে স্বর্যান্তকাল থেকেই এবং নির্দিট্ট দ্রম্ব থেকে তা চোথে পড়ে। কিন্তু রাত বারোটায় খুব কাছ থেকেই তা দেখা যায়। আমাদের তাঁব্র ভেতর ওই সময় রীতিমতো রামধন্র খেলা। বাইরে প্রচাড ঠান্ডা। কিন্তু তাঁব্র ভেতরে বেশ গরম। আমার সমস্যা হল, রাতের শয্যা আরামপ্রদ হলেও পাশে রামধন্ব নিয়ে শোয়া বড় অন্বন্তিকর।

শর্মাজীর বিশেষ ইচ্ছা, এই 'যন্তরমন্তর'টি দিল্লিতে প্রতিরক্ষা গবেষণাগারে পাঠানো হোক। কর্নেলের তাতে আপত্তি। শর্মাজীর বন্তব্য হল, পাকিস্তান সীমান্ত এখান থেকে বেশি দ্রে নয়। সম্ভবত এটা তাদেরই কোনো 'যন্তরমন্তর'। অর্থাৎ শোনা কথায় স্পাইং ডিভাইস। যান্ত্রিক গ্লেপ্তার।

রেডিও ট্রান্সমিশান যন্ত্রে বারমের থানায় খবর পাঠানোর তিনদিন পরে সেনাবাহিনীর একটা হেলিকণ্টার এসে হ্যাং গ্লাইডারটা ভাঁজ করে গ্র্টিয়ে নিয়ে গেল। ওঁরা সারা তল্লাট তন্ধতন্ধ খ্রুজতে খ্রুজতে এসেছিলেন। ইন্দ্রনীলকে জ্লীবিত বা মৃত কোনো অবস্থায় দেখতে পান নি।

আজগানি ডিমটার কথা কর্নেলের অন্রাধে শর্মাজী ওঁদের ফাঁস করলেন না। কিন্তু সারাক্ষণ মূখ বেজার করে আছেন। পঞ্জ দিনে রোজকার কর্মসাচি অন্সারে কর্নেলকে নিয়ে শর্মাজী গোলেন ইতিপ্রের্ব আবিষ্কৃত পঙ্গপাল প্রজননক্ষেত্র দেখতে। রাজকুমার তাঁব্র সামনে টেবিল পেতে এলাকার মানচিত্রের একটা চার্ট নিয়ে বসে কী সব মাপজোক করছেন আর মানচিত্রে ফুটকি দিয়ে চলেছেন। আমি ব্যাপারটার মাথাম্মু ব্রুবতে না পেরে নিজের তাঁব্তে ঢ্কে একটা গোরেন্দা উপন্যাস নিয়ে বসেছি। হঠাৎ কোণার রাখা প্রকাশ্ড ডিমটা থেকে ব্লিক ব্লিক শব্দ শর্নে চমকে উঠলাম। শব্দটা খ্রুই চাপা। কিন্তু করেক সেকেন্ড অন্তর অন্তর হতে থাকল। রাজকুমারকে ডাকব কি না ভাবছি, এই সময় ডিমটা একট নড়ে উঠল।

তারপর সর্বাদকটা নিঃশন্দে ফেটে গিয়ে টুকটুকে লালরঙের একটা মাথা দ্বটো জবলজবলে নীল চোথ আর দ্বটো শহুড়ের মতো কী বেরিয়ে এল। আমি ছিটকে বেরিয়ে চেটাতে থাকলব্ম—রাজকুমার! রাজকুমার! শীগগির এস।

রাজকুমার দৌড়ে এলে তাঁব্র ভেতরে ওই কাশ্ডটা দেখিয়ে দিল্ম। সে হতভদ্ব হয়ে দাঁড়িয়ে রইল।

ডিমটা প্রোটাই মাঝামাঝি ফেটে বেরিয়ে এসেছে এক অদ্ভূত প্রাণী। কিংবা পাথি। অথবা পাথিও স্থলচর প্রাণীর মাঝামাঝি জীব। না— হলফ করে বলতে পারি, এ কদাচ উট পাথির বাদ্ধা নয়। নড়বড় করতে করতে দ্বঠ্যাংয়ে ওটা দাঁড়িয়ে গেল। পা দ্বটো পাথির মতো, দ্বপাশে দ্বটো ডানার মতো জিনিসও আছে। কিন্তু মুখের গড়ন কতকটা মান্য ও পাঁগাচার মাঝামাঝি। চোথদ্বটো কপালের ওপর। টানাটানা চোথ। মাথাটা গোল ও চ্যাণ্টা। মাথায় লাল চুল অথবা রোঁয়া। ধড়ের রঙ কালো, পা গাঢ় হলন্দ।

চঞ্চল দুটো লাল এবং চঞ্চর গড়ন দেখেই পাঁ্যাচার কথা মাথায় এসেছিল। দুপায়ে দাঁড়িয়ে কিম্ভূত জীবটি প্যাট প্যাট করে তাকিয়ে আমাদের দেখছে।

গার্ড ও কমীরা দৌড়ে এসে তাম্জব হয়ে দেখছে। রাজকুমার একজন কমীকে তক্ষ্যনি কর্নেলদের ডাকতে পাঠালেন।

এবার জীবটি একপা একপা করে তাঁব**্ থে**কে বেরিয়ে রো**ন্দ**্রের এসে দাঁড়াল। অর্মান তার শরীর ঝলমল করে উঠল। সিহোরা থেকে দ্বজন নদীতে যাচ্ছিল। তারা দৌড়ে এসে জীবটাকে দেখা মাত্র ধপাস করে পড়ে সান্টাঙ্গে প্রণিপাত করল। তারপর চে<sup>\*</sup>চিয়ে উঠল বিকটভাবে—জয়! গরুড় মহারাজ কী জয়!

তারপর তারা গ্রামের দিকে দৌড়ে গেল। একটু পরেই দেখি, গ্রাম থেকে ঢাকঢোল শিঙা কাঁসি বাজাতে বাজাতে বুড়োবর্নাড় জওয়ান-জওয়ানি আশ্ডাবাজাশন্ত্র দৌড়ে আসছে আর গর্ভ মহারাজের জয়ধর্নি হাঁকছে। কাছে এসে তারা মাটিতে লর্নিটয়ে প্রণাম করল। তারপর যে তুমনুল কাশ্ড জর্ড়ে দিল, কান একেবারে ঝালাপালা। গর্ভ মহারাজ যেন এই প্রচণ্ড জগঝন্পে তিষ্ঠোতে না পেরে নড়বড়ে ঠাাং ফেলে বিরক্ত হয়ে তাঁবরতে গিরে ঢরুকলেন।

রাজকুমার অনেক চেণ্টায় ভক্তদের থামিয়ে বলল –ব্যাপারটা কী তোমাদের বলো তো শ্রনি ?

গ্রামের মন্থিয়া সেলাম দিয়ে বলল—হন্তন্ব রাণাজী ! ইনি হলেন বিনতা মাইজীর সন্তান গর্ড মহারাজ। আপনারা তো লিখাপড়া আদমী হন্তন্ব। শাস্ত্রপন্বাণ পড়েছেন। গর্ড়জীর কথা অবশাই জানেন।

রাজকুমার অবাক হয়ে বলল—ব্ঝল্ম। কিন্তু এই জীবটিকে গর্ড বলছ কেন ?

বাঃ! কী বলেন রাণান্ধী? মুখিয়া বলল। গত বছরও একবার গর্ড় মহারাজের কৃপা হয়েছিল। সেবারও উনি কেলার মাঠে দর্শনি দিয়েছিলেন। দুখুণ্টা ছিলেন। তারপর উড়ে গেলেন। অন্য একজন বলল সেবার তিনি আরও বড় হয়ে দর্শনি দিয়েছিলেন। এবার উনি যে এত ছোট চেহারায় দর্শনি দিয়েছেন, তার কারণ আমাদেরই কেউ পাপ করেছে।

মর্থিয়া গর্জন করে বলল—কে কী পাপ করেছ, এথনই মহারাজের সামনে করুল করো।

এক বর্ণিড় কাঁদতে কাঁদতে বলল— হাঁ মহারাজ! ধনসিংয়ের ছাগলটা এমনি এমনি পাহাড় থেকে পড়ে মরেনি। আমি পাথর ছহঁড়ে তাড়া করেছিলরম। ছাগলটা ঢ্বঁ মেরে আমার গাগরি ভেঙে দিয়েছিল। গাগরিতে জল ছিল মহারাজ! তথন শ্বথার মাস!

মুখিয়া এথানেই পঞ্চায়েত ডাকার হুকুম দেয় আর কী! রাজকুমারের ইশারায় গার্ড দ্বজন বন্দ্বক উঠিয়ে তাদের হটিয়ে দিল। লোকগ্রলো বন্দ্বককে খব ভয় পায় মনে হচ্ছিল। কোলাহল করতে করতে তারা গ্রামের দিকে চলে গেল। রাজকুমার বলল—বোঝা যাচেছ, এ কোনো বিরল প্রজাতির পাখি। গুরিন্হোলজি (পক্ষিতত্ত্ব) এর খেজি রাখে না। যাই হোক, আমরা একে আবিষ্কারের গৌরব অর্জন করেছি।

তাঁব্রু ভেতর গর্ভজী কিছ্কেণ চুপচাপ দাঁড়িয়ে থাকার পর কোণায় রাখা

বিস্কুটের টিনের দিকে নজর যেতেই চঞ্চতে কামড়ে তুলে নিলেন এবং পায়ের নথ দিয়ে ঢাকনা খুলে বিস্কুটগুলো সাবাড় করতে থাকলেন।

আমাদের উটওয়ালারা ভোরবেলা নদীর ওপারে কটিবেনে উট চরাতে গিয়েছিল। কীভাবে থবর পেয়ে উটগন্লো চরতে দিয়ে ওরা দৌড়ে এল ক্যান্পে। তারপর গরন্ত্ মহারাজকে দর্শন করে সাণ্টাঙ্গ প্রণিপাত করল। তার কিছনুক্ষণ পরে কর্নেল ও শর্মাজী হন্তদন্ত ফিরে এলেন।

শর্মান্দী যে জিনিসটাকে গ্রন্থচর সাব্যন্ত করেছিলেন, তা থেকে এই 'রামগর্মড়ের ছানা' বের্তে দেখে থ বনে গেলেন। তারপর নিরাপদ দ্রেছে পরীক্ষা করার পর হতাশভাবে বললেন—প্রাণিবিজ্ঞানে এমন কোনো জীবের কথা নেই। তাছাড়া ডিমের খোলাটা সিলিকন পাত দিয়ে তৈরি, এও বিস্ময়কর। কারণ সিলিকন প্রকৃতিতে এমন বিশক্ষে আকারে পাওয়া অসম্ভব। আমি কিছ্মব্যুতে পারছি না, কর্নেল।

কর্নেল একটু করে এগিয়ে খাটের কোণায় চলে গোলেন। গর্নুড়জীর বিস্কৃট খাবার শেষ হয়ে গেছে। এখন জেলির টিন খালে চঞ্চু ছুবিয়েছেন। চটটটে আঠালো লালরঙের খাদ্যটা ওঁকে একটু বিপাকে ফেলেছে। কর্নেলকে কাছে দেখে তাঁর সাদা একরাশ দাড়িতে হঠাং প্রকাশ্ড চঞ্চু ঘষে নিলেন। সাদা দাড়িলাল হয়ে গেল জেলির রঙে। আমরা হাসতে থাকলন্ম। কর্নেল একটুও বিব্রত না হয়ে গর্নুড়জীর কাঁধে হাত রাখলেন। মহারাজ আপত্তি করলেন না। তখন ক্রেলি ওঁকে কাছে টেনে ওঁর মূথে জেলি প্রে দিতে থাকলেন।

একটু পরে কর্নেল বললেন—ডঃ শর্মা! ডিমের খোলা সিলিকনের। তার চেয়ে আশ্চর্য ব্যাপার, আমার মনে হচ্ছে এই পাথির শরীরটাও সম্ভবত কোনো জৈব পদার্থে গড়ে ওঠে নি।

শমাজী চমকে উঠে বললেন—বলেন কী!

- —হ'্যা মনে হচ্ছে, এর শরীরও কোনো ধাতু দিয়ে গড়া !
- অসম্ভব ! বলে শর্মাজী হাত বাড়িয়ে পরীক্ষা করতে গেলেন । তথান 'ব্লিক ব্লিক' শব্দ করে গর্ডুজী চঞ্চর ঠোক্তর মারতে এলেন তাঁকে। শর্মাজী আঁতকে উঠে পিছিয়ে গেলেন।

কর্নেল হাসতে হাসতে বললেন— কোনো কারণে আপনাকে পছন্দ করছে না !

শর্মাজী বললেন—ভূতের বাচ্চা কোথাকার! যাই হোক, ওটা নরম না কঠিন ৪

- —কোথাও কোথাও নরম, আবার কোথাও কঠিন।
- ডাকটা শ্বনছেন ব্যাটাচ্ছেলের ? ব্লিক ব্লিক! যেন রেডিও ওয়েভ!
- সেটাও আশ্চর্য ! শ্বন্বন । যেন কোড ল্যাঙ্গবয়েজ । ব্লিক ব্লিক … ব্লিক

ব্লিক ব্লিক •• ব্লিক !

শর্মাজী গোমড়াম থে বললেন— আমার মাথায় কিছা দ্বকছে না। নচ্ছার পাথিটা এবেলার প্রোগ্রাম ভেন্তে দিল। পাঁচটা দিন তো প্রাথমিক প্রস্কৃতিতেই কেটে গেল। হাতে আর মাত্র দুটো দিন! দেখি, কী করা যায়।

বলে উনি নিজেদের তাঁবনতে চলে গেলেন। আমি সাহস করে গরন্তৃজীর কাছে গেলন্ম। কিন্তু যেই ছনতৈ হাত বাড়িয়েছি, গরন্তৃজী আমাকেও শর্মাজীর মতো চঞ্চন তুলে তেড়ে এলেন। ঝটপট সরে গিয়ে বললন্ম—কর্নেল ! আপনাকে তো কিছা বলছে না। দিব্যি আদর খাচ্ছে চুপচাপ।

কর্নেল হাসলেন শ্বে,। রাজক্মার বলল—আমাকে পছন্দ করে কি না দেখা যাক। বলে সে যেই এগিয়েছে, গর্ড়জী জোরালো ব্লিক ব্লিক আওয়াজ দিয়ে তেড়ে এলেন। রাজক্মার হাসতে হাসতে সরে গেল।

কিছ্মুগণ পরে কর্নেল তিনমূট উঁচু গরমুড় মহারাজকে দ্মহাতে তুলে নিয়ে বললেন—শ্রীমানকে স্নান করানো দরকার। চলো জয়ন্ত, নদীতে যাই। ফিরে এসে ডিমের খোলাটা প্যাক করে রাখতে হবে।

রাজকন্মার শর্মাজীর তাঁবনতে গেছে। আমরা দ্বজনে চললন্ম নদীর দিকে। দেখলন্ম, রানে মহারাজের আপত্তি নেই। জল ছিটিয়ে কর্নেল তাকে রান করালেন। তারপর একটা পাথরে দাঁড় করিয়ে দিয়ে বললেন—রোদ্দ্রে শা্কিয়ে নাও মান্টার ব্লিক! ততক্ষণ আমি প্রকৃতিদর্শন করি। বলে বাইনোকন্লারে চোথ রাখলেন।

## পলপাল রহজের সূত্রপাত

পক্ষপালের প্রজননক্ষেত্র অন্সন্ধান কর্ম স্কৃতির (ইংরেজিতে সংক্ষেপে L B F I P) মেয়াদ আরও এক সপ্তাহ বাড়ান হয়েছে। এদিকে মাস্টার ক্লিক মাত্র দ্বিদনের বয়সেই পেলায় হয়ে উঠেছেন। মাথাটি তাঁব্বতে ঠেকছে। দ্বিদকের চোয়াল থেকে গজানো লাল শা্রড় দ্বটো ফুটদ্বয়েক লম্বা হয়ে ঝুলছে। দাড়ি নাকি ?

তার খাদ্য নিয়ে সমস্যা দেখা দিয়েছে। শর্মাজী বিরক্ত ! তবে কর্নেল ভেড়ার মাংস সেদ্ধ খাইয়ে দেখেছেন, আপত্তি করে না মাস্টার ব্লিক। প্রজননক্ষেত্রের খোঁজে বের্লে তাকে সঙ্গে নিয়ে যাচ্ছেন। এ অঞ্চলের পাহাড়ী খাদকে বলে বেহড়। বেহড়ের ভেতর আবিষ্কৃত প্রজননক্ষেত্রের মাটি পরীক্ষা করার পর যেখানে-যেখানে ওই রকম মাটি আছে, সেখানে যাচ্ছেন ওঁরা। কিন্তু পঙ্গপালের টিকিটিও দেখতে পাচ্ছেন না কোথাও।

একদিন রাজকুমার ও আমি সঙ্গী হল্ম কর্নেলদের। মান্টার ব্লিক ব্লিক

আওয়াজ দিতে দিতে মান্ষের ভঙ্গীতে হেঁটে চলেছে কর্নেলের পাশে। কর্নেল তার কাঁধে হাত রেখে চলেছেন। এদিন একটা বেহড় থেকে ধাপে ধাপে ওপরে উঠে বালিয়াড়িতে গিয়ে পড়ল্ম। প্রকাশ্ড উঁচু সব বালির পাহাড় দাঁড়িয়ে রয়েছে। সেদিকে আর না এগিয়ে ডাইনে ঘ্রতেই ল্নিন নদী চোথে পড়ল। নদীর পাড়ে পাথ্রে মাটিতে শর্মাঙ্গীর হাতের অন্সন্ধান ফর্নিট রাখতেই রিক করে শব্দ হল। শর্মাঙ্গী উর্ভেজিতভাবে বললেন—পাওয়া গেছে! রাজকুমার, স্প্রে মেসিনটা দেখি।

মাটিটা ওখানে ফেটে আছে। প্রকাণ্ড সব ফাটলের ভেতরটা অন্ধকার হয়ে রয়েছে দিনদ্প্রেই। কর্নেল চোথে বাইনোকুলার রেখে দ্রের কেলাটা দেখছিলেন। রাজকুমার স্প্রে মেসিনটা শর্মাজীকে দিল। শর্মাজী যেই বিষাস্ত তরল পদার্থ স্প্রে করতে গেছেন ফাটলের ভেভরে, মাস্টার বিক ঝাপিয়ে গেল তাঁর দিকে। স্প্রে ফেলে শর্মাজী মাই গড় বলে ছিটকে সরে গেলেন। তাঁকে তাড়া করল মাস্টার বিক। শর্মাজী চেচিয়ে উঠলেন—কর্নেল! আপনার বাঁদরটাকে সামলান! এ কী!

'বাঁদর' রাজক্মার আমার দিকেও তেড়ে এল। আমরা দোড়ে তফাতে গিয়ে দাঁড়াল্ম। কনেলি বাইনোক্লার নামিয়ে ধমক দিলেন- - কি হচেছ মাস্টার রিক ? এমন করছ কেন ?

মাস্টার ব্লিক বলল—ব্লিক ব্লিক ব্লিক ....বিক ...বিক ব্লিক ...বিক !

কর্নেল ভূর্ব ক্র্টেকে তাকালেন তার দিকে ! তার শার্ডদ্বটো টানটান হয়ে খাডা । যেন এরিয়েল বা অ্যান্টেনা । ক্রমাগত ব্লিক ব্লিক আওয়াজ করছে সে ।

কর্নেল এগিয়ে গিয়ে তার কাঁধে হাত রেথে বললেন—চলো ডালি : । তোমাকে তাঁব তে রেথে আসি । রোশ্বরে ঘোরাঘ্রির করে কাজ নেই । জয়ন্ত, তোমরা অপেক্ষা করো । আমি এখুনি আসছি ।

কর্নেল মাণ্টার ব্লিককে নিয়ে বেহড়ের পথে নেমে যাওয়ার পর শর্মাজী গোমড়াম থে ফাটলগ বলার কাছে এলেন। তারপর বললেন—কোনো কাজ হছে না! কর্নেলের সায়েবকে গভমে নিট যে কাজে সাহায্য করতে পাঠালেন, ওঁর সে দিকে মন নেই। কাজটা যথন আমাদের দারাই হবে, তথন আর কেন ওঁকে পাঠানো? নাও রাজকুমার। তুমি পাশ্প করো, আমি স্প্রে করি।

রাজকুমার স্প্রে মেসিনে বার কতক পাম্প করেছেন এবং শর্মাঞ্জী নলটা ফাটলে ঢুকিয়েছেন, অর্মান ফাটলের ভেতর থেকে চাপা শিসের শব্দ শোনা গেল। শর্মাঞ্জী চমকে উঠলেন। রাজকুমারও থেমে গেল। তারপরে শিসের শব্দটা বাড়তে বাড়তে কয়েক সেকেন্ডের মধ্যে যা ঘটল, তা আগ্নেয়গিরির বিস্ফোরণেরই মতো। ফাটলগ্লুলো দিয়ে শন্দন আওয়াজ করে বের্তে থাকল পঙ্গপালের ঝাঁক। মুহুতে আমরা ঢাকা পড়ে গেলুম। কোটি কোটি

—অসংখ্য পক্ষপাল শনশন শব্দে—এবং সেই তীক্ষা শিসের শব্দ তো আছেই, চারপাশ ওপর-নিচ কালো করে আমাদের কবরে দেবার উপক্রম করল। শর্মাজী চে চিয়ে উঠেছিলেন—পালাও! পালাও! এবার তিনি পাগলের মতো মাথা মূখ ঝাড়তে ঝাড়তে দিশেহারা হয়ে দৌড়লেন। আমরাও দিশেহারা হয়ে দৌড়লেন। আমরাও দিশেহারা হয়ে দৌড়লেন। কিছ্মদ্রে যাওয়ার পর রেহাই পাওয়া গেল। শর্মাজী তখনও দৌড়ছেন। সেই ফাটলগ্রলাের ওপর যেন কালো মেঘ শনশন করছে—আর সেই শিসের শব্দ।

ক্যাম্পের একটু আগে কর্নেল দাঁড়িয়ে গেছেন। মাস্টার ব্লিক ওদিকে তাকিয়ে ব্লিক ব্লিক করছে। তাকে খুব উত্তেজিত মনে হচ্ছে। শর্মাজী এলে কর্নেল বললেন—ভারি অম্ভূত তো!

শর্মান্দী হাঁপাতে হাঁপাতে বললেন—অর্থপেডেইরা গোত্রের পঙ্গপাল এগ**্লো**। এই দেখ্ন একটা ধরে এনেছি। প্রজাতি হল সিস্টেসার্কা গ্রেগরিয়া। ডেজার্ট লোকাস্ট বলা হয়। কিন্তু এদের এমন অম্ভূত আচরণের কথা জানা নেই।

কর্নেল ফড়িটো ওঁর হাত থেকে নিয়ে বললেন—মাই গ্রভনেস! ডঃ শর্মা! দেখন ভাল করে, এটার দেহে যেন কোনো জৈবিক পদার্থ নেই। ধাতব উপাদানে তৈরি বলে মনে হচ্ছে।

শর্মাজী পরীক্ষা করে বললেন—তাই তো দেখছি, কর্নেল। এই ঠ্যাংটা দেখন। ভাঙ্গা যাচেছ না। ইম্পাতের তারের মতো। দেখন কেমন বেকৈ রইল। অথচ ভাঙল না। আরে! এটা দেখছি ইলেকট্রিক শক দিচেছ।

কর্নেল বললেন—এখনই বারমের রেডিও মেসেজ পাঠান ডঃ শর্মা। কোনো বিশেষজ্ঞকে আসতে বলনে। এমন কাউকে পাঠাতে বলনে, যিনি একাধারে পদার্থবিদ, ধাতুবিজ্ঞানী এবং বিশেষ করে অ্যাস্ট্রোফিজিক্সেও যাঁর জ্ঞানগাঁম্য আছে।

রাজকুমার বলল—আটোফিজিক্স কেন কর্নেল ?

কর্নেল চিস্তিত মুখে বললেন—ডার্লেং! তুমি তো একজন বিজ্ঞানী। তুমি তো জানোই যে আমাদের এ ছোট্ট মরজগতের সর্বাকছ্ই মহাকাশ এবং সমগ্র গ্যালাক্সির সঙ্গে সম্পর্কিত। আলাদাভাবে বিচ্ছিপ্প করে কোনো জিনিস সম্পর্কে আমরা সিদ্ধান্ত নিলে ভূল করব। প্রথিবীতে যে প্রাণ নিয়ে আমাদের অভিত্ব, তারও মোলিক উপাদান মহাকাশ থেকে মহাজাগতিক ধ্রিকণার সঙ্গে একদা ভেসে এসেছিল—এমন কথাও বলছেন আধ্যনিক অ্যাম্ট্রোফিজিসিস্টরা। এ যুগে আমরা আর শুধু প্রথিবীর সন্তান নই। মহাজাগতিক এক বিশাল সংসারের অন্তর্ভুক্ত।…

# ৰাস্টর ত্রিকের অন্তর্গান

বিকেলের মধ্যেই হেলিকণ্টারে চেপে এলেন বিশেষজ্ঞমশাই। দেখলমুম, কনেলের পূর্বপরিচিত তিনি। নাম প্থিনীজিৎ সিং। পাঞ্জাবের শিখসম্প্রদারের মানুষ। বারমেরে প্রতিরক্ষা দপ্তরের কাজে এসেছিলেন। খবর পেয়ে নিজেই উৎসাহী হয়ে চলে এসেছেন। হেলিকণ্টারটা তাঁকে রেখে চলে গেল। সঙ্গে অনেক যন্ত্রপাতি এনেছেন ডঃ সিং। ঘণ্টাখানেক ফড়িংটাকে পরীক্ষা করে বললেন—আপনারা এটাকে রোবট ভেবেছিলেন। তা নয়। ঝাঁকে ঝাঁকে এমন রোবট তৈরি করতে হলে ধনী দেশকেও ফতুর হতে হবে তিনদিনে। আসলে এটা কোনিং প্রক্রিয়ার তৈরি।

শর্মাজী বললেন — কী কাশ্ড ! আমার মাথায় কথাটা একবার এসেছিল বটে।

— হাঁ্যা। ক্লোনিং আণবিক জীববিজ্ঞানের অন্তর্ভুক্ত জেনেটিক্স বা প্রজনন বিদ্যার একটি আধ্ননিক তত্ত্বমূলক প্রক্রিয়া। ডঃ সিং একটু হাসলেন। ডঃ শর্মা তো এসব জানেন। কর্নেলের কাছেও বিষয়টা আশাকরি অপরিচিত নয়। মনে আছে ? দিল্লীতে গত বছর আপনি আমার সঙ্গে—

কর্নেল বাধা দিয়ে বললেন—আচ্ছা ডঃ সিং, ক্লোনিং প্রক্রিয়ায় তো একটিমাত্র জৈব কোষকে কৃত্রিম উপায়ে বিকাশ ঘটিয়ে প্রয়োজন সংখ্যক ক্লোমোজোমের জোড়কে সাজিয়ে একটা ফর্মে আন্য যায়।

— হ'্যা। তবে ব্যাপারটা তত্ত্বের আকারেই ছিল। অথচ এক্ষেত্রে দেখছি কোনো কুশলী মন্তিষ্ক সেই তত্ত্বকে বাস্তবে সফল করেছেন। কে এই প্রতিভাধর বিজ্ঞানী ?

শর্মাজী বললেন—নিশ্চয় কোনো শত্রুদেশের বিজ্ঞানী তিনি। ভারতের শস্যক্ষেত্রে পঙ্গপাল নামিয়ে দুর্ভি ক স্থিতর চক্রান্ত এটা। তিনি বিজ্ঞানী হলেও তাঁকে বলব ঘ্ণা অমানুষ। তাঁর ফাঁসি হওয়া উচিত।

ডঃ সিং বললেন—তা তো উচিতই। কিন্তু তাঁর প্রতিভা অস্বীকার করা যায় না। সিন্টেরাসার্কা গ্রেগরিয়া প্রজাতির ফড়িংরের একটিমাত্র দেহ কোষ থেকে তিনি ক্লোনিং প্রক্রিয়ায় একটি ফড়িং স্টিট করতে পেরেছেন। এই ফড়িংটি অতিপ্রজননশীল। তার বংশধররাও তাই অতিপ্রজননশীল হয়েছে। আমার ভাবতে আতঙ্ক হয়, এভাবে হিটলারের একটিমাত্র দেহকোষ থেকে কত অসংখ্য হিটলার তৈরি করতে পারতেন—যদি এই বিজ্ঞানী সে সময় জামানিতে আবিভতি হতেন।

কর্নেল বললেন—এবার তাহলে আমাদের মাস্টার ব্লিককে নিয়ে আসি। তাকেও ক্লোনিং প্রক্রিয়ায় স্ভিট করা হয়েছে কি না দেখা যাক।

শীতের বিকেল দ্রত পড়ে এসেছে। সন্ধ্যার ধ্সরতা ঘনিয়েছে চারদিকে।

আমরা শর্মাক্রীর তাঁবনুর সামনে বসে কথা শন্নছিলন্ম। মাস্টার ব্লিক কর্নেলের পাশেই দাঁড়িয়ে ছিল। একটু পরে তাকে আমাদের তাঁবনুর দিকে যেতে দেখেছি।

কর্নেল তাঁব্রে সামনে গিয়ে ডাকলেন—মাস্টার ব্লিক! এস ডালিং।

কিন্তু কোনো সাড়া না পেয়ে ভেতরে গেলেন। তারপর ব্যস্তভাবে বেরিয়ে এদিকে-ওদিকে ঘ্ররে ডাকতে থাকলেন। কোনো সাড়া নেই ছোকরার। কর্নেল উদ্বিম মুখে বললেন – এই তো ছিল। গেল কোথায় সে? তারপর বাইনোকুলারে চোখ রেখে চারদিকে তন্ধতন্ধ খঞ্জলেন।

এইসময় সিহোরার একদল মেয়ে নদীর থেকে আসছিল। তারা খ্ব উত্তেজিতভাবে আসছিল। কর্নেল জিগ্যেস করেলেন-—তোমরা কি গর্ভু মহারাজকে দেখেছ ?

তারা একসঙ্গে হইচই করে উঠল। একজন স্বাইকে থামিয়ে দিয়ে বলল—গর্বড় মহারাজকে এইমাত্র আমরা নদীর ওপর দিয়ে উড়ে কেলার দিকে যেতে দেখলন্ম হৃজ্বর! তবে তার চেয়ে সাংঘাতিক ব্যাপার দেখে আমরা পালিয়ে আসছি। জল ভরতে পারিনি। খালি গাগরি নিয়ে পালিয়ে আসছি হৃজ্বর!

- —কী ব্যাপার দেখেছ তোমরা !
- কেলার মধ্যে দানো থাকে, তাকে দাঁড়িয়ে থাকতে দেখল্ম আমরা। হলদে রঙের একটা 'এত্তাবড়া' মাকড়ার পিঠে দাঁড়িয়ে আমাদের দেখছিল, হুক্রুর !

কর্নেল বললেন, ব্যাপারটা দেখতে হয়। জয়ন্ত, যাবে নাকি ?

আমি এগিয়ে গেলন্ম। রাজকুমার ও পাথিনীজিং সিংও ব্যস্তভাবে সঞ্চ ধরলেন। কী ভেবে রাজকুমার একজন বন্দনুকধারী গার্ডকেও ভেকে নিল। আমরা দলবেঁধে লানি নদীর দিকে ছাটে চললাম।

নদীর কাছে আমাদের উটওয়ালাদের সঙ্গে দেখা হল। তারা উটের পাল ডাকিয়ে ব্যক্তভাবে আসছিল। ভয়ার্ত ক'ঠম্বরে বলল—ওদিকে যাবেন না স্যার! কেলাবাড়িতে হলদেরঙের কী একটা দেখে উটগ্রলো ভয় পেয়েছে। আমরা তাই এদের ডাকিয়ে নিয়ে আসছি।

কেন্নায় গিয়ে টর্চের আলোয় তন্নতন্ন খইজে কোনো জনপ্রাণীটি দেখা গেল না। 'এত্তাবড়া' মাকড়সা কিংবা কোনো হলদেরঙের জিনিসও না। তবে কনেল টর্চের আলো কেন্নার চম্বরে ফেলে একখানে হাঁটু দ্বমড়ে বসলেন। তারপর সোদনকার মতো পরীক্ষা করে বললেন—কয়েকটা লম্বা আঁচড়ের দাগ। কিসের দাগ ?

কেলা থেকে নেমে সেই শুশুটা পর্যন্ত আমরা গেলনুম। সেইসময় আমি যেন কোথাও ব্লিক শ্নলনুম একবার। হয়তো কানের ভূল। তাই কথাট বললনুম না কর্নেলকে।

অনেকক্ষণ আশেপাশে থোঁজাথনিজ করে আমরা ক্যান্সে ফিরে চলল্ম। ...

#### মধ্যবাতের প্রলয়কাণ্ড

ক্যান্সে এ রাতে জর্বী কনফারেন্স। গর্ড মহারাজ গুরফে মাস্টার রিকের সেই প্রজনন কথা অর্থাৎ ডিমের ভাঙা থোলস পরীক্ষা করে প্রার্থিজং সিং সিলিকনই সাব্যস্ত করেছেন। তার মতে, ওই কিছতে বৃহৎ পক্ষীটিও ক্রোনেং প্রক্রিয়ায় স্টে। সিলিকন ধাতু কন্পিউটার বা রোবোটের প্রধান উপাদান। জাপানে এ ধাতুর সাহায্যে অসম্ভব-অসম্ভব কাজ চালানোর উপযোগী যন্ত্র হৈরি সম্ভব হয়েছে। বর্তমান যুগকে সিলিকন ধাতুর যুগই বলা হয়।

ডঃ সিংয়ের বন্তব্য শানে কর্নেল বললেন—তাহলে আরও ডিম খাঁজে পাওয়া উচিত। পক্ষপালের ঝাঁকের মতো! কাল আমরা ওই এলাকা খাঁজে দেখব।

শর্মাজী আঁতকে উঠে বললেন—ইতিমধ্যে যদি ডিমগ্নলো ফুটে গর্মড়-পক্ষীর ছানা বেরিয়ে থাকে তো কেলেস্কারি!

রাজকন্মার মনুচকি হেসে বলল, খনুড়োমশাইকে তাহলে বারমের থেকে পালিয়ে মাথা বাঁচাতে হবে।

শর্মাজী চটে গেলেন— বেশি বকো না। তোমারও একই অবস্থা হবে। বলে আমার দিকে কটাক্ষ করলেন। - এই সাংবাদিক ভদ্রলোককেও হতচ্ছাড়া পাখিটা পছন্দ করে না দেখছি।

কর্নেল এসব কথা থামিয়ে দিয়ে বললেন – এবার বলনে ডঃ সিং, আপাতত ওই পঙ্গপালের ব্যাপারে কী ব্যবস্থা নেওয়া যায়। শীগগির একটা কিছন না করলে তো মার্চ-এপ্রিলে উত্তর-পশ্চিম ভারতে কোথাও চাষীরা ফসল ঘরে তুলতে পারবে না। সব থেয়ে শেষ করে ফেলবে এই শক্তিশালী পঙ্গপাল।

প্থীজিং একটু ভেবে বললেন—প্রতিরক্ষা দফতরে কোমকেল রিসার্চ সেন্টার থেকে সদ্য আবিষ্কৃত মারাত্মক রাসায়নিক পদার্থ RRO-27 পরীক্ষার এমন সনুযোগ আর পাওয়া যাবে না। প্রয়োগ করে দেখা যাক না কী হয়। তবে—

উনি গম্ভীরভাবে চুপ করলে কর্নেল বললেন—তবে !

- ফাটলগন্লোর সঙ্গে যদি নদীর যোগাযোগ থাকে, জল বিষাক্ত হয়ে যেতে পারে। হ°ন এখন তত জল নেই নদীতে। কিন্তু আগামী বর্ষায় জলপ্রোত এসে ফাটলে ঢাকবে।

শর্মাজী উত্তেজিতভাবে বললেন—পরের কথা পরে। **আগে পঙ্গপাল** নিধন।···

চিন্তাভাবনার মধ্যে কনফারেন্স শেষ হল রাত বারোটা নাগাদ। তারপর আনরা শ্রে পড়লন্ম ক্যান্পথাটে। সবে একটু তন্দামতো এসেছে, বাইরে শনশন শব্দে ঘোর কেটে গেল। শব্দটা ঝড়ের বলে মনে হচ্ছিল। ডাকলন্ম— কর্নেল। কর্নেল। কার্ন লাক ডাকছিল। বন্ধ হয়ে গেল। বললেন- কী হয়েছে ? ----ঝড় আসছে।

হ্র, শীতের সময় আরবসাগর থেকে কচ্ছপ্রদেশ পেরিয়ে একটু আধটু ঝড়ব্র্ছিট এ তল্লাটে এসে থাকে শ্রনেছি। তোমার চিন্তার কারণ নেই। ক্যান্সের খ্রীট যথেষ্ট মঞ্জব্রত।

প্রচণ্ড শব্দে বাজ পড়ল এবং চাপা গ্রন্থন্ন, গর্জন শোনা গেল। গর্জনটা একটানা। সমন্দ্রের ধারে দাঁড়ালে যে বহুদ্রেপ্রসারী চাপা গরগর আওয়াজ শোনা যায়, ঠিক তাই। তারপরই ঝড়টা এসে ক্যাম্পের ওপর ঝাঁপিয়ে পড়ল!

তারপর কী একটা ঘটল যেন! তীর নীল বিদ্যুতের ঝলকানি, কান ফাটানো বন্ধ্রগর্জন—পরক্ষণে দেখি খোলা আকাশের তলায় বসে আছি। ক্যাম্পথাটটা আমাকে তুলে ফেলে দেওয়ার চেণ্টা করছে।—কর্নেল! কর্নেল! কর্নেল! কর্নেল! কর্লে চেণ্টাচয়ে উঠলন্ম। তারপর ঝড়ের ধাকায় উব্দু হয়ে পড়ে গেলন্ম। টের পেলন্ম, ক্যাম্পথাট এবং তাঁবনে ভেতরকার সব জিনিসপত্র উড়ে বেরিয়ে গেল। মাটিতে মন্থ গাঁজে পড়ে রইলন্ম। ওপরে প্রলম্নকাশ্ড চলতে থাকল। সেই ব্যাপক গরগর চাপা গর্জন এখন আমার চারদিকে।

কিন্তু এই ভয়ন্ধর প্রলায়ের মধ্যে তীক্ষা একটা শিসের শন্দ- যেমন শিসের শন্দ পঙ্গপালের ব্রিডিং গ্রাউন্ডে ফাটলের ভেতর শানেছি, তার লক্ষ্ণগুন বেশি জোরালো শন্দটা কানের ভেতর দিয়ে স্কুচের মতো মস্তিন্দে চনুকে যাচ্ছিল। অসহ্য লাগাতে দ্বকানের ভেতর আঙ্কল চনুকিয়ে পড়ে রইল্ম।

পরে শ্নলন্ম, এই সর্বনাশা কড়ের স্থিতিকাল ছিল মাত্র তিনমিনিট। কড় থামলে হামাগন্ডি দিয়ে উঠে ডাকলন্ম—কর্নেল। আপনি কোথায় ? কনেলের সাড়া পেলন্ম আমার পাশ থেকে।— আছি. জয়ন্ত! এবার উঠে পড়ো! কড় থেমে গেছে।

এবার একটা অম্ভূত ব্যাপার চোথে পড়ল। চারদিকে কেমন একটা নীলচে রঙ্গের আলো। অথচ আকাশ পরিষ্কার। কৃষ্ণপক্ষের এক টুকরো চাঁদ লানি নদীর ওপর দক্ষিণপত্ব আকাশে ঝুলে আছে। আবহাওয়া শীতের বলে মনে হচ্ছে না—যেন গ্রীষ্মরাতের। ফলে গরম সোয়েটারের ভেতর দরদর করে ঘামছি।

মিনিট খানেকের মধ্যে নীলচে আভাটা মিলিয়ে গেল। তাপটাও কমতে কমতে আবার মর্ভূমির শীত এসে হাজির হল। কর্নেল টর্চ জেবলে শর্মাজীদের খাঁজছিলেন। দেখলাম, একে একে ওঁরা হামাগর্ড়ি দিতে দিতে দ্পায়ে সোজা হচ্ছেন এতক্ষণে। ওদিকে উটওয়ালাদেরও কথাবাতা শোনা গেল। লাঠন জবলতে দেখলাম।

জেনারেটরটা নণ্ট হয়ে গেছে কোনো অজ্ঞাত কারণে। কিছ্বতেই আর সেটা চাল্ম করা গেল না। পেট্রম্যান্থ বাতি জনালা হল। তারপর পেছনের পাথরের স্তুপে আটকে থাকা তাঁব, ক্যাম্পথাট এবং জিনিসপত্র সবাই মিলে বয়ে।

সিহোরা থেকে কান্নাকাটি ও কোলাহলের শব্দ শোনা যাচ্ছিল অনেকক্ষণ থেকে। আলো নিয়ে ছোটাছন্টি করে বেড়াচ্ছিল গ্রামবাসীরা। আমাদের ক্যাম্পগন্নলো আবার সাজিয়ে নিতে নিতে ভোর চারটে বেজে গেল। উত্তর থেকে এখন প্রচণ্ড হিম মর্বাতাস এসে হাড় কাঁপিয়ে তুলছে। ··

#### মাস্টার ব্রিকের খোঁজ মিলন

ক্যান্পের সব যন্ত্রপাতি নিন্দ্রির হয়ে গেছে। রেডিও ট্রান্সমিশন অচল।
ব্যাপারটা বিন্ময়কর। সকালে ক্ষরক্ষতি লক্ষ্য করতে গিয়ে সবারই চোথে
পড়েছে, প্রাকৃতিক পরিবেশ বা বস্তুর কোনো ক্ষতি হয় নি। শৃন্ধ্নু মাননুষের
তৈরি এবং সংশ্লিণ্ট যা কিছনু, তাকেই বিশ্বংখল করে গেছে ওই অণ্ডুত ঝড়।
সিহোরা গ্রামের ঘরগনুলো পাথরের। বিশেষ ক্ষতি হয়নি। কিন্তু গৃহপালিত
পশ্রা অক্ষত নেই। অনেক মারা পড়েছে। অনেক পশ্নু জথম হয়েছে।
আশ্চর্য ব্যাপার, যে বনুড়ি ধন সিং নামে একটা লোকের ছাগলের মৃত্যুের কারণ
হয়েছিল, শৃন্ধ্ব সে বেচারী মারা পড়েছে ঘর ধসে। ঢাকলেল শিঙা কাঁসি
ব্যাজিয়ে গ্রামবাসীরা গরনুড় মহারাজের প্রজা দিছিল শ্মশান থেকে ফিরে।

শর্মাজী খ্র ভয় পেয়ে গেছেন। ভোরবেলা রান করে চলে গিয়েছিলেন সিহোরা গ্রামের মন্দিরে প্রণাম করতে। তারপর গ্রামবাসীর দলে ভিড়ে গেছেন। প্রাজিৎ সিং অচল রেডিও ট্রান্সমিশন নিয়ে বসে গেছেন। তাঁকে সাহাষ্য করছে রাজকুমার।

কর্নেল আমাকে ভেকে নিয়ে নদী পেরিয়ে কেল্লার দিকে চললেন। পথে যেতে যেতে বললেন— তিনটে ব্যাপার লক্ষ্য করার মতো। একঃ ঝড়টা ছিল শন্কনো— বৃণ্টিহীন। অথচ এমন হওয়ার কথা নয়। দ্বইঃ ঝড়ের সময় প্রথমে চাপা গরগর শন্দ, তারপর তীক্ষ্ম হ্বইসেলের শন্দ। তিনঃ ঝড়ের পর কিছ্মণ্ডন নীলচে আভা। আমি ওই সময় চাঁদের দিকেও লক্ষ্য করছিল্ম। চাঁদটা পর্যন্ত নীলচে দেখাছিল।

ওঁকে স্মরণ করিয়ে দিলমে, কাল সন্ধ্যায় কী একটা হলদে জিনিস দেখে উটগ্রলো ভয় পেয়েছিল। তাছাড়া গ্রামের মেয়েরা নাকি কেলার ওপর দানোকে দাঁড়িয়ে থাকতে দেখেছিল—দানোটা দাঁড়িয়ে ছিল হলদে রঙের মাকড়সার পিঠে।

কর্নেল চিন্তিতভাবে বললেন—মাকড্সা ! প্রথমদিন বিকেলে ওখানে মাটির ওপর স্ক্রা লম্বাটে আঁচড় দেখেছি আতসকাচের সাহায্যে । রাজক্মার বলছিল এ এলাকায় সর্মাকড্সাগ্রেলা প্রকাশ্ড হয় । আঁচড়গ্রেলা যদি মাকড্সার পায়ের হয়, তাহলে বলব, মাকড্সাটা একটা মোটরগাড়ির মতো বড় । কিন্তু গোলাকার ।

আমার মাথার ভেতর ঝিলিক দিল একটা কথা। বলল্ম—কর্নেল! জিনসটা স্পেসশিপ নয় তো ?

কর্নেল হাসলেন।—ডালিং! স্পেনশিপ বলতে কি তুমি অন্য কোনো গ্যালাক্সির প্রাণীদের দিকে ইঞ্চিত করছ ?

- কেন ? অসম্ভব কিসে ?
- অন্য গ্যালন্ত্রির চেয়ে আমাদের গ্যালান্ত্রিতেই এমন অসংখ্য রহস্য আছে জয়য়, যা আমাদের চক্ষ্ম ছানাবড়া করার পক্ষে যথেন্ট। তাছাড়া এখনও এই গ্যালান্ত্রি ছাড়া অন্যত্র প্রাণ আছে কিনা আমরা জানি না। বৃথা কল্পনায় লাভ নেই। তার চেয়ে—

হঠাং থেমে উনি বাইনোক্লারে কী দেখতে থাকলেন কেলার দিকে। তারপর হনহন করে হাঁটতে শ্রু করলেন। জিগ্যেস করেও কোনো জবাব পেল্ম না। কেলার কাছাকাছি পোঁছে কানে এল ব্লিক ব্লিক শব্দ। চমকে উঠল্ম। কর্নেল এখন দোড়াতে শ্রুর করেছেন। ব্যুড়োর নাগাল পেতে আমার মতো জোয়ানের হাঁফ ধরে যাড়িছল।

কেনায় উঠে চন্থরে ঢ্বকেই দেখি, মান্টার ব্লিক কাত হয়ে পড়ে আছে। কনেলকে দেখে সে ডানাদ্বটো নেড়ে কাতরভাবে ব্লিক ব্লিক করতে থাকল। কনেল তাকে দ্বহাতে তুলে দাঁড় করানোর চেন্টা করলেন। মান্টার ব্লিক অনেক কন্টে দাঁড়াল। তারপর কনেলের ব্বকে মাথা গ্রন্থে দিয়ে প্রকাশ্ড চঞ্চ্ব ফাঁক করল। কনেল পকেটে হাত ভরে একগাদা বিস্কৃট বের করে ওকে খাওয়াতে থাকলেন। বললেন—ঠিক এমন কিছ্ব অন্মান করেই বিস্কৃটগ্বলো এনেছিল্ব্ম। জয়ন্ত আমার কোটের পকেটে জেলির টিন এনেছি। বের করে দাও।

তা করতে গেলে হতাছাড়া ব্লিক চোখ ট্যারা করে তাকাল আমার দিকে।
কিন্তু ওর চঞ্চর ভেতর বিস্কৃতি। তাই ঠোকুর মারবার চেণ্টা করল না। রাগ
করে বলল্ম—আমাকে কেন দেখতে পারে না বল্লন তো? অথচ ও যখন
ডিনের ভেতর ছিল, তখন আমিই ওকে এতটা পথ বয়ে নিয়ে গেছি। নেমকহারাম
কোথাকার!

কর্নেল একটু হেসে বললেন—ক্রোনিং প্রক্রিয়ায় জন্ম হলেও মাস্টার ব্লিকের মধ্যে স্বাভাবিক জৈব সহজাত বোধ রয়েছে। মানবেতর জীবরা সেই বোধের সাহায্যে ঠিকই টের পায়, কে তাদের পছন্দ বা অপছন্দ করছে। তুমি নিশ্চয় ওকে অপছন্দ করো, ডালিং!

- —ঠিক অপছন্দ নয়। কেমন যেন গা ঘিনঘিন করে ওর গায়ের গন্ধে।
- --- মাস্টার ব্লিক কাল রাতের ঝড়ে আহত হয়েছে। ওকে একটু আদর করো। দেখবে আর তোমাকে ঠোক্কর মারতে চাইবে না! নাও, জেলিটা খাইয়ে দাও ওকে।

ভরে ভরে কোটো থেকে থানিকটা জেলি নিয়ে ওর চঞ্চর ভেতর গ্রন্ত দিল্ম। ডানায় ও লাল টুকটুকে চ্যাণ্টা মাথায় হাত ব্লিয়েও দিল্ম, কর্নেল ওকে আমার হাতে ছেড়ে দিয়ে চত্বরে কী সব তদন্ত শ্রুর করলেন। করেক গ্রাস থেয়ে মাস্টার ব্লিক হঠাং এটো চঞ্চ্বটা আমার সোয়েটারে ঘষতে থাকল। জেলিতে মাথামাথি হয়ে গেল। ওকে ঠেলে সরিয়ে দিয়ে বললমুম—তবে রে রাম গর্বড়ের ছানা!

মান্টার ব্লিক ব্লিক বলে বনে হাসল। নড়বড়ে ঠ্যাংয়ে এবার টাল সামলে খাড়া হতে পারল সে। কর্নেল বললেন—জন্মন, তোমার অনুমান আংশিক সতিয় হতেও পারে। যে হলদেরঙের মাকড়সার কথা আমরা শ্রেছি এবং তুমি যাকে স্পেসশিপ বলেছ, সেটা সত্যিই স্পেসশিপ। এখানেই ওটা নেমেছিল। তবে অন্য গ্যালাক্সির নয়, এ আমি হলফ করে বলতে পারি যে সেই উড়ক্ক্র গাড়িটি গত রাতে ইচ্ছে করেই আমাদের ক্যাম্পের ওপর ঝড় স্ভিট করে গেছে। সব রহস্য ওতেই কেন্দ্রীভূত।

- বলেন কী! কী করে ব**্র**লেন ?
- —তথ্য থেকে ডিডাকশান করে। কর্নেল চুর্ট ধরালেন। —কাল সন্ধ্যার মুখে উড়্ক্ গাড়িটাকে এখানে গ্রামের মেয়েরা দেখেছিল। কিন্তু তার আগে কোনো ঝড হয় নি।

মাস্টার ব্লিক নড়বড় করে হে°টে প্রাকারের ধারে গেল। তারপর বারবার ব্লিক ব্লিক করে করে ডাকতে থাকল। কর্নেল এগিয়ে বললেন—কী হয়েছে মাস্টার ব্লিক ?

বলে তিনি চোথে বাইনোক্বলার রেথে প্র'-উত্তর দিকের মর্ভূমির বালিয়াড়ি দেখতে থাকেন। একটু পরে অস্ফুটস্বরে বললেন—কাকে যেন দেখল্ম বালিয়াড়ির আড়ালে।

বালিয়াড়ির মাথায় এখনও ধ্সর ক্য়াশা আলোয়ানের মতো জড়ানো রয়েছে। আমি কিছ্ দেখতে পেলাম না। ওদিকটা দিগন্ত অন্দি ধ্সর হয়ে আছে—মাইলের পর মাইল বালির সম্দ্র। থর মর্ভুমির দক্ষিণ অংশটা বেঁকে প্রবে ঘ্রের আবার দক্ষিণে পঞ্চাশ মাইল চওড়া একটা ফালির মতো এগিয়ে কচ্ছ প্রদেশের ভেতরে ঢ্কে পড়েছে। মানচিত্রেই দেখেছি এটা। ক্রমশ না কি আরও ছড়িয়ে যাচেছ মর্ভুমি। প্রতিরোধের জন্য সরকার অজস্র প্রকল্প করেছেন। কচ্ছের অন্তর্গত রানের জলাভূমি এলাকা থেকে এই সিহোরা পর্যন্ত কোনো জনপদ নেই। কাজেই ওদিকে কোনো মান্য বাস করে না। গাছপালা দ্রের কথা একটা ঘাস পর্যন্ত গজায় না।

শন্ধন লন্নি নদীর দন্ধারে কিছন সবনুজের চিহ্ন। ক্ষয়টে রক্ক্র গাছ আর কটাগান্তম গজায়। নদীটা গিয়ে রান জলাভূমিতে পড়েছে।

কর্নেল অনেকক্ষণ লক্ষ্য করে বাইনোক্লার নামিয়ে বললেন—নাঃ! চোথের ভূল। চলো, ক্যান্সে ফেরা যাক। মান্টার ব্লিকের শুন্তুয়া করা দরকার। কাল রাতের ঝড়ে বেচারা ঘায়েল হয়ে পড়েছে।…

#### বন্দী অথবা অভিথি

মান্টার ব্লিকের প্নরাবির্ভাবে শর্মাঞ্জী এত থচে গেলেন যে কিচেন ক্যাম্পে গিয়ে বসে রইলেন সারা বেলা। প্থিনীজিং তার কাছ ঘেঁষতে সাহস পেলেন না। একটু দ্রে থেকে দেখে রায় দিলেন—এও ক্লোনিং প্রক্রিয়য় স্ট। তবে এটুকু বলা যায়, পেঁচা এবং ঈগলের দেহকোষ মিশ্রণে এই বিদ্যুটে পাথিটির উত্তব ঘটেছে। বিশেষ সংখ্যক ক্রোমোজাম জোড় সাজিয়ে একটা ফর্মে আনা হর্মোছল মিশ্রিত কোর্যাটকে। তারপর সিলিকনের পাত দিয়ে ডিম তৈরি করে চ্রাক্রের দেওয়া হর্মোছল।

সিহোরাবাসীদের পর্জার ঘটায় আমাদের কান ঝালপালা হয়ে যাচ্ছিল।
মাস্টার ব্লিককে বাইরে একটা খন্নিট পর্তে ঠ্যায়ে নাইলনের দড়ি বেঁধে রাখতে
হয়েছে। গ্রামবাসীদের দাবিতে আর তাকে ক্যাম্পের ভেতর ঢোকানো যায় নি।
নিবিকার ভঙ্গীতে 'গর্ড মহারাজ' পর্জাের প্রসাদ খেয়ে চলেছেন। তারপর
দর্টো ভেড়াও বলি দেওয়া হল। আতকে দেখল্ম, মাস্টার ব্লিক চঞ্চ্র এবং
পায়ের সাহাযে কাঁচা মাংস শকুনের মতাে ভক্ষণ করছে। কর্নেল ওকে সেদ্ধ
মাংস খাওয়াতেন। রাজক্মার অবাক হয়ে বলল—এরকম পেটুক কখনও দেখি
নি। দর্টো ভেড়া হজম করতে পারবে তাে ?

বিকেল নাগাদ পর্জাের ধ্রমধাড়াকা শেষ হল। স্বস্থি পেয়ে ক্যান্সে ঢ্রকে সবে একটু গড়াতে গেছি, বাইরে কর্নেলের চিংকার শ্রনল্ম—মাস্টার ব্লিক! মাস্টার ব্লিক!

বেরিয়ে গিয়ে দেখি, নাইলনের মজব্ত রশি ছি'ড়ে মান্টার ব্লিক দেড়ি চলেছে। কনে'লও দেড়িকুছেন পেছনে পেছনে। তারপর ডানা মেলল পাখিটা। নদীর ওপর দিয়ে উড়ে চলে গেল কেলার দিকে। দ্বটো ভেড়া খেয়ে ওর গায়ে জার ফিরে এসেছে বেড়েও গেছে সন্দেহ নেই।

কর্নেল থমকে দাঁড়িয়ে গেছেন। তারপর ঘ্ররে ঈশারা করলেন আমাকে যেতে। কাছে গেলে বললেন—কেল্লায় থাকতে মতলব ওর। এস তো দেখি, আবার ধরে আনতে পারি নাকি।

কেরার কাছাকাছি গিয়ে সকালের মতো ওর ব্লিক শ্নতে পেল্ম।
চত্বরে পৌছে দেখল্ম, ডানা খ্টছে—একটা ঠ্যাং অন্য ঠ্যাংয়ের হাঁটুতে
আঁকডানো। অবিকল বকের ভঙ্গীতে।

কর্নেল ডাকলেন—মাস্টার ব্লিক !

পাথিটা হঠাৎ হাঁটু ভাঁজ করে মুর্গির মতো মাটিতে বসে পড়ল। তারপর চাপা হুইসলের শব্দ শোনা গেল। কর্নেল চমকে উঠলেন—সর্বনাশ। আবার সেই ঝড় আসছে নাকি ?

শনশন হল। বিদ্যুৎগতিতে পূর্বদিক থেকে পাঁচলের ওপর দিয়ে

হলন্দরঙের বিশাল মাকড়সার মতো একটা জিনিস এসে চম্বরে আমাদের সামনেই নামল। মৃহ্তে ব্রুলনুম, এটা স্পেসশিপ—কর্নেলের বর্ণিত উড়্কুল গাড়ি। শিস ও শনশন শব্দ থেমে গেল সঙ্গে সঙ্গে। তারপর ওপরের ঢাকনাটা নিঃশব্দে খ্রুলে ভেতর থেকে উঠে দাঁড়াল আপাদমন্তক আঁটা কালো পোশাকপরা একটা মৃতি । তার চোথে কালো চশমা।

সে একলাফে নেমে আমাদের সামনে এসে ইশারা করল উড়্ক্র গাড়িটাতে চাপতে। তার হাতে একটা পিশুলের মতো জিনিস। নলের মূখ দিয়ে রগুবেরঙের ঝিলিক বেরুচ্ছে।

কর্নেল আন্তে বললেন—চলো জয়ন্ত! বাধা দিলে লেসার পিন্তল ছঃড়তে পারে।

রহস্যময় আগণ্ডুক হল্বদ গোলাকার গাড়ির ওপর একটা বোতাম টিপতেই একটা সিঁড়ি নেমে এল নিঃশন্দে। আমরা উঠে গিয়ে ওপরকার স্কুদ্পের মতো দরজা দিয়ে ভেতর ঢ্কে গেল্বম। ভেতরে চারজন বসার মতো ব্রাকারে সাজানো আসন রয়েছে। আমরা বসলে লোকটা মাস্টার রিককে তুলে নিয়ে এল। তাকে মেঝের চেপে বিসয়ে দিল। তারপর চশমা খ্লে আমাদের দিকে ঘ্রে একটু হেসে বলল—আদেশ পালনের জন্য ধন্যাদ। এবার কোমরে সিটবেল্ট বেঁধে নিন। কর্নেল কথা বলতে ঠেটি ফাঁক করলেন। কিম্তু তথন লোকটা আবার চশমা পরে মৃথ ঘ্রেরয়ে নিয়েছে। তারপর হিশ্ করে একটা শন্দ হল। তারপর শিস এবং শনশন আওয়াজ। পাশের ছোট ব্রোকার জানালা দিয়ে দেখল্বম আমরা আকাশে চলে এসেছি। অজ্ঞাত ভয়ে ব্রুক কেঁপে উঠল এতক্ষণে।

মাত্র মিনিট তিনেক হয়েছে কিনা সম্পেহ। শেষ বেলার আলাের নিচে সম্পুরের মতাে বিস্তার্ণ জল চােথে পড়ল। তারপর আবার শিসের শব্দ, শনশন আওয়াজ—তারপর দেখি আমরা জলে নেমেছি। তরতর করে জল ছাংয়ে ছাটে চলেছে একটা জলমাকড়সার মতাে এই অন্ত্তুত গাড়িটা। একটুও জল ছিটকে পড়ছে না। জলে দাগ কাটছে না। মনে হল, এটার যেন কানাে ওজনই নেই। তাই মাটিতে কােনাে চিহ্ন খালিচােখে দেখা যায় নি। কর্নেলকে আতসকাচ ব্যবহার করতে হয়েছিল। ওজন নেই বলে মাকড়সার ঠ্যাঙের মতাে আঁকসি বের করে মাটি আঁকড়ে ধরে থাকে।

সামনে সব্বজ রেখা ফুটে উঠল। দীপ সম্ভবত। বেলাভূমির বালির ওপর পিছলে উঠে পড়ল গাড়িটা। তারপর এগিয়ে চলল তেমনি তরতরিয়ে। এতক্ষণে লক্ষ্য করল্ম, গাড়িটার ঠ্যাং আছে মাকড়সার মতো। পথ বলতে কিছ্ম নেই। চড়াইয়ে উঠে গেছে সমতল মাটি। দুংধারে জঙ্গলা উচ্চ সব গাছ। একথানে থেমে গেল গাড়ি। লোকটা বলল—আস্কুন গরিবের পর্ণকুটিরে।

দিক্তি দিয়ে নেমে দেখি বনের ভেতর একটা জীর্ণ পাথরের বাড়ি—দে**থতে** 

কেল্লার মতো। মাথার ওপর গাছপালা বলে আবছা আঁধার ছমছম করছে। লোকটার আঙ্বলের ডগায় আলো ফিট করা আছে। সেই আলোয় ওর পেছনে পেছনে হে<sup>\*</sup>টে চলল্ম। ওর কোলে মাস্টার ব্লিক চুপচাপ বসে আছে। ঠ্যাং ঝুলছে।

# অপরাধীর শান্তি মৃত্যু

জীর্ণ বাড়িটা পাথরের। ভেতরে ত্বকে এক জারগায় নেমে লোকটা জনুতোর ডগা দিয়ে কিসের ওপর চাপ দিল। টুং করে শব্দ হল কোথাও। তারপর দেখলনুম, ঘরটা আলো হয়ে যাচ্ছে। আমাদের সামনে একটা রেলিংঘেরা চৌকোণা ই দারার মতো গর্ত রয়েছে। একটু পরে সেই গর্ত থেকে উঠে এল লিফট। লিফটের দরজা খনুলে লোকটা বলল—আসনুন।

লিফটে চেপে আমরা এবার যেখানে নামলমুম, সেটা একটা সাজানো গোছানো সমুশ্দর হলঘর। উল্জ্বল আলোয় ভরা। একদিকে বসার চেরার টোবল, শোবার খাট, বইরের রাাক অনেকগ্রলো। অন্যাদিকটায় বিচিত্র সব যন্ত্রপাতি, টিভি পদাসমন্বিত কম্পিউটার কয়েকটা, তার ওপাশে ল্যাবরেটার। একটা লন্বা টোবলের ওপর কাচের কফিন। কফিনের ভেতর একটা আন্ত মড়া। ভয়ে ভয়ে সেইদিকে তাকিয়ে আছি, লোকটা একটু হেসে বলল—ওটা মৃত মান্য নয়। সম্পূর্ণ জীবিত। তবে অজ্ঞান অবস্থায় রাখা হয়েছে। আপনারা বস্নেদয়া করে।

সে মাস্টার ব্লিককে দাঁড় করিয়ে আমাদের দিকে ঠেলে দিয়ে বলল অথ হে। কুটুম্বদের কাছে গিয়ে অপেক্ষা করো। আর শ্নন্ন, আপনাদের সেবার কোনো অটি হবে না। কিন্তু সাবধান, আসন ছেড়ে নড়বেন না। তাহলে আপনাদের বিপদ হবে। আমি আমার স্পাইডারশিপের ব্যবস্থা করে এখনই ফিরে আসছি।

স্পাইডারশিপ ! মাকড়শাষান । ঠিক তাই বটে । গাড়িটার চাকা নেই । ঠ্যাং বাড়িয়ে ঠিক মাকড়সার মতো দৌড়ে যায় এবং জলের ওপর জলমাকড়সার মতোই বিদ্যাংগতিতে ছনুটে যেতে পারে । আবার আকাশেও রকেটের মতো অবিশ্বাস্য গতিতে উড়ে চলে । খেলোয়াড়দের ডিসকাস থোয়িংয়ের মতো ব্যাপারটা ।

কর্নেল গন্তীর মনুথে চারদিক লক্ষ্য করছিলেন। মাস্টার ব্লিক তাঁর পাশে দাঁড়িয়ে আছে। একবারও আর ব্লিক করছে না। কোথায় যেন খনুবই চাপা শোঁ শোঁ শব্দ, মাঝে মাঝে ব্লিক্ ব্লিক্, কখনও খনুট্খাট্ যান্ত্রিক শব্দ। বন্ধতে পারছিলন্ম এক আধানিক বিজ্ঞানীর গোপন আখড়ায় এসে পড়েছি।

ব্লিক্ ... ঠ্বং ... খ্বটখ্বট শব্দ। তারপর দেখি ওপাশের দরজা খ্বলে গেল এবং একটা আন্ত ক্ষ্বদে রোবট গদাইলম্করি চালে হে<sup>\*</sup>টে আমাদের সামনে এসে দাঁড়াল। তার বাকে ছোট্ট টিভি পদার নীল-লাল রেখা কাঁপতে কাঁপতে ফুটে উঠল ঃ 'পেটের নীল বোতাম ছাঁলে কফি, লাল বোতাম ছাঁলে চায়ের লিকার। চিনি এবং দাধের প্যাকেট আমার বাঁ পকেটে।'

বলা বাহ্ল্যা, সবই ইংরেজিতে লেখা। কর্নেল নীল বোতাম ছ্বতৈই তার তলপেটের নীচে একটা ট্রে বেরিয়ে এল। তাতে একটা পেপার কাপ ভর্তি কৃষির লিকার। কর্নেল আবার বোতাম ছ্বলেন। আরেক কাপ কপি ট্রেতে পড়ল ঠকাস করে। তারপর রোবটের পকেট থেকে দ্বটো ছোট্র দ্বধ আর দ্বটো চিনির কিউব ভরা প্যাকেট তুলে নিলেন। একটু হেসে বললেন—মাস্টার ব্লিক, তোমার খাদ্য আমার পকেটে আছে। দিচ্ছি।

রোবটের বাকের পর্দায় ফুটে উঠল লাল হরফেঃ 'শান্তিস্বরাপ পাথিটাকে কিছা থেতে দেওয়া হবে না।'

রোবোটটা চলে গেল। কফিতে চুম্কুক দিয়ে কর্নেল বললেন-- মাস্টার ব্লিক, আমি নাচার ডালিং'।

মাস্টার ব্লিক চুপচাপ দাঁড়িয়ে রইল বিরসবদনে। একটু পরে সেই লোকটাই ফিরে এসে টেবিলের সামনের আসনে বসল। তারপর কালো চশমা খালে একট্ হেসে বলল— আশাকরি কোনো অস্কবিধে হয় নি ?

কর্নেল বললেন— না। কিন্তু আমাদের জানতে ইচ্ছে করছে মাননীয় গ্রহকর্তার পরিচয় কী ?

—আমি একজন বিজ্ঞানী।

নি**শ্চ**য় তাই। কিন্তু তার বাইরেও আপনার একটা পরিচয় আছে।

- -তার আগে কি আপনার জানতে ইচ্ছে করছে না কেন আপনাদের নিয়ে এলন্ম ?
  - করছে। কিন্তু প্রথমে জানতে ইচ্ছে করছে আমরা কোথায় আছি ?
- কচ্ছের রান জলাভূমির এক দ্বর্গম দ্বীপে। লোকটা একটু হাসল আবার।

   আপনাদের নিয়ে আসার কারণ, আপনারা একটা ডিম চুরি করেছিলেন!

কর্নেল আপত্তি করলেন— চুরি কেন ? ডিমটা আমরা কুড়িয়ে পেয়েছিল্ম সিহোরা কেলার কাছে।

- কিম্তু একথা নিশ্চয় জানেন, না বলে অন্যের জিনিস নিলে সেটাই চুরি ?
- আসলে আমরা ওটা কোনো প্রাকৃতিক বস্তু ভেবেছিল ম! লোকটা চটে গেল।—প্রাকৃতিক বস্তুর জিনিস ? বাজে কথা বলবেন না। কর্নেল বিনীতভাবে বললেন— অজ্ঞতার জন্য এ অপরাধ করে ফেলেছি। ক্ষমা চাইছি।

লোকটার মাথে গর্ব ফুটে উঠল।— যাই হোক, আমার দ্বিতীয় পরীক্ষাও সফল হয়েছে। পৌরাণিক গরাড়ের জন্ম সম্ভব হয়েছে। গতবছর যে গরাড়- পাথির উম্ভব ঘটেছিল, দ্বর্ভাগ্যক্রমে কর্সমিক ঝড়ের তাণ্ডবে সে মারা পড়েছিল। এবার—

কর্নেল চমকে উঠে দ্রত বললেন—প্থিবীতে কর্সমিক ঝড় ? সে তো মহাকাশের ঘটনা।

লোকটা বিরক্ত হয়ে বলল —হাঁয়। স্থেরি কেন্দ্রে ওই ঝড় কোথা থেকে এসে ধান্ধা মারে। স্থেরি আয়তন বেড়ে যায়। কিন্তু গত একটা বছর ধরে লক্ষ্য করছি, এক বর্গমাইল আয়তনের একটা কসমিক ঝড় এসে প্থেবীর ওপর ঝাঁপিয়ে পড়ছে। আগের রাতেও ঝড়টা এসেছিল। তাই আমি এই ছিতীয় গরন্ড পাখিটির জন্য খনুব উদ্বিগ্ন ছিলন্ম। তবে এ যে বেঁচে আছে, তার প্রমাণ অবশ্য পাচ্ছিলন্ম। এর জন্মের আগে থেকে জ্নাকোষে ধর্ননসংকেত পাঠানোর ব্যবস্থা করা ছিল এবারে।

- --হ:, ওই ব্লিক্ ব্লিক্ ডাকটা।
- ঠিক ধরেছেন। আপনাকে বৃদ্ধিমান মনে হচ্ছে।
- -- ওই শ্রনেই ওর নাম রেথেছি মাস্টার ব্লিক।

লোফটা হাসতে লাগল।—আপনি মশাই বড়রসিক দেখছি। মাস্টার বিক '

কর্নেল সিরিয়াস ভঙ্গীতে বললেন—কিন্তু কেন কর্সমিক ঝড় এসে প্থিবীতে আঘাত হানছে—এবং বেছে-বৈছে ঠিক সিহোরা এলাকায় ? এ সম্পর্কে কি কিছ্ম ভেবে দেখেছেন ? আমাদের লোকাস্ট্ প্রজেক্টের ক্যাম্পে সব যন্ত্রপাতি অচল করে দিয়েছে ওই ঝড়। তাছাড়া তীক্ষ্ম হুইসল আর একটা নীল আভা!

লোকটা গ্রম হয়ে কী ভাবল। তারপর বলল—আপনি লক্ষ্য করেছেন তাহলে। ঝড়টা মাঝে মাঝে এই দ্বীপেও হানা দেয়। ভাগ্যিস মাটির তলায় এবং বিশেষ নিরোধক ব্যবস্থা থাকায় আমার ল্যাবোরেটার এখনও অক্ষত রয়েছে। এটা আসলে যোলশতকে তৈরি পর্তুগীজ জলদস্যদের ঘটি। মাটির তলায় এই ঘরটায় ওরা আরবসাগর থেকে বাণিজ্য জাহাজ লাঠ করে এনে সব দামী জিনিস লাকিয়ে রাখত।

কর্নেল হঠাৎ বললেন—আপনি জেনেটিক্স বিজ্ঞানী। ক্লোনিংতত্ত্বকে বাস্তবে সফল করতে পেরেছেন। তার প্রমাণ লানি নদীর ধারে বেহোড় এলাকায় ফাটলের ভেতর ওই পক্ষপাল! আরও প্রমাণ এই মাস্টার ব্লিক। কিন্তু কেন আপনি গোপনে গোপনে এসব করছেন ?

—কেন ? বিজ্ঞানীর চোখদ্বটো জবলে উঠল ।—আপনাদের আমি মৃত্যুদণ্ড দিয়েছি। মৃত্যুর আগে সব কথা জেনে যেতে পারবেন।

শ্বনে আমার মাথার খ্বলির ভেতরটা শ্বা হয়ে গেল এবং একটা ঠাডা ঢিল গড়িয়ে গেল যেন। আতক্ষে কাঠ হয়ে গেলব্ম। কর্নেল নিম্পলক চোখে তাকিয়ে রইলেন লোকটার দিকে।

সে নিষ্ঠার মূথে আবার বলল — আর মাত্র বাহান্তর ঘণ্টা আপনাদের আয়ৄ। কারণ আমার আরও একটা ক্লোনিং প্রক্রিয়ার সাফল্য আপনাদের দেখিয়ে তাক লাগাতে চাই। সেই বিদ্যায় নিয়েই আপনাদের মৃত্যু হোক।…

#### ধ্বংদের পরিকল্পনা

লোকটা প্রতিভাধর বিজ্ঞানী। কিন্তু উন্মাদ বলে মনে হচ্ছিল তাকে। তার হাবভাবে ক্রমশঃ অপ্রকৃতিস্থ মান্ধের আচরণ ফুটে বের্ন্চিছল। সে চেয়ার থেকে উঠে গিয়ে চোথ কটমট করে আমাদের দিকে একবার তাকাল। তারপর চলে গেল কফিনটার কাছে। কাচের কফিনটার ঢাকনা খ্লে সে ঝাঁকে রইল কিছন্কন। তারপর পাশের একটা প্রকাণ্ড কন্পিউটারের বোর্ডে আটকানো একটা স্পিংয়ের মতো কুণ্ডলীপাকানো তার টেনে কফিনের ভেতর ঢোকাল। পারিন্কার বোঝা যাচ্ছিল না কী সে করছে। একটু পরে সে ঢাকনা খোলা রেখেই অন্য একটি কন্পিউটারের সামনে গেল। পর্দায় লাল-নীল আলোর রেখা জনলে উঠছে, নিভে যাচেছ। বিচিত্র আঁকিবর্নিক ফুটে উঠছে। সে খ্লব মন দিয়ে সেগ্লো লক্ষ্য করতে থাকল।

কর্নেলের দিকে তাকালনুম। এই বৃদ্ধও কম প্রতিভাধর নন। বহু সাংঘাতিক বিপদের মন্থে ওঁর বৃদ্ধি, সাহস ও প্রত্যুৎপল্পমিতিত্ব দেখে অবাক হয়েছি। কিন্তু তাঁকেও এখন অসহায় মনে হচ্ছিল। কপালে বিন্দ্ব বিন্দ্ব ঘাম দেখতে পাচিছলনুম। মাস্টার ব্লিক কখন থেকে ছবির মতো নিস্পন্দ দাঁড়িয়ে আছে। তার দ্বই চোয়াল থেকে বেরনুনো শাঁড় দ্বটো খাড়া হয়ে রয়েছে।

কিছ্মুক্ষণ পরে লোকটা ফিরে এসে চেয়ারে বসল। ঘড়ি দেখে গন্তীরভাবে বলল···অপনাদের মৃত্যুর ঘড়ি চাল্ম করে দিয়ে এলমুম। আর একান্তর ঘণ্টা চল্লিশ মিনিট তের সেকেন্ড বাকি।

কর্নেল শান্তভাবে বললেন—আপনার এ ক্লোনিংয়ের উদ্দেশ্য কী।

- --প্রথমে উদ্দেশ্য ছিল স্জনমলক। এখন ধরংসমলেক।
- —আপনি কি কার্র ওপর প্রতিশোধ নিতে চাইছেন ?
- -- অবশ্যই। তামার প্রতিশোধের পরিকলপনা ত্রিমুখী। বলে সে টেবিলের ড্রয়ার থেকে এক শিট কাগজ বের করল। কলম টেনে নিল স্কুদ্শা কলমদানি থেকে। কাগজে আঁক কেটে বলল—এই দেখুন আমার ধর্মের অভিযান কী ভাবে শর্র হবে! প্রথম পরেণ্ট হল ডেজার্ট লোকান্ট্—মর্ পঙ্গপাল। এদের কোনো পেন্টিসাইডস প্রয়োগ করেও মারা যাবে না। কারণ এদের শরীরে প্রতিরোধ শক্তি প্রচন্ড। মার্চ-এপ্রিলের প্রথমে এরা উত্তর-পশ্চিম ভারতের শস্যক্ষেত্রে গিয়ে হানা দেবে। খারিফ শস্য আর ঘরে উঠবে না। দ্বিভিক্ষ দেখা দেবে। সরকারের উদ্ব খাদ্য ভাশ্যর খালি হয়ে যাবে রিলিফের কাজে।

তারপর আবার পঙ্গপালের রিডিং এবং আরও শ**ন্তিশালী পঙ্গপাল আগামী** শরতকালে পূর্বভারতে গিয়ে হানা দেবে। একই অবস্থার সৃষ্টি হবে। বিদেশের কাছে খাদ্যের ন্ধা হাত পাততে হবে।

নিন্দ্রর হেসে আবার কাগজে আঁক কেটে বলল—এবার দ্বিতীয় পয়েন্ট গর্ভুজাথির অভিযান। এই পাথির নথের ভেতরে জৈব বিষের থাল রয়েছে। ঠিক একমাস বয়স হলে এ পাথির নথের ভেতরকার বিষের থালদ্বটো ফেটে যাবে এবং যেদিকে উড়ে যাবে সে সেদিকেই বিষ ছড়িয়ে পড়বে বাতাসে। বিষের কণা মাটি স্পর্শ করার সঙ্গে সঙ্গে জন্ম নেবে এক প্রজাতির সাংঘাতিক ভাইরাস! সেই ভাইরাস ব্যাপক রোগ ছড়াবে—যার কোনো ওয়্ধ এখনও অনাবিন্কৃত।

এরপর কাগজে একটা গোলা আঁকল বিজ্ঞানী। বলল—এটা কোনিং প্রক্রিয়ায় স্টে একজন মান্য। একজন জীবিত মান্য থেকে— ওই যে দেখছেন কফিনে শুয়ে অছে — তার দেহকোষ থেকে— তৈরি হবে প্থক প্রজাতির এক মান্য, যার সঙ্গে শ্বাভাবিক মান্যের যত মিল, অমিলও তত। এই কফিনের লোকটা এদেশের একজন ঝান্য রাজনীতিক। তাকে আমি ধরে নিয়ে এসোছ। জনসভায় গরম গরম বস্তুতা করে এসে সে তার বাড়ির ছাদের ফলবাগানে একলা বসে মদ্পোন করছিল। রাতটা ছিল জ্যোৎয়ার।

থিকখিক করে হাসতে লাগল বিজ্ঞানী। কর্নেল বললেন – এই রাজ-নীতিকের দেহকোষ থেকে কি পৃথিক প্রজাতির রাজনীতিক স্থিত করতে চাইছেন ?

- তিকই ধরেছেন। আপনি বৃদ্ধিনান বলেই তো আপনার মৃত্যুর আগে ব্যাপারটা দেখিয়ে দেওয়া উচিত মনে করেছি। আমার সৃষ্ট নতুন প্রজাতির রাজনীতিক মান্ম হবে সব স্বাভাবিক রাজনীতিকের এক মৃতিমান সমবায়। দৃত্তিক ও মহামারীর পর যারা বেঁচে থাকবে, তাদের ধরংস স্বরান্বিত করার জন্যই এনন একজন রাজনীতিওয়ালা দরকার কি না বলনে ? আসলে যে প্রজাতির রাজনীতিওয়ালা পৃথিবীতে আগামী যুগে স্বাভাবিক নিয়মে আবিক্কত হবে, আমি জেনেটিজের ক্লোনিং প্রক্রিরায় তাদের একজন অগ্রগামীকে এখনই সৃত্তি করতে চাই। কারণ নিউক্লিয়ার যুদ্ধের আগেই পৃথিবী থেকে মান্মের চিহ্ন মৃত্তে যাক—এই আমি চাই।

— মানুষের ওপর এত ক্রোধ কেন আপনার ?

একটু চপ করে থাকার পর লোকটা বলল—প্রথমে মান্থের ওপর ক্রোধ ছিল না, ছিল দেশের সরকারের ওপর। পরে ভেবে দেখল্ম, মান্থই তো সরকার গড়ে কোথাও প্রকাশ্যে ভোট দিয়ে, কোথাও নীরব সমর্থনে কিংবা নিচ্ফিয় নিরপেক্ষ থেকে। দেশের মান্থের যেগন প্রকৃতি, তাদের সরকারও হয় তেমন প্রকৃতির।

<sup>---</sup> সরকারের ওপর আপনি ক্র্রন্ধ কেন ?

- —তাহলে গোড়ার কথাটা বলতে হয়।
- —বল্বন। আমার শ্বনতে ইচ্ছে করছে।
- আমি ছিল্ম প্রতিরক্ষা গবেষণা দফতরের একজন সহকারী বিজ্ঞানী। রাসায়নিক যুদ্ধের প্রতিরোধ-সংক্রান্ত বিষয় নিয়ে গবেষণা করছিল্ম। সে আজ পনের বছর আগের কথা। আমি যার অধীনে কাজ করছিল্ম, সেই লোকটার বিজ্ঞানে একটা ডক্টরেট ছিল বটে, আদতে সে ছিল হাড়ে হাড়ে একজন ব্যুরোক্রাট প্রভাবের লোক। অকর্মার ধাড়ী। এক মন্ত্রী আত্মীরের জ্যেরে আমার মাথার ওপর বর্সেছিল। আমি রাসায়নিক যুদ্ধের প্রতিরোধ হিসেবে জেনেটিক্স নিয়ে মাথা ঘামাচ্ছিল্ম। ক্রোনিংতত্ত্বকে বাস্তবে সফল করার কথা ভাবছিল্ম। বিভিন্ন প্রতিরোধন্বভাবী ভাইরাসের কোষ থেকে ক্রোনিং করে এক নতুন প্রজাতির ভাইরাস স্থিট করতে পারলে রাসায়নিক যুদ্ধে শত্রুপক্ষের ব্যবহাত বিষাক্ত পদার্থ তাকে দিয়ে হজম করানো যায়। আপনি নিশ্চয় খবরে পড়েছেন, সমুদ্রের জলে পেট্রল ট্যাংকার থেকে পেট্রল পড়ে জলদ্বেণ ঘটে এবং সেই পেট্রল নিঃশেষে থেয়ে ফেলে সম্বুচকে দ্ব্ধণমুক্ত করবে, এমন একরকম ভাইরাস আর্মেরিকার এক বাঙালী বিজ্ঞানী সৃণ্টি করেছেন গ
  - হাা। পড়েছি।
  - ঠিক তেমনি। কিন্তু আমার বস ভদ্রলোক আমার সমগ্র গবেষণা ও ফলাফল নিজের নামে প্রচার করলেন। আমি প্রতিবাদ করায় আমাকে সাসপেন্ড করলেন, তাই নয়—গর্শুডা দিয়ে শাসালেন যে যদি এ নিয়ে আমি হইচই করি, আমার প্রাণ যাবে। আমি জেদী মান্য। প্রধানমন্ত্রীকে সব লিখে জানাব ঠিক করল্য। কিন্তু কীভাবে খবর পেয়ে শয়তানটা অন্য চক্রান্ত করল। আমি পাকিস্তান সরকারকে নাকি কেমিকেল ওয়ারফেয়ার রেজিন্ট্যান্স প্রজেক্টের মল্যবান নথি পাচার করে দিয়েছি! আমি নাকি গর্প্তচর! বেগতিক দেখে আমি গাঢাকা দিল্ম! কারণ আমি জানি, এই সাংঘাতিক অপরাধে আমার চরমদশ্ভও হতে পারে!
    - —কিন্তু আপনি সে অপরাধ করেন নি।
  - —না। তারপর আমাকে না পেয়ে আমার বৃদ্ধ বাবা-মাকে ধরে নিয়ে গেল।
    আমাদের ঘরদোর সম্পত্তি বাজেয়াপ্ত করল। তব্ আমি ধরা দিল্ম না। কারণ
    আমার গবেষণার চ্ড়ান্ত সাফল্য বাকি তথনও। তারপর গত পনেরটা বছর
    ধরে আমি লড়াই করে গেছি বাকি কাজ শেষ করার জন্য। অর্থসংগ্রহ করেছি
    চম্বলের ডাকাতদের দলে ভিড়ে। ছম্মবেশে ছম্মনামে বিদেশে গেছি। কচ্ছ
    উপকুলের স্মাগলারদের সাহায্যে বিদেশী যন্ত্রপাতি আনিয়েছি। পর্তুগীজ
    জলদস্যুদের এই গোপন ডেরার কথা আমি নানা স্ত্রে জেনেছিল্ম। আমার
    একটা গোপন গবেষণাগারের দরকার ছিল। পেয়ে গেল্মুম এখানে, তারপর-

वाधा मिरा कर्तन वनान-जाभनात वावा-मा कि अथन वन्नी ?

গলার ভেতর বলল—না। দ্বেছর আগে তাঁরা জেলেই মারা গেছেন।

- আপনার জীবন আশ্চর্য রোমাঞ্চকর। আপনার ক্বতিত্বও বিষ্ময়কর। কনেলৈ প্রশংসা করে বলতে থাকলেন। বিজ্ঞানের সমস্ত শাখায় আপনার প্রতিভার সাক্ষর দেখতে পাচিছ। ওই স্পাইডারশিপও এক বিষ্ময়কর সূচিট্
- আমি ফ্লাইং সসারের অন্করণে ওটা তৈরি করেছি। খেলায় ডিসকাস থ্রোয়িং নিশ্চয় দেখেছেন। এই গাড়িটা ডিসকাসের গড়নে তৈরি। তাই সামান্য স্পিড দিলে স্পিড বহুগুণ বেড়ে যায়। আকাশে, জলে বা স্থলে সমান বেগে ছুটতে পারে ছুইড়ে মারা ডিসকাসের মতো।
- --কিন্তু এবার আপনি কেন প্রকাশ্যে আত্মপ্রকাশ করছেন না ? যদি বলেন, আমি প্রধানমন্ত্রীর কাছে আপনার পক্ষ থেকে গিয়ে সব কথা খুলে বলব।

হাত তুলে বলল—কোনো দরকার নেই। বাবা-মায়ের মৃত্যুর খবর যেদিন কাগজে পড়োছ, সেদিনই প্রতিজ্ঞা করেছি—আমি দেশটাকে ধ্বংস করে দেব। দেশটা গলেপচে গেছে। এর মৃত্যু হওয়া দরকার।

শ্বাস ছেড়ে সে উঠে দাঁড়াল। তারপর— আসছি বলে িাফটের কাছে গিয়ে স্কুইচ টিপে লিফটের দরজা খ্বলল এবং ভেতরে ত্বকে ফের স্কুইচ টিপল। লিফটটা বিদ্যুৎগতিতে ওপরে উঠে গেল।…

#### ইন্দ্রনীলের আবির্ভাব

মাস্টার ব্লিক একটু আগে থেকে উসখ্য করছিল। এতক্ষণে দ্বার ব্লিক ব্লিক করে উঠল। কনেলি তার কাঁধে হাত রেখে বললেন—কী হয়েছে মাস্টার ব্লিক ?

পাথিটা হঠাৎ টাঙেস টাঙস করে এগিয়ে গেল। তারপর প্রথম কিম্পউটারের কাছে গিয়ে টি ভি পর্দার দিকে তাকিয়ে ফের ব্লিক ব্লিক করতে থাকল। এবার পর্দার দিকে চোথ গেল আমাদের। কর্নেল বললেন— ব্রুঝেছি! মাস্টার ব্লিক তার স্রুটাকে পর্দায় দেখতে পেয়েছিল।

পর্দায় আবছা জঙ্গলের দৃশ্য ফুটে উঠেছে এবং বিজ্ঞানী প্রবরের আঙ্বলের ডগায় আলো জ্বলছে। সেই আলোতেই রাতের জঙ্গল একট্-একট্ আভাসিত হচছে। কোথায় যাচছে সে ? ব্বতে পার্রাছ, ওপরকার জঙ্গল তথা দীপের দৃশ্য এখানে বসেই দেখা যায় এবং বিজ্ঞানী লোকটা এভাবেই নজর রাখে, কেউ এ দ্বীপে এসে পড়েছে কি না। সে ঢাল্ব পথ ধরে বেলাভূমিতে নামল। তারপর জলের ধারে দাঁড়িয়ে বাঁ হাতের এজনী তুলে কী ইশারা করতে থাকল। একট্র পরে জল থেকে ভেসে উঠল সেই হল্বদরঙের স্পাইডারশিপ। কর্নেল বললেন—ব্বতে পারছ জয়ন্ত ? বাঁ-হাতের আঙ্বলে রিমোট কন্টোল সিস্টেম রয়েছে। তার সাহায্যে গাড়িটা ডেকে আনলেন ভদ্রলোক।

রাগ করে বলল্বন—ভদ্রলোক বলবেন না। সিহৌরার লোকে ওকে দানো বলে। লোকটা সত্যি একটা দানো। স্পাইডারশিপে ত্কে গেল সে। তারপর মুহুতেই গাড়িটা জলমাকড়সার মতো বিদ্যাৎবেগে অদৃশ্য হল অম্ধকারে।

रठा९ कर्तान वनलान-जातः। ध जावातः कः ?

শ্বিনে আবছা কালো একটা মূতি ফুটে উঠেছে। মূতিটা পা টিপে টিপে এগিয়ে আসছে কেল্লাবাড়ির দিকে। একটু পরে ওপরকার ঘরের মেঝেয় তার সিল্লাট মূতি দেখা গেল। ব্রুল্লম, এই কম্পিউটারাইজড টিভির স্বয়ং চালিত আ্যান্টেনা সবরকম ম্যুভিং অবজেক্টকে কেন্দ্র করে ছবি পাঠায়। মূতিটা বসে পড়েছে এবার। কিন্তু সঙ্গে সঙ্গে পর্দা থেকে মূতিটা মূছে গেল। কর্নেল উঠে দাঁড়ালেন। তারপর লিফটের স্ফুলের কাছে গেলেন। তর্খনি ব্লিক খুট খুট শব্দে একটা রোবোট কোখেকে এসে কর্নেলের কোট খামচে ধরল যান্ত্রিক হাতে। আমি আঁতকে উঠল্ম। মান্টার ব্লিক এসে রোবোটটার পিঠে জারে ঠোজর মারল। ঠনাং করে শব্দ হল। কর্নেল রোবটটাকে দেখছিলেন। হাত বাড়িয়ে তার মাথার দিকে আনতেই রোবোটটা অন্য হাতে কর্নেলের হাতটা চেপে ধরল। কর্নেল বললেন—জয়ন্ত ! জয়ন্ত ! ওর মাথার লাল বোতামটা জ্যোরেটিপে দাও।

দোড়ে গিয়ে লাল বোতামে চাপ দিল্ম। তথনি রোবোটের দ্বটো হাত ঝ্বলে পড়ল। কর্নেল একটু হেসে বললেন—জাপানী ইন্ডাম্প্রিয়াল রোবোট-গার্ড। টোকিওর একটা কারথানায় এই প্রহরীরোবট গতবছর দেখে এসেছিল্ম। ভাগ্যিস, কন্ট্রোলসিস্টেমটা জেনে নিয়েছিল্ম। কাজে লাগল। যাই হোক, দেখি লিফটটা নামানো যায় নাকি।

বলল্ম-ওপরে গিয়ে চাবি এটি নিষ্ক্রিয় করে দিয়ে গেছে হয়তো।

-- দেখা যাক। বলে কর্নেল খ্রীটিয়ে স্কৃত্তের ফ্রেমটা লক্ষ্য করতে থাকলেন। এটা-ওটা টেপাটেপি করেও কোনো কাজ হল না।

তথন কর্নেল বললেন—নিশ্চয় কোনো কেন্দ্রীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা আছে কোথাও। একটা মাদার কন্ট্রোল সিস্টেম না থেকে পারে না। চলো তো, খইজে দেখি শিগগির!

খ কৈতে খ কৈতে হন্যে হল ম দ্বজনে। মাস্টার ব্লিক নিচ্ছির রোবোটটার গায়ে ঠোকর মারছে, কামড়ে ধরছে। হঠাৎ কর্নেল বললেন — নি চর সেটা ওর চেরারে বা টেবিলের কোথাও থাকা উচিত।

বলে টেবিলের কাছে গেলেন। খ্রীটয়ে দেখতে দেখতে টেবিলের তলায় পায়ের কাছে একটা ছাট্ট বাক্স পেয়ে গেলেন। বাক্সটার সঙ্গে তার পরানো আছে একগর্চছর। টেবিলে রেথে সংকেত চিষ্ণ দেখতে দেখতে একটা খ্রদে সর্ইচে চাপ দিলেন। ঘস্ করে একটা শব্দ হল। তারপর আশ্বস্ত হয়ে দেখলন্ম, লিফটটা নেমে এল। কর্নেল বললেন—আপাতত এখনই এখান থেকে বেরন্নো দরকার।

লিফটে মাস্টার ব্লিককেও চাপানো হল। রোবোটটা দাঁড়িয়েই রইলো তেমনি। আমরা ওপরে উঠে গেলন্ম। লিফটের আলোয় দেখলন্ম সেই ম্তিটা একজন মানন্বের। পরণে শতচ্ছিন্ন পোশাক। ক্লান্ত চেহারা। চমকে উঠে ফ্যালফ্যাল করে তাকিয়ে আছে।

আমাদের দেখে সে ভীষণ অবাক হয়ে গেছে সন্দেহ নেই। কর্নেল তার সামনে গিয়ে বলে উঠলেন—আর্পান কি ইন্দ্রনীল রায় ? মাথা নেড়ে একটু হাসবার চেন্ট করল সে।

—শিগগির আমাদের সঙ্গে আসন্ন। জয়ন্ত, ওঁকে একটু সাহায্য করো। আমাদের এখনই কোথাও লাকিয়ে পড়া দরকার।

তিনজনে অন্ধকার জঙ্গলের ভেতর দিয়ে এগিয়ে বেলাভূমিতে নামল্ম। এখন দৃণ্টি স্বচ্ছ হয়েছে। আকাশে নক্ষত্র বিকমিক করছে। চাঁদ উঠতে দেরি আছে। বেলাভূমি ধরে আমরা দ্রের দিকে হেঁটে চলল্ম। সেইসময় কর্নেল বলে উঠলেন—ওই যাঃ। সেই টিভিটা বন্ধ করে আসা উচিত ছিল। ওটার স্বয়ংক্রিয় অ্যান্টেনা আমাদের গতিবিধি দেখিয়ে দেবে।

বলল ম— আমরা যদি না নড়াচড়া করে কোথাও বসে থাকি, তাহলে বোধ করি টিভি পর্দার আমাদের ছবি ফুটে উঠবে না। আমি লক্ষ্য করেছি, ওই লোকটা চুপচাপ দাঁড়িয়ে থাকছিল, তখনই পর্দার কোনো ছবি উঠছিল না। ম্যুভিং অবজেক্টের ছবিই ওতে ফোটে।

কর্নেল বললেন—শা্ধ্র মনুগভিং অবজেক্ট নয় জয়ন্ত। অবজেক্ট কোনো প্রাণীর হওয়া চাই। মাস্টার ব্লিক, সাবধান! এখনকার মতো নড়বে না। ব্লিক ব্লিক করবে না। কেমন ?

মাস্টার ব্লিক বলল—ব্লিক !

—চুপ! কর্নেল থাম্পড় তুলে বললেন।—দ্পিকটি নট। তারপর তাকে কোলে তুলে নিলেন।

ডাইনে পাথরের স্তুপ আবছা নজরে আসছিল। আমরা সেদিকে এগিয়ে গেল্ম। এতক্ষণে ইন্দ্রনীল বলল—এটা কী পাখি ?

কর্নেল বললেন—পোরাণিক গর্বড়পক্ষী। আর কথা নয়। নড়াচড়া নয়। এখানে চুপচাপ বসা যাক।

### রহস্তময় নীল কুয়াণাবৃত্ত

মাথার ওপরে রাতের আকাশের নক্ষত্র ঢেকে একটা নীলচে রঙের বিশাল ব্রত নেমে আসতে দেখে প্রায় চে°চিয়ে উঠলুম—কর্নেল ় কর্নেল ় ওটা কী ?

কর্নেল দেখে বললেন—মূখ গাঁজে থাকো সবাই। চোখ বন্ধ রাখো। সাবধান!

শনশন শব্দে তীক্ষ্ম হুইসল। তারপর চার্রাদক হাল্কা নীল আলোয় ভরে

গেল। সেই সঙ্গে শার্র হল প্রলয় কান্ড। প্রচন্ড ঝড় আমাদের ধান্ধা মেরে নিচের বেলার্ভুমিতে ফেলে দেওয়ার চেন্টা করতে থাকল। হামাগর্ড়ি দিয়ে পাথরের গায়ে ঝাঁকে আমরা বসে রইলাম।

কর্নেল মৃদ্বস্বরে বললেন—মহাজাগতিক চৌম্বক ঝড়। কিন্তু আন্চর্য ব্যাপার সিহোরা গ্রামে দেখেছি মান্বের তৈরী যা কিছ্ব জিনিসের ওপরই এই অন্তুত ঝড়ের হামলা। পালিত পশ্বও অবশ্য মারা পড়েছিল দেখেছি। সম্ভবত মান্বের সংসর্গে বাস করে বলে তাদের ওপরও হামলা হয়েছে। কিন্তু তত বেশি ক্ষতি করা যেন এ ঝড়ের উদ্দেশ্য নয়। জয়য়, মহাজাগতিক কোনো ব্রন্ধিমান সত্তা যেন কোনো বিশেষ উদ্দেশ্য নিয়ে এই হামলা করছে।

বললন্ম—আমারও তাই মনে হচ্ছে! কিন্তু বেছে বেছে শ্ব্ধ্ সিহোরা এলাকা। আর রানের এই দ্বীপে কেন ?

ইন্দুনীল বলল —এবার আমার কথা শুনুন। পাঞ্জাবের ওপর দিয়ে হ্যাং গ্রাইডারে উড়ে আসতে আসতে হঠাং বাতাসের ধাকায় রাজস্থানের থর মর্ভুমির আকাশে চলে গিয়েছিল ম। গ্লাইডারে কন্টোল সিন্টেম ছিল। বাতাসের জোর কমলে আবার দক্ষিণে ঘ্রিয়ে দিল্ম গ্রাইডার। বেলা পড়ে এসেছিল। একসময় ম্যাপ এবং চার্ট মিলিয়ে অক্ষাংশ-দ্রাঘিমাংশ নির্ণয় করে দেখি, আমি গ্রুজরাটের দিকে চলেছি। তারপর আবিষ্কার করলাম কন্ট্রোল সিস্টেম অকেজো হয়ে গেছে। কিছুতেই গ্লাইডারের গতিপথ বদলাতে পারলুম না। ব্যাটারি পর্যন্ত নিষ্ক্রিয় হয়ে গেছে। আলো নিভে গেছে। অসহায় হয়ে ভেসে চর্লোছ আকাশে। যে কোনো মৃহ্তে আশংকা করছি, পাহাড়ে ধান্ধা লেগে গ‡ড়ো হয়ে যাব। হঠাৎই দেখি গ্লাইডার নেমে চলেছে। ডানা দ্বটো নবক্ট ডিগ্রি বরাবর কাত হয়েছে। পালকের মতো নেমে পড়ল আমার হ্যাং গ্লাইডার। বেল্ট খুলে নেমে এল্বম। অন্ধকারে কিছ্ব দেখতে পাচ্ছিল্বম না। কম্পাসও অচল। তাই দিক নির্ণায়ের জন্য আকাশে ধ্রুব তারা খ্রন্ধতে লাগলাম। তারপর অবাক হয়ে দেখি, আমার ওপর—একটু আগে যে নীল কুয়াশাব্ত নেমে এসেছিল, ঠিক তেমনি একটা জিনিস ভেসে আছে। তারপর আমি ভীষণ চমকে গেলুম। বলতে পারেন. আমি একটা গাঁজাথুরি গল্প শোনাচিছ। বিশ্বাস করুন, আমার প্রতিটি কথা সতা।

কর্নেল বললেন—না, না। বলন্ন আপনি!

— আমি দেখল ম যেন চুম্বকের টানে সোজা ওপরে উঠে যাচছ। একটুও ওজন নেই শরীরের। মাধ্যাকর্ষণ টের পাচিছ না। নীল কুয়াশাব্রুটার কাছাকাছি পেশীছে টের পেল ম ওটা আমাকে যেন ঝুলন্ত অবস্থার নিয়ে চলেছে। আঁতকে অজ্ঞান হয়ে গেল ম। যথন জ্ঞান হল, চোথ খুলে দেখি জঙ্গলের মধ্যে পড়ে আছি। অন্ধকার হলেও এটা জঙ্গল, তা বুঝতে পারছিল ম। টলতে টলতে উঠে দাঁড়াল ম। তারপর আশ্রেরে খোঁজে হাঁটতে থাকল ম। কতবার আছাড় থেরে কাঁটার পোশাক ছি'ড়ে ফালাফালা হল। হঠাৎ চোথে পড়ক একটা লাল বাতি উ'চুতে জনলে উঠে তক্ষ্বনি নিভে গেল। অনুমান করে সেই-দিকে ওই ভাঙা বাড়িটার হাজির হর্মেছিল্ম। তারপর আপনারা—

कर्त्न व वल्लन- हुन ।

পশ্চিমের ধ্বলাভূমিতে লাল নীল হল্বদ আলোর বিশ্ব পর্যায়ক্তমে জ্বলতে জ্বলতে কী একটা এগিয়ে আসছিল। সেটা তীরে এসে পেশছবলে দেখল্বম স্পাইডারশিপ এতক্ষণে ফিরল। কর্নেল উঠে দাঁড়ালেন। চাপা গলায় বললেন—বিজ্ঞানী ভদ্রলোক ফিরে এলেন। ল্যাবরেটরির দশা দেখে আশার্করি রাগের চোটে আরও পাগল হবেন। এস জয়ন্ত, আস্বন ইন্দ্রনীলবাব্। আড়াল থেকে ব্যাপারটা দেখা দরকার। স্কুঙ্গপথ আনরা খ্বল রেখেছিল্বম। কাজেই মহাজাগতিক চৌশ্বক ঝড় ওঁর ল্যাবরেটরির সব যন্ত্র নিশ্বিয় করে রেখে গেছে।

বেলাভূমির ধারে পাথরেরর আড়ালে আমরা চুপিচুপি এগিয়ে চলল্ম।
প্পাইডারশিপটা মাকড্সার মতো দুর্দিকে ঠ্যাং বের করে তরতরিয়ে ওপরে উঠে
যাছে। এতক্ষণে কৃষ্ণপক্ষের চাঁদটা ক্ষীণ জ্যোৎয়া ছড়াচেছ। সেই হাল্কা
হল্ম আলোয় হল্মদরঙের প্পাইডারশিপকে থামতে দেখল্ম জঙ্গলের ভেতরে।
কর্নেল ফিসফিস করে বললেন—জয়ন্ত, মাস্টার ব্লিককে ধরো, আশা করি আর
তোমাকে ঠোকরাবে না।

শ্রীমান রামগর্বভের ছানা আমার বিকে সেঁটে রইল। কর্নেল পা টিপে টিপে এগিয়ে চলেছেন। একটু পরে দেখি, উনি থমকে দাঁড়িয়ে গেলেন। তারপর ঝোপের আড়ালে গিয়ে ওত পেতে বসলেন। আমরাও একটা প্রকাশ্ড পাথরের আড়ালে বসে আছি। চাঁদের আলোটা আবছা হলেও ওই জায়গাটা পরিক্লার দেখা যাডেছ।

বিজ্ঞানীকে গাছপালার ভেতরে থেকে দৌড়ে বের্তে দেখা গেল। স্পাইডার-শিপের কাছে আসতেই কর্নেল তার ওপর ঝাঁপিয়ে পড়লেন। ইন্দ্রনীল অবাক হয়ে বলল —কী ব্যাপার ?

কর্বেলের ডাক শ্নতে পেল্ম—জয়ন্ত! তোমরা এখানে চলে এস।

গিয়ে দেখি কর্নেল লোকটার পিঠে বসে আছেন। মাস্টার ব্লিক ব্লিক করতে করতে আমার কোল থেকে নেমে কর্নেলের পাশে গিয়ে দাঁড়াল। কর্নেল বললেন—জয়ন্ত, ওখানে ওই কালো জিনিসটা পড়ে আছে। সাবধানে তুলে আমাকে দাও। ওঠা লেসার পিন্তল।

মারাত্মক অশ্রটা কুড়িয়ে কর্নেলকে দিলাম। তথন কর্নেল ওর পিঠ থেকে উঠে দাঁড়িয়ে বললেন—মিঃ এক্স! এবার ভালমান্থের মতো উঠে দাঁড়ান। দ্বঃখ করে লাভ নেই। যা বলছি, লক্ষ্মী ছেলের মতো শ্রন্ন।

সে দূর্যতে মুখ ঢেকে হাউহাউ করে কাঁদতে শুরু করল। করেল তাকে টেনে ওঠালেন! ফের বললেন — মিঃ এক্স। আমাদের সিহৌবা নিয়ে চলুন।

- —আমি মিঃ এক নই। সম্জন সিং রচ্পাল।
- —িমিঃ রচপাল! চলন্ন আমরা সিহোরা যাই। আপনার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ দ্থালনের দায়িত্ব আমি নিচিছ। সরকার যাতে আপনার বিদ্মরকর গবেষণায় সাহায্য করেন, সে চেণ্টাও আমি করব। দেখলেন তো মিঃ রচ্পাল, আপনার ধরংস পরিল্পনাকে ব্যর্থ করার জন্য যেন প্রকৃতিই পাল্টা ব্যবস্থা রেখেছেন ? আপনি প্রতিভাধর বিজ্ঞানী। আপনি আশাকরি ব্রুতে পেরেছেন, ঈশ্বর কি না জানি না—তাকে আমি ঈশ্বরও বলব না—কী এক দন্তর্জের শক্তি এখনও যেন সারা স্থিতিক নজরে রেখেছে। মহাজাগতিক চৌন্বক প্রবাহ তারই এক প্রহরী হয়তো।

সম্জন সিং রচপাল রুমালে চোথ মাছে বললেন—ও কে। এক মিনিট, স্পাই জারশিপের ইউরোনিয়াম জালানি কত্টুকু আছে দেখে নিই।

বলে স্পাইডারশিপের ওপরকার দরজা থালে ভেতরে ঢাকলেন। তারপর আমাদের বোকা বানিয়ে চোথের পলকে প্রকান্ড চার্কাতর মতো হলাদ মাকড়সা গাড়িটা সাঁই করে আকাশে উড়ে গেল।

তারপর ঘটল ভয়ঙ্কর ঘটনা। আকাশে একটা প্রচণ্ড লাল আগন্নের ভাটার মতো ওটা পাক থেতে থাকল। তারপর তীর সাদা আলোর ঝলকানি দেখতে পেলনুম। কর্নেল বললেন—সর্বনাশ!

প্রচণ্ড বিস্ফোরণের শব্দে কানে তালা ধরে গেল। কয়েক সেকেন্ড মাত্র। তারপর আর কিছু দেখতে পেলুম না। তেমনি সোনালী জ্যোৎস্না বৃক্তে নিয়ে আকাশ নির্বিকার। নক্ষত্র ঝিলমিল করছে। টুকরো চাঁদটাও তেমনি নিস্পাদভাবে ঝুলে আছে। কোথাও রাতপাথি ডাকল।

মাস্টার ব্লিক চুপচাপ দাঁড়িয়ে ছিল। হঠাৎ তিনবার ব্লিক করে ডেকে সে দোড়নুনো শ্বর করল জলের দিকে। কর্নেল চে°চিয়ে তাকে ডাকলেন—মাস্টার ব্লিক! মাস্টার ব্লিক!

হতচ্ছাড়া পাথিটা জ্যোংখ্লাভরা আকাশে ডানা মেলে উড়ে গেল। আমরা হতভদ্ব হয়ে দাঁড়িয়ে রইল্ম ।···

# উপসংহার

রান এলাকা পাকিস্তানের সীনান্তে। তাই দ্বর্গম জলাভূমি হলেও কোথাও কোথাও ভারতীয় প্রতিরক্ষা ঘাঁটে রয়েছে। দ্বদিন দ্বরাত্রি পরে প্রতিরক্ষা উপকূল বাহিনীর একটি হেলিকণ্টার দৈবাং ওই এলাকায় গিয়ে আমাদের দেখতে পায়। আমরা তিনটি মান্য তখন ক্ষ্বংপীড়িত এবং দ্বর্বল। হেলিকণ্টারটি আমাদের সিহোরা পেশছে দেয়। গিয়ে দেখি, ব্রিদ্ধমান প্রেরীজং সিংসেই পঙ্গপালের আস্তানার ফাটলগ্রলাকে কংক্রিট দিয়ে সীল করে দিয়েছেন।

শন্ধ্ব ভাবনা ছিল রামগর্নড়ের ছানাটার জন্য। তার দ্বপায়ের তলায় মারাত্মক বিষাক্ত ভাইরাসের থালি আছে। রান এলাকায় তার অন্বসন্ধানের ব্যবস্থা করে কর্নেল ইন্দ্রনীল ও আমাকে নিয়ে কলকাতা ফিরেছিলেন। কিছ্বিদন পরে কাগজে খবর বের্বল, রানের একটি দীপে মাস্টার রিককে মৃত অবস্থায় পাওয়া গেছে। তাকে থর মর্ভুমির এক দ্বর্গম এলাকায় গভীর গর্ত করে প্রতেফেলা হয়েছে।

আর মহাজাগতিক চৌশ্বক ঝড়ের রহস্যমোচন হয়েছিল আরও দ্মাস পরে।
ভান্প্রতাপের কেল্লার ওথানে সেই প্রাচীন শুস্তের কাছে খর্ড়ে মাটির তলায়
শক্তিশালী চুশ্বক পাওয়া যায়। ঠিক তেমনি আরেকটি চুশ্বক পাওয়া যায় সম্জন
সিং রচপালের ভূগর্ভস্থ ল্যাবরেটরিতে। সম্জন সিং রচপাল সম্ভবত চুশ্বকটি
সহৌরার ওই প্রাচীন অবজারভেটরি এলাকায় কুড়িয়ে পেয়েছিলেন। দ্রিট
চুশ্বককে অজস্র টুকরো করে দেশের বিভিন্ন জায়গার যাদ্বরের রাখা হয়েছে।
রাজনীতিক ভদ্রলোককে বাঁচানো যায় নি। তবে তাঁর বয়সও ছিল ৪2 বছর।
শব্ধে ইন্দ্রনীলের ব্যাপারটা বোঝা যায় না। কর্নেলের মতে, মহাজাগতিক
কোনো দ্বর্জের শক্তি বেচারীকে নিয়ে একটু কোত্বক করেছিল। এ সেই
ডোবার ব্যাগু আর দ্বুটু ছেলেদের ঢিল ছোঁড়ার গপ্পের মতো। ওদের কাছে যা
থেলা, ব্যাগুদের কাছে তা প্রাণান্তকর। প্রিথবীর মান্ব তো মহাজাগতিক
পরিপ্রেক্ষিতে ব্যাগ্রের চেয়ে অকিঞ্চিকর প্রাণী।

সে যাই হোক, মাস্টার ব্লিক অর্থাৎ সেই রামগ্রন্ত্রে ছানাটির জন্য এখনও আমার খুব দৃঃখ হয়। ওর লাল মাথাটিতে যদি একটু বৃদ্ধিস্ক্লি থাকত।…

जिया रिक्र

į

\*

#### গোলকৰ বা

প্রাইভেট ডিটেকটিভ কে কে হালদার খবরের কাগজ পড়ছিলেন। হাতে নিস্যর কোটো। হঠাৎ বলে উঠলেন,—আঃ! পিচাশ!

হাসি চেপে বললাম, কথাটা পিশাচ হালদারমশাই !

উর্ত্তোজত হলেই ঢাঙা গড়নের এই গোরেন্দা ভদুলোক আরও ঢ্যাঙা হয়ে ওঠেন যেন। গোঁফের ডগা তিরতির করে কাঁপে। বললেন,—মশায়! চোঁতিরিশ বংসর পর্নলসে সার্ভিস করছি। অন্ধকারে বনবাদাড়ে শ্মশানেমশানে ঘ্রছি। কথনও পিচাশ দেখি নাই। কর্নেলস্যার, দেখেছেন নাকি?

কর্নেল নীলাদ্রি সরকার একটা গান্দা প্ররনো বই পড়ছিলেন। দাঁতের ফাঁকে আটকানো চুর্টের নীল ধোঁয়া তাঁর চকচকে টাকের ওপর কুণ্ডলী পাকিয়ে খেলা করছিল। খ্যিসন্লভ সাদা দাড়িতে একটুকরো চুর্টের ছাই আটকৈ ছিল। মুখ তুলতেই তা খসে পড়ল। বললেন, —কী হালদারমশাই ?

- —পিচাশ।
- নাহ্। দেখিনি। তবে শ্বেনছি পিশাচ নাকি শ্মশানের আশেপাশে থাকে। মড়া থায়।

ধ্মগড়ের পিচাশ ব্যাবাক একটা মড়া খাইয়া ফ্যালাইছে।— হালদারমশাই আবার একটিপ নিস্য নিলেন। উত্তেজনার সময় দেশোয়ালি ভাষায় কথা বলাও ওঁর অভ্যাস। বললেনঃ জয়ন্তবাব্বগো পেপার না লিখলে কথা ছিল। ছয় লক্ষ্ণ সাকুলেশন। তাই না জয়ন্তবাব্ব?

বললাম,—আন্ধ রোববারে ছ লাখ। অন্যদিন চার লাখ। কিন্তু দৈনিক সত্যসেবক পত্রিকার ওই খবরটা মোটেও এক্সক্র্নিসভ নয়। নিউজ এজেন্সির পাঠানো খবর। কাজেই এ খবরকে গ্রেহু দেওয়া ঠিক নয়। আসলে পাতা ভরানোর জন্য অনেক সময় বাজে খবরও ঢোকাতে হয়। আবার সাংবাদিকরাও মাঝেমাঝে রাজনীতির কচকচি থেকে পাঠকদের রিলিফ দিতে মজার-মজার খবর তৈরি করেন। বিশেষ করে আজ রোববার ছ্র্টির দিনে পাঠকদের একটু আনন্দ দেওয়া মন্দ কী ?

কর্নেল গন্তীর মনুথে বললেন,—জরম্ভের কথার কান দেবেন না হালদারমশাই ! ধ্মগড়ের শমশানে সত্যিই পিশাচের ডেরা আছে । পিশাচটা একটা মড়ার পেট চিরে নাড়িভন্নড়িও থেরেছে ।

গোরেন্দা ভদ্রলোক তড়াক করে উঠে দাঁড়ালেন। তারপর ষথারীতি 'ষাই গিয়া' বলে জোরে বেরিয়ে গেলেন।

বললাম,—সর্বনাশ ! হালদারমশাই সত্যিই ধ্মগড়ে গোরেন্দাগিরি করতে বাচ্ছেন নাকি ?

কর্নেল বললেন,—গেলে একটা রোমাঞ্চর অভিজ্ঞতা হতে পারে। তুমিও ওঁর সঙ্গ ধরলে পারতে।

- কী আশ্চর্য ! আপনি এই গাঁজাখারি খবরে বিশ্বাস করেন ?
- —করি বৈকি। বিশ্বপ্রকৃতিতে রহস্যের কোনও শেষ নেই ডার্লিং!
- —কর্নেল! আপনি কী বলছেন? পিশাচ-টিশাচ মান্বের আদিম বিশ্বাস। কুসংস্কার মাত্র।

আমার বৃদ্ধ প্রকৃতিবিদ বন্ধ্ব একটু হেসে বললেন,—তৃমি ভারউইনের বিবর্তানবাদের কথা ভূলে যাচ্ছ জয়ন্ত! কোম্যাগন্ন মান্ধ এবং হোমো সেপিয়েন—সেপিয়েন অর্থাৎ আধ্বনিক মান্ধ্যের মধ্যেকার পর্যায়ে অবস্থা কীছিল, এখনও বিশেষ জানা যায়নি। তাই মিসিং লিংক কথাটা বলা হয়। কে বলতে পারে পিশাচ সেই মিসিং লিংক নয় ? বিশেষ করে ধ্মগড় জায়গাটা আমি দেথেছি। পাহাড় জঙ্গল নদী আর প্রাচীন ধ্বংসাবশেষের মধ্যে রহস্যময় অনেক কিছ্নুই থাকতে পারে। ওখানকার শ্মশানটাও প্রতিহাসিক।

কর্নেল বইটা টেবিলে রাখলেন। এতক্ষণে চোখে পড়ল, মলাটে সোনালি হরফে লেখা আছেঃ 'ধ্মগড়ের রাজকাহিনী।' বললাম,-তা হলে বোঝা যাছে, পিশাচের গণ্প এই বইটাতেও আছে।

কর্নেল হাসলেন,—নাহ্। এটা ধ্মগড়ের প্রাচীন রাজবংশের কাহিনী। ১৮৯০ সালে রাজাবাহাদ্বর জন্মেজয় সিংহের লেখা পারিবারিক ইতিহাস।

- —ব্যাপারটা সন্দেহজনক কিন্তু।
- —কেন ?
- —কাগজে ধ্মগড়ে পিশাচের খবর বের্ল, আর বইটাও আপনার হাতে চলে এল ।

যণ্ঠীচরণ আরেক দফা কফি আনল। কফিতে চুম্ক দিয়ে কর্নেল বললেন,
—বইটা আমার হাতে উড়ে আর্সেন। গত মাসে ধ্মগড় গিয়েছিলাম অর্কিডের
থোঁজে। ওইসময় ওথানকার রাজাদের বংশধর রণজয় সিংহের সঙ্গে আলাপ
হয়েছিল। কথায়-কথায় বংশের লম্বাচওড়া গলপ শোনালেন। গলপগ্রলো যে
সাত্যি, তা প্রমাণের জন্য এই বইটা আমাকে পড়তে দিলেন। আমি উঠেছিলাম
নদীর ধারে ফরেস্ট-বাংলোয়। সেখানে বিদ্বাৎ নেই। হেরিকেনের আলোয়
বইটা পড়তে শ্রেক্ করলাম। সকালে ফেরত দেবার কথা ছিল। হঠাৎ রণজয়
সিংহ রাতদ্পর্রে গিয়ে হাজির। ভেবেছিলাম পারিবারিক ইতিহাসের বইটা
নিয়ে কেটে পড়েছি কিনা দেখতে এসেছেন। কিন্তু তা নয়। ভদ্রলোক চুপিচুপি
একটা অম্ভূত কথা বললেন। বইয়ের ভেতর একটা ধাঁধা আছে। ওটার জট
ছাড়াতে পারলে আমাকে সাধ্যমতো প্রেক্ত্র করবেন। ধাঁধাটা হলঃ

পাৰণ্ডের প। কভু ধরিস না মন্তকে খা কী জলে রে বাবা॥ কর্নেল কফিতে আবার চুমুক দিলেন। বললাম,—সেকেলে লোকেরা শ্নেছি কথায়-কথায় ধাঁধা আওড়াতেন। কিন্তু এ ধাঁধাটা একেবারে গোলকধাঁধা। আমি হেসে উঠলাম। কর্নেল ব্যস্তভাবে বললেন, —কী বললে? কী বললে? গোলকধাঁধা?

--- हा। शानकथौं थारे वना हरन।

কর্নেল উঠে দাঁড়ালেন হঠাং। তারপর টেলিফোনের কাছে গেলেন। ডায়াল করে সাড়া পেয়ে বললেন,—সঞ্জয়বাব্। কর্নেল নীলাদ্রি সরকার বলছি। আপনার জ্যাঠামশাই,···চলে গেছেন ?···ঠিক আছে। রাথছি।

টেলিফোন রেথে উষ্জ্বল হেসে কর্নেল আমার দিকে তাকালেন। বললেন,
— রিলিয়ান্ট, ডার্লিং রিলিয়ান্ট! এ বেলা আমার ঘরে তোমার লাঞ্চের নেমন্তর।
অবাক হয়ে বললাম — ব্যাপার কী ৪ হঠাৎ আমার এত প্রশংসার কী হল ৪

একটা জ্টিল রহস্যের সমাধান তোমার মুখ দিয়ে বৈরিয়ে এসেছে।— বৃদ্ধ রহস্যভেদী বাকি কফিটুকু শেষ করে চুরুট ধরালেন। বললেনঃ আসলে অনেকসময় আমরা জানি না যে আমরা কী জানি। অবশ্য তফাত শুধু একটা ও-কারের। ও-কার জুড়লেই তো সব জল হয়ে গেল।

আরও অবাক হয়ে বললাম,—কী অভ্তুত !

আশ্তুত্ তো বটেই।—কনেলি গন্তীর হয়ে বললেন ঃ তবে এবার পিশাচটাকে খাঁজে বের করা দরকার। সেজন্যই ধ্রুমগড়ে ছ্রুটতে হবে। আমার ভয় হচ্ছে জয়ন্ত, হালদারমশাই পিশাচটার পালায় পড়লে আর জ্যান্ত ফিরে আসতে পারবেন না। কথাটা যুদি দৈবাং কিছ্মুক্ষণ আগে তোমার মুখ দিয়ে বের্ত !…

#### ও-কার রহস্ত

রাত এগারোটা নাগাদ ট্রেন থেকে নেমে দেখি ছোটু দেশেন। নিরিবিলিট্র সন্নসান চার্রাদক। আমি ভেবেছিলাম ধ্মগড় নাম এবং রাজারাজড়ার রাজধানী ছিল বখন, তখন দেশেনটা বেশ বড়-সড়ই হবে। কনেল আমার মনের খবর কীর্নিকরে টের পেয়ে বললেন,—আমরা ওল্ড ধ্মগড়ে নেমেছি। নিউ ধ্মগড় পরের ব্রু দেশন। দ্রেছ তিন কিলোমিটার। ওটা বড় দেশেন।

বললাম,—তা হলে এখানে নামলেন কেন ? আমাদের টিকিট ওল্ড ধুমগড় অন্দি।

— কিন্তু এথানে তো লোকজন দোকানপাট দেখছি না। যানবাহনও চোখে-পড়ছে না।

সেটাই তো স্ক্রিধে।—বলে কনেলি পা বাড়ালেন !

গেটে টিকিট নেওয়ারও লোক নেই। দেটশনঘরের ভেতর দেটশনমাস্টার। একলা বসে টরে টকা করছেন। উদ্দিপরা এক রেলকমী প্ল্যাটফর্মে দাঁড়িয়ে

সম্ভবত আকাশের তারা গ্রনছিল। সে আমাদের কথা শ্রনতে পেয়ে হনহন করে এগিয়ে এল। ভেবেছিলাম টিকিট চাইবে। কিন্তু সে টিকিট চাইল না। চাপা স্বরে বলল,—এতা রাতমে আপলোগ টিশনকে বাহার মাত্ যাইয়ে সাব। খতরনাক হো যায়ে গা।

কর্নেল বললেন, হাম শ্বনা ইধার এক পিশাচ নিক্লা । সাচ্ ?

- —সাচ্ বাত্ সাব! দেখিয়ে না, ইয়ে টিশনমে কোই প্যাসিঞ্জার নেহি উতরা। সব আগলে টিশনমে উতরেগা।
  - —হামলোগ পিশাচ পাকাড়নে আয়া। 🖞
  - —তামাশা মাত্ কিজিয়ে সাব। মেরা বাত শ্রনিয়ে।

কর্নেল মুচিক হৈসে বললেন,—গভমেন্ট হামকো পিশাচ পাকাড়নেকে লিয়ে ভেজা। ইয়ে দেখো, ক্যায়সে হাম উনকো পাকড়ায়েগা!

কিটব্যাগ থেকে প্রজাপতিধরা নেট-দিটক বের করে কর্নেল বোতাম টিপলেন। দিটকের ডগায় সক্ষা সবক্র রঙের জাল ছাতার মতো ছড়িয়ে পড়ল। রেলকমী হতভদ্ব হয়ে দাঁড়িয়ে রইল। কর্নেল জাল গাটিয়ে দিটক কিটব্যাগে গাঁজে গেট দিয়ে বের্লেন।

স্টেশনের পেছনে একটা খাঁ খাঁ চত্বর । তার ওধারে সংকীণ একটা পিচের রাস্তা আন্দি আলো পেণছৈছে । তারপর গাঢ় অন্ধকার । কনেল টর্চ ফেলে বললেন,—তোমার টর্চও রেডি রেখো ।

ততক্ষণে আমি টর্চ বের করেছি। বললাম,—িকন্তু এভাবে আমরা যাচ্ছি কোথায় ?

- —বনবাংলোয়।
- —সেটা কতদুরে ?
- —কাছেই ।

অম্বস্থি হচ্ছিল। টর্চের আলোয় দুখারে ঘন জঙ্গল আর বড়-বড় পাথরের চাঁই দেখা যাচছল। কিছুদুর উৎরাইয়ের পর চড়াই শারু হল। বারবার পিছনে এবং ডাইনে-বাঁয়ে টর্চের আলো ফেলে দেখে নিচ্ছিলাম। কলকাতার কর্নেলের ড্রায়ংরুমে বসে যে পিশাচের অভিত্ব অবাস্তব মনে হয়েছিল, এখানে এখন তা একেবারে বাস্তব বলে মনে হচিছল। কর্নেল বললেন,—টর্চের ব্যাটারি খরচ করো না জয়ত্ব। আমার ধারণা, পিশাচ শ্মশানের কাছাকাছিই আছে। শ্মশান এখান থেকে দুরে।

একখানে পিচরান্তাটা ছেড়ে খোয়াঢাকা একফালি পথ ধরলেন কর্নেল। পথটা চড়াইয়ে উঠেছে। ওপরে খানিকটা দ্রে আলো জ্বগুজ্বগ করছিল। এবার দেখলাম, আমরা একটা টিলার ঢাল বেয়ে উঠছি।

একটু পরে সেই আলোটার দিক থেকে কেউ বলে উঠল,—কোন ৰা ? কর্নেল গলা চড়িয়ে বললেন,—চতুমুখি নাকি ? জোরালো টর্চের আলো এসে পড়ল আমাদের ওপর। তারপর দৌড়ে এল একজন খাঁকি প্যান্টশার্ট পরা লোক। তার একহাতে বন্দ্রক। ব্রুজাম ফরেস্ট গার্ড। সে স্যালন্ট ঠুকে বলল,—কনিলিসাবু! আপ ?

—হ'র চতুমর্থ। দয়ারাম আছে তো ? নাকি পিশাচের ভয়ে বাড়ি পালিয়েছে ?

চতুম্বথ হাসল,— জি হাঁ কনিলসাব। তবে আপনার কিছ্ব অস্থিবধা হবে না। আমি আছি। মাণিকলালভি আছে।

কথা বলতে বলতে আমরা হাঁটছিলাম। চতুমুর্থ লোকটি সাহসী বোঝা গেল। তার মতে, পিশাচের সাঁত্যিমিথ্যা সে জানে না। তবে এমনও হতে পারে, গর্জব রাটিয়ে চোরা শিকারি বা কাঠ পাচারকারীরা এই মওকায় জঙ্গল লাঠবে! তাই রেজারসায়েব তাদের দর্জনকে রাত জেগে নজর রাথতে বলেছেন। উঁচু কাঠের টাওয়ারে লাঠন জনলছে। সেথানে দুই বনরক্ষী বসে রাত কাটায়।

টাওয়ারের দিকে ঘ্রে চতুমর্থ চেচিয়ে বলল, মাণিকলাল ! কলকভাসে কনিলসাব আয়া !

সেখান থেকে সাড়া এল.- সেলাম কনিলিসাব!

বাংলোটা কাঠের তৈরি। সি<sup>2</sup>ড়ি বেয়ে উঠতে হয়। লাঠনের আলোয় দেখলাম, বেশ ছিমছাম সাজানো গোছানো। জানালাগ্রলো খ্রলে দিলে হাওয়া খেলতে লাগল। পেছনে নদীর জলের কলকল ছলছল শাদ। খাওয়া আমরা ট্রেনেই সেরে নিয়েছিলাম। কর্নেল তাঁর প্রিয় পানীয় কফি চিনি, টিনের দ্বধ এবং কিছন্ন স্নাক্ষ এনেছেন সঙ্গে। চতুমর্থ ঝটপট কিচেনে কেরোসিন কুকার জেবলে কর্ফি করে আনল।

পিশাচের গণপটা চতুমুর্থ সবিস্তারে শোনাল এবং আগেই বলে দিল, সবই তার শোনা কথা। দিন চারেক আগে রাজবাড়ির একজন বয়স্<u>ক চাকুর হঠাং ধড়ফড় করতে করতে মারা পড়ে। তখন রাত প্রায় নটা দশটা। ডাক্টার ডাকা হরেছিল। ডাক্টার নাকি বলেছিলেন, হার্টফেল। রাজবাড়ি এখন নামেই। অবস্থা পড়ে এসেছে। দালানকোঠা দিনেদিনে মেরামতের অভাবে ভেঙে পড়েছে। তো লোকটাকে শমশানে দাহ করতে নিয়ে গ্লেছে, এমন সময় প্রচণ্ড ঝড়ব্ছি শ্রুর হয়ে যায়। সব কাঠ ভিজে গিয়েছিল ব্ছিটতে। তাই দ্রুলনকে বিসিয়ে রেখে বাকি লোকেরা শ্রুকনো কমঠ আনতে গিয়েছিল। তখন ব্ছিটথেমেছে। কিন্তু বিজলি চমকাচ্ছে। মেঘ ডাকছে। হঠাং লোকদ্বটো নাকি বিজলির ছটায় দেখে, কালো কী একটা জন্তু দ্রুই পায়ে হেটে মড়ার খাটয়ার কাছে এল। মনুখের দ্বুপাশে দ্বটো বড়বড় দাঁত। বীভংস মনুখ। লোকদ্বটো পালিয়ে যায়। খবর পেয়ে লাঠিশোটা বন্দ্বক বলম টর্চ নিয়ে অনেক লোক শমশানে ছবটে আসে। দেখে, খাটয়ায় মড়া নেই। খাজতে খাজতে একটু তফাতে জঙ্গলের ভেতর মড়া পাওয়া যায়। কিন্তু পেটের নাড়িভূবিড় সবটাই খাবলে তুলে</u>

সেই দ্বপেরে জল্টুটা খেরে ফেলেছে। এবার সবাই ধরে নেয়, জল্টুটা পিশাচ। মড়াটা অবশ্য দাহ করা হয়।

পরদিন রাতে রাজবাড়ির বড়তরফ রণজয় সিংহের কা একটা শব্দে ঘ্র ভেঙে বায়। জানালার ধারে কেউ দাঁড়িয়ে ছিল। টের্চের আলো জনলতেই নাকি পিশাচটাকে দেখতে পান। ভীতু মানুষ। হাত থেকে টর্চ পড়ে বায়। পরে চে । চামেচি করেন। ততক্ষণে পিশাচ উধাও। গ্রেক্তব এত বেশি রটেছে যে, ধ্রুমগড়ের অনেকেই নাকি পিশাচটা দেখেছে। তাই সন্ধ্যার পর বাজার দোকান-পাট রাস্তাঘটি স্বুনসান ফাঁকা হয়ে বায়। কেউ নাকি সন্ধ্যার পর পারতপক্ষে একা বেরোয় না।

ঘটনাটা শর্নিয়ে চতুমর্থ হাসতে হাসতে বেরিয়ে গেল। তবে সে বলে গেল, পিশাচ না আসর্ক, নদী পেরিয়ে জঙ্গল থেকে বাঘ-ভালর্ক আসতেও পারে। কাজেই আমরা যেন দরজা ভাল করি এঁটে শুই।

খবরের কাগন্ধে মোটাম টি ওইরকম বিবরণই বেরিয়েছে। তবে রণজয় বাব র জানলায় পিশাচের আবিভাবের কথা বেরোয়নি। সন্ধ্যার পর সব নিরিবিল হওয়ার কথাও বেরোয়নি।

কর্নেল দরজা এ<sup>\*</sup>টে জানালার ধারে বসে চুর্ট ধরালেন। বললেন,— শ্রেষ পড়ো জয়নত !

- আপনি কি পিশাচের জন্য রাত জাগবেন নাকি ?
- —নাহ: । ধ্যুগড়ের রাজকাহিনুীর শেষ কয়েকটা পাতা পড়ে নিয়ে ঘুমোব ।
- আর পড়ে কী লাভ ? আপনি তো বলছিলেন, একটা জটিল রহস্যের সমাধান হয়ে গেছে।

কর্নের দাড়িতে হাত ব্লিয়ে বলেন.—তোমারই সাহায্যে হয়ে গেছে।

- **लानकथाँथा भे**न्त ?
- —একটা ও কার জ্বড়েই সব জল হয়ে গেছে।
- প্রিজ ক্নেল। হে য়ালি করবেন না। ও-কারের চোটে মাথা ভোঁ ভোঁ করছে।
- ি গোলকধাঁধার গোলকের একটা ও-কার দরকার ছিল। ভার্থাৎ গোলোক। রাজবাড়ির যে বয় ক চাকর হঠাৎ ধড়ফড় করে মারা গেছে, তার নাম ছিল গোলোক।
  - ব্রুবার্ম। গোলোক থেকে কী করে রহস্য ফাঁস হল ?
- —রাত্রবিরেতে হঠাং ধড়ফড় করতে করতে মরে গিয়ে গোলোকই রহস্য ফাঁস করেছে।
  - --তার মানে ?
- --- ওই শোনো! ফেউ ডাকছে। কাছাকাছি কোথাও বাঘ ঘুরে বেড়াচ্ছে। ঘুমিয়ে পড়ো।

বিরক্ত হয়ে চুপ করলাম। সত্যিই ফেউ ডাকছে।..

# ধাধার জট ছাড়ল

কর্নেল অভ্যাসমতো প্রাতঃশ্রমণে বেরিয়েছিলেন। ফিরে এসে আমার মুম ভাঙালেন। বল্লেন,—দয়ারামকে সাহস দিয়ে নিয়ে এলাম। চতুমর্থ আর মাণিকলাল রাত জেগে ডিউটি করে। ওদের ঘুমোনো দরকার।

দ্য়ারাম বাংলোয় চৌকিদার। সেও খুব ফেনিয়ে ফাঁপিয়ে পিশাচকাহিনী শোনাল। সে জনৈক ফোটোগ্রাফার রামবাবার কথা বলল। রামবাবা নাকি পিশাচটার ফোটো তুলেছেন। রাতে ওঁর জানালায় পিশাচটা গিয়ে উ কি দিচ্ছিল। উপস্থিতবাদ্ধি খাটিয়ে রামবাবা ক্যামেরায় ফ্ল্যাশবালবের সাহায্যে ছবি তোলেন।

ব্রেকফাস্টের পর কর্নেলের সঙ্গে বেরোলাম। প্রায় এক কিলোমিটার যাওয়ার পর বর্সাত এলাকা চোথে পড়ল। বাঁ-দিকে নদী। নদীর ধারে প্রাচীন রাজধানীর ধ্বংসাবশেষ জঙ্গলে ঢাকা পড়েছে। টিলার গায়ে একটা কেলাও দেখতে পেলাম। কেলা আর আন্ত নেই। কেলার নীচে দিয়ে কিছ্বটা যাওয়ার পর বিশাল প্রাচীন একটা শিবমন্দির দেখলান। মন্দিরের ওপাশে ভাঙাচোরা দোতলা বাড়িটাই রাজবাড়ি।

গেট ধনে পড়েছে । দুখারে পামগাছের সারি পরেনো আভিজাত্যের সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে । আমাদের দেখতে পেয়ে রোগা এবং পাতাচাপা ঘাসের মতো ফ্যাকাশে গায়ের রঙ এক ভদ্রলোক এগিয়ে এসে নমন্কার করলেন । কর্নেল আলাপ করিয়ে দিলেন । রাজবংশের বড়তরফ রণজয় সিংহ ।

রণজয়বাব্ বললেন,—আপনি স্কৃদিন পরে আসবেন বললেন। তাই চলে এলাম কলকাতা থেকে।

কর্নেল বললেন,--হঠাংই চলে এলাম। আমার এই তর্নুণ সাংবাদিকবন্ধ্র রাজাবাহাদ্বর জন্মেজয় সিংহের ধাঁধার জট ছাড়াতে সাহায্য করেছে।

রণজয়বাবনুর মনুখে বিদ্যায় এবং আননদ ফুটে উঠল,— কী বলে যে আপনাকে ধন্যবাদ দেব, খংজে পাচিছ না কর্নেলসায়েব ! চলনুন, ঘরে গিয়ে বসা যাক।

- —পরে বসা যাবে । প্রথমে আমাকে কয়েকটা প্রশ্নের উত্তর দিন । বল<sub>ম</sub>ন !
  - ব্হুম্পতিবার রাতে গোলোক কি মন্দির চন্থরে মারা গিয়েছিল ?
- হ্রা। মন্দির চত্বরে।
  - আপনার চোথের সামনেই তো ধড়ফড় করতে করতে মারা গিয়েছিল ?
- হাঁয়। আমি ওকে ভোরে কলকা তায় আমার ভাইপো সঞ্জয়ের কাছে পাঠাব ভেবেছিলাম। তাই ওকে খাঁজছিলাম। ইদানিং প্রায় দেখতাম সন্ধ্যার পর গোলোক মণিদর চত্বরে গিয়ে বসে থাকত। জিজ্ঞেস করলে বলত, মনে সাথ নেই বড়বাবা, দেবতার কাছে শান্তি খাঁজছি।
  - —গোলোক বলত ?

- —বলত বলেই মণ্দিরে খ্রাজতে গিয়েছিলাম। যেই গোলোক বলে ডেকেছি, অমনি কেন যেন চমকৈ উঠল। মণ্দির চমরের ওপর বাড়ির দোতলার ঘরের আলো পড়ে। সব স্পণ্ট দেখা যায়। ওকে চমকে উঠতে দেখে বললাম, কী হয়েছে রে ? সঙ্গে সঙ্গে হঠাং ব্রুক চেপে ধরে পড়ে গেল। তারপর কাটা পাঁঠার মতো ধড়ফড় করতে করতে স্থির হয়ে গেল।
  - —ডাক্তার এসে কী বললেন ?
  - হার্টফেল।
- রণজয়বাব । সত্যিই কি ডাক্তার এসে বললেন হার্টফেল ? আমার ধারণা, ডাক্তার বলেছিলেন আত্মহত্যা করেছে গোলোক। প্রনিশের ঝামেলার ভয়ে আপনি ডাক্তারকে অন্বরোধ করেছিলেন হার্টফেলের উল্লেখ করে ডেথ সার্টিফিকেট দিতে।

রণজয়বাব একটু চুপ করে থেকে বললেন,—হ°্যা। গোলোক সাইনায়েড-জাতীয় কিছ্ থেয়েছিল। কোনও কারণে ইদানিং ওর চালচলনে কেমন যেন অস্থিরতা লক্ষ্য করতাম। গত বছর ওর বউ মারা যায়। ছেলেপ্লেছিল না। কাজেই মানসিক অশান্তিই ওর আন্তহত্যার কারণ।

- --- রণজয়বাব**ু** ! আপনারা তো দু:'ভাই ?
- —আমি আর সঞ্জয়ের বাবা ধনঞ্জয়। ধনঞ্জয় ক্যানসারে মারা যায়।
- —আপনার কাছে আপনার শ্যালক থাকেন বলছিলেন। কী যেন নাম ?
- —চ°ডী।
- <del>চ'ডীবাব, আছেন</del> ?

রণজয়বাব বাঁকাম থে বললেন, — চাডী কথন আছে, কথন নেই বলা কঠিন। বাউ তুলের প্রভাব। সামান্য যা জমিজমা আছে দেখাশোনা করার দায়িত্ব দিরেছিলাম। কিন্তু থায়দায় আর টো-টো করে ঘোরে। বয়সের তো লেথাজোথা নেই। অথচ নাবালক থেকে গেল এখনও। ধর্মের বাঁড় আর কী!

কর্নেল পা বাড়িয়ে একটু হেসে বললেন,—চল্বন তাহলে। ধর্মের ষাঁড়টিকে দেখে আসি।

- -- ওকে পাচেছন কোথায় ?
- —মন্দিরেই পাব। শিবের বাহন শিব মন্দিরেই থাকা উচিত।
- মন্দিরে তো ওকে— 🗇
  - চলা্ন তো!

যে বিশাল মশ্দিরটার পাশ দিয়ে এসেছি, এবার রাজবাড়ির প্রাঙ্গণ পেরিয়ে সেথানে ত্কলাম। চত্বরে গিয়ে কর্নেল বললেন—গোলোক কোথায় দাঁড়িয়ে ছিল ?

উ'চু মন্দিরের সি<sup>‡</sup>ড়ির নীচেটা দেখিয়ে দিলেন রণজয়বাব্,—এই সি<sup>\*</sup>ড়ির ধাপেই বসে থাকত গোলোক। কর্নেল সি<sup>†</sup>ড়ির শেষ ধাপে থোলা একটুকরো বারান্দার দিকে আঙ্কুল তুলে বললেন,—ওই তো্ধর্মের ষাঁড়। শিবের বাহন।

কথাটা বলেই সি<sup>\*</sup>ড়িতে কয়েক ধাপ উঠে গেলেন। তারপর সেই ধাঁধাটা আওড়ালেনঃ

> পাৰণ্ডের পা কভু ধরিস না মন্তকে খা কী জলে রে বাবা॥

রণজয়বাব, অবাক হয়ে বললেন,—কী ব্যাপার কর্নেল মায়েব ?
কর্নেল গম্ভীরম্বথে বললেন,—ষাঁড়ের মাথা কে ভাঙল রণজ্যবাব, ?
রণজয়বাব, উঠে গেলেন,— সে কী। মাথাটা ভাঙা লক্ষ্য করিনি তো!
কর্নেল বললেন,—ধাঁধার জট ছাড়াতে বলেছিলেন। ছাড়িয়েছি। কিন্তু
কোন লাভ হল না।

রণজয়বাব্ব চমকে উঠে বললেন,—লাভ হল না ?

না।—কর্নেল মাথা নাড়লেনঃ পাষণের পা কভু ধরিস না। এর মানে হচ্ছে, পাষণ্ড শন্দের পা ধরা হবে না। পা না ধরলে বাকি রইল ষণ্ড। অর্থাণ্ড কি না ষাঁড়। এবার মন্তকে ঘা। তার মানে, ষাঁড়ের মাথায় ঘা মারতে হবে। ঘা মারলে মাথা ভেঙে যাবে। তারপর বলা হয়েছে, কী জনলে রে বাবা! এই জনলে শন্দে বোঝায় জনলজনল করছে। উম্জনলতা। কুক্সের এই উম্জনলতা গ হীরের! মোগল সেনাপতি রাজা মানসিংহকে বিদ্রোহ দমনে সাহায্য করার জন্য আপনাদের প্রপার্ম্বকে বাদশাহ্ আকবর যে হীরে উপহার দিয়েছিলেন, সেই হীরে। জনেজয় সিংহ বংশধরদের জন্য এই হীরেটা এই ষাঁড়ের-মাথার ভেতরে লম্কিয়ে রেথে ধাঁধা তৈরি করেছিলেন। ধ্রুগড়ের রাজকাহিনী বইয়ে বাদশাহের দেওয়া হীরের কথা আছে। কিন্তু কোথায় আছে, তা্ ধাঁধায় বলা হয়েছে।

রণজয়বাব, প্রায় আর্তনাদ করলেন—কে বাঁড়ের মাথা ভাঙল ?

- —গোলোক ভেঙেছিল।
- কিন্তু হীরে কোথায় গেল্ ?
- --- গোলোকের পেটে।
- -কী সর্বনাশু!
- হাঁা, সর্বানাশ তো বটেই। হাঁরে সাংঘাতিক বিষ। আপনাকে আসতে দেখে হাঁরের টুকরোটা গোলোক গিলে ফেলেছিল। সঙ্গে সঞ্জে বিষ্কিয়ায় ওর মাৃত্যু হয়।
- কিন্তু গি**ললো কেন হতভাগা ? ল**্কিয়ে ফেলতে পারত জামা কাপড়ের তলায়।
  - বোকা গোলোক কারও হ্রকুম পালন করেছিল টাকার লোভে। ওকে

বলা হয়েছিল, ধরা পড়ার উপক্রম হলে যেন সে ওটা গিলে ফেলে। গোলোক জানত না হীরে মারাত্মক বিষ।

রণজয়বাব হতবাক হয়ে দাঁড়িয়ে রইলেন। কর্নেল বললেন—আপাতত এই পর্যন্ত। তবে আশাকরি, আপনাদের বংশের ঐতিহাসিক হীরে উদ্ধার করে দিতে পারব।  $\cdots$ 

#### পিখাচ দৰ্শন

রাজবাড়ি থেকে বেরিয়ে গিয়ে বললাম—তা হলে কলকাতার বসে ঠিকই রহস্যের জট ছাড়াতে পেরেছিলেন। কিন্তু পিশাচ ব্যাপারটা বোঝা যাচছ না। বোঝা যাবে। আগে সেই রামবাব, ফোটোগ্রাফারের দোকানে যেতে হবে।
—বলে কনেল রাভায় একটা সাইকেল-রিকণ ডাকলেন।

বাজার এলাকায় গিয়ে রামবাব্র দোকানের খেছি পাওয়া গেল। দোকানের নাম 'জয় মা কালী স্টুডিও'। বাংলা, হিন্দী, ইংরেজীতে লেখা সাইনবোর্ড। কনে লকে দেখেই বেটি নাদ্বসন্দ্বস চেহারার এক ভ্রুলোক সহাস্যে অভার্থনা জানালেন,—কী সোভাগ্য! কী সোভাগ্য! কর্নেলসায়েব যে! আস্বন। পায়ের ধ্বলো দিন। এবার কতগ্রলো প্রজাপতি আর অকিডের ছবি তুললেন? গত মাসে তো অনেক তুলেছিলেন।

বন্ধলন্ম রামবাবনের শ্টুডিওতে কর্নেল ছবি প্রিন্ট করিয়েছিলেন। কর্নেল ভেতরে ত্কে বললেন,—ছবি এখনও তুলিনি। তুলব। তবে আগে পিশাচ দর্শন করতে চাই। আপনি নাকি পিশাচের ছবি তুলেছেন?

রামবাবনুর মনুথে ভয়ের ছবি ফুটে উঠল। চাপা স্বরে বললেন,—ভয়ের ঘটনা কর্নেলসায়েব। তবে আমার পেশার লোকদের এই একটা অভ্যাস আছে। আসলে ক্যামেরায় ফিল্ম লোড করা ছিল। ফ্ল্যাশ ফিট করা ছিল না।

—তাহলে পিশাচ যেন আপনার কাছে ছবি ওঠাতেই এসেছিল!

রামবাব হেসে ফেললেন,—তা যা বলেছেন স্যার। ফ্র্যাশ ফিট করে ছবি তুললাম। তথন জানালার ধার থেকে থপথপ করে চলে গেল। বাগানে ঢ্কে পড়ল।

পিশাচটা পাবলিসিটি চাইছে আর কী !—কর্নেল হাসলেনঃ যাই হোক, কই দেখি পিশাচের ছবি।

রামবাব দ্বস্থার টেনে বললেন,—পর্নাশ এসে নেগেটিভটা সীজ করেছে। মোট তিরিশখানা প্রিন্ট বেচেছি। দ্ব'খানা প্রিন্ট পর্বালশ নিয়েছে। একখানা লব্বকিয়ে রেখেছিলাম। এই থেকে নেগেটিভ করব। মনে হচ্ছে প্রচুর বিক্রি হবে।

রঙিন ছবিটা দেখে শিউরে উঠলাম। জানলার গরাদের বাইরে একখানা ভরুক্তর মুখ উ কি মেরে আছে। দুখানা স্টোলো ক্ষদতি বেরিয়ে আছে। লাল ঠোঁটে চাপচাপ রস্ত। গোরিলা নয়। কর্নেল ঠিকই বর্লোছলেন, ক্রোম্যা- গণনের পরবতী কোনও পর্যায়ের নরবানর । বীভংস ছবি ।

কর্নেল আতস কাচে খ<sup>‡</sup>িটয়ে দেখে বললেন,—রেখে দিন।

রামবাব্য চাপা স্বরে বললেন,—কদিন আছেন তো ? একটা কপি আপনার জন্য রাখব ।

রাখতে পারেন।—বলে কর্নেল বেরিয়ে এলেন।

রাস্তায় গিয়ে বললাম,—হালদারমশায়ের জন্য ভয় হচ্ছে। ওঁকে খইজে বের করা উচিত কর্নেল!

কর্নেল বললেন,—চলো! এবার শ্মশানতলায় যাওয়া যাক। একটু দ্রে হবে। রিকশ ভাকি।

কিন্তু কোন রিকশই শ্মশানতলায় যেতে রাজি হল না। শ্ব্ব একজন বলল, সে রাস্তার মোড় অন্দি যাবে। দশ টাকা লাগবে। কর্নেল রাজি হলেন।

রাজবাড়ি এলাকা ছাড়িয়ে গিয়ে রাস্তার মোড় এল । রিকশওয়ালা বলল,— ইধার সিধা চলা যাইয়ে ।

এবড়ো খেবড়ো খোয়াঢাকা রাস্তার দুখারে জঙ্গল আর টিলা। কর্নেল বাইনোকুলারে চারনিক দেখতে দেখতে হাঁটছিলেন। আমার ভয় হচ্ছিল, বিরল প্রজাতির কোনও পাখির পিছনে উধাও হয়ে ন্যু যান। গেলে পরে আমাকে একা পেয়ে নিশ্চয়ই পিশাচটা এসে ঝাঁপিয়ে পড়বে। আমার নাড়িভূ<sup>†</sup>ড়ি খেয়ে ফেলতে দেরি করবে না।

কর্নেল উধাও হলেন না। কিছ্ক্ষণ পরে আমরা শ্মশানে পেণ্ডলাম। চারনিকে ভালপালা ছড়ানো ঝুরি নামানো আদ্যিকালের বটগাছ। তার ওধারে শরংকালের ভরা নদী। এথানে-ওথানে চিতার ছাই আর ভাঙা মাটির কলসি পড়ে আছে। একপাশে কয়েকটা পাথরের ঘর মুখ থ্বড়ে পড়েছে। তার কাছে একটা পাথরের মন্দির। কতকটা বৌদ্ধস্তুপের গড়ন। খানিকটা ফোকর দেখা যাচেছ স্তুপে। ওটাই সম্ভবত দরজা ছিল। মাটিতে বসে গেছে। ঝোপেও ঢাকা পড়েছে। বললাম, কর্নেল। পিশাচটা ওই স্তুপের ভেতর থাকে না তো?

কর্নেল আমার কথার জবাব না দিয়ে বটতলায় একটা ঝুরির কাছে গেলেন। তারপর বললেন, এখানে কোনও সন্ধ্যাসী ধর্নি জনলিয়েছিল দেখছি। ছাইটা টাটকা। গত ২৪ ঘণ্টায় ব্লিউ হয়নি, মাটি দেখে বোঝা যাচেছ। একটা ছোটু ত্রিশ্ল আর—মড়ার খ্রিল!

কর্নেল খুলিটা কুড়িয়ে নিয়েই ফেলে দিলেন। ঠকাস করে শব্দ হল। হাসতে হাসতে বললেন, প্লাস্টিকে তৈরি নকল খুলি। কাজেই হালদারমশাই ছম্মবেশী সাধ্য সেজে এখানে ধুনি জেবলছিলেন, এতে আমি নিঃসন্দেহ।

বললাম,—উনি গেলেন কোথায় ?

কর্নেল মাটিতে দ্ভিট রেথে কিছ্মুক্ষণ ঘোরাঘ্মরি করে থমকে দাঁড়ালেন। কী একটা কুড়িয়ে নিয়ে বললেন,—একটুকরো জটা! মেড ইন চিংপনুর। পাটের তৈরি জটা ! জরম্ব, হালদারমশাইরের নকল জটা ছি'ড়ে পড়ার একটাই অর্থ হয়। ওঁকে কেউ আক্রমণ করেছিল।

—সর্বনাশ! তাহলে পিশাচের পালায় পড়েছিলেন গোয়েন্দা ভূমলোক। কিন্তু ওঁর কাছে তো রিভলবার থাকে।

কর্নেল স্তুপটার কাছে এগিয়ে গেলেন। পিঠের কিটব্যাগ থেকে টর্চ বের করে সেই ফোকরের কাছে গ;িড় মেরে বসলেন। টর্চ ক্লেনেল ভেতরটা দেখেই বলে উঠলেন,—জয়ন্ত। দেখে যাও!

দৌড়ে গিয়ে উ কি মেরে দেখি, খটখটে পাথুরে মেঝের চামচিকের নাদির ওপর চিং হয়ে শর্মে আছেন আমাদের প্রাইভেট ডিটেকটিভ। হাত এবং পা বাঁধা। মর্থে টেপ সাঁটা ছিল। খরলে গেছে। তার চেরে বিচিত্র ব্যাপার, টচের আলোয় চামচিকের ঝাঁক ছত্রভঙ্গ হয়ে ওড়াউড়ি করছে। হালদারমশাইয়ের ওপর আছড়ে পড়ছে। কিন্তু ওঁর সাড়া নেই। অজ্ঞান হয়ে আছেন নাকি?

कत्न जाकलान,--रालमात्रमगारे ! रालमात्रमगारे !

গোরেন্দা ভদ্রলোক পিউপিট করে তাকালেন। বললেন,—জনলাতন! তোরা আমারে ম্যারস্ক্যান! যা! যা! আবার মারে! চামচিক্যা কি আর সাধে কর ?
— হালদারমশাই! হালদারমশাই!

খাঁা ? - হালদারমশাই মাথা ঘোরালেন: হালার পিচাশ ? আবার আইছ ? একখান দাঁত উপ্ডাা ফ্যালাইছি। আরেক খান রাথম না! কাম অন!

কর্নেল বললেন, জয়ন্ত ! এই ছ্বুরি নিয়ে ভেতরে ঢোকো । বাঁধন খ**্লে ওঁকে** বের করে আনো । আমার এই প্রকাশ্ড শরীর ভেতরে ঢোকানো যাবে না ।

আঁতকে উঠে বললাম,—বন্ড চার্মাচকে যে !

— দেরি কোরো না। চার্মাচকের চাঁটিতে মাথা খুলে যাবে। ঢোকো।

চোখ বংঁজে ত্বকে পড়লাম। চামচিকের ঝাঁকের চাঁটির পর চাঁটি খেতে খেতে বাঁধন কেটে গোরেন্দাকে টেনে বের করলাম। তখনও উনি গর্জাচ্ছেন! শাসাচ্ছেন 'পিচাশের' বাকি দাঁতটা উপড়ে দেবেন বলে। আধখানা নকল দাড়ি মুখের পাশে ঝুলছে। জটার খানিকটা আটকে আছে। পরনে লাল খাটো লালি। গলায় রাদ্রাক্ষের মালা ছিঁড়ে ঝুলছে। গোঁফের কোণায় সেলোটেপও ঝুলছে। বাইরে বেরিয়ে ওঁর হাঁশ হল। চোখ মাছে বললেন,—হালার পিচাশটা গেল কই ?

कर्तान वनलन,--नमीत करन भूथ कौथ तगर्छ थुरा निन रानमात्रभगारे !

হালদারমশাই তড়াক করে উঠে দাঁড়ালেন। তারপর খিকখিক করে হেসে বললেন,—কনেলিস্যার! জযন্তবাব্! আপনারা আইয়া পড়ছেন ? পিচাশটারে আমি জব্দ করিছ! একখান দাঁত—

— নদীতে চলন্ন হালদরমশাই! গোঁফের পাশে টেপ ঝুলছে। জল না দিলে আটকে থাকবে।

কর্নেল ওঁকে টানতে টানতে নদীর ধারে নিয়ে গেলেন !…

# होदत्रत्र (च रिक

হালদারমশাইয়ের মাথে জানা গেল, কলকাতা থেকে এসে তিনি নিউ ধ্মগড়ে একটা হোটেলে উঠেছিলেন। তারপর কাল রাত নটায় দমশানতলায় এসে ধর্নি জেনেল সাধ্য সেজে বসেন। শেষ রাতে ঘ্যের ত্লানি চেপেছিল। হঠাং পেছন থেকে 'পিচাশটা' ওঁর ওপর ঝাঁপিয়ে পড়ে এবং ধন্তাধন্তি শার্র হয়। কিন্তু 'পিচাশের' গায়ে জাের বলেও নয়, বেকায়দায় পড়ে হালদারমশাই বন্দী হন। তাঁকে টানতে টানতে স্তুপের ভেতর ঢােকায় 'হালার পিচাশ'। মাথে টেপ সেটি দিয়েছে। চেটানােরও জাে ছিল না।

কর্নেল বললেন, জয়ন্ত! এই অবস্থায় হালদারমশাই হোটেলে ফিরতে গেলে পাগল ভেবে লোক জমে যাবে। এখান থেকে সোজা নাকবরাবর হেঁটে গেলে ফরেস্টবাংলো দেখতে পাবে। ওঁকে নিয়ে গিয়ে তোমার একপ্রস্ত পোশাক পরতে দাও। ওঁর কিছ্ব খাওয়াদাওয়াও দরকার। দেরি করো না। আমি অন্যাদকে যাতিছ।

হালদারমশাই হঠাং লাফিয়ে উঠলেন,—আমার রিভলভার গেল কৈ ? আসনের তলায় রাখছিলাম।

'মেড ইন চিংপর্র' নকল বাঘছালের আসনটা খঞ্জে পাওয়া গেল না। কর্নেল বললেন,— পিশাচ আপনার রিভলভারের লোভ ছাড়তে পারেনি।

হালদারমশাই চিন্তিতম্থে বললেন,—ফায়ার আর্মস পিচাশের কোন্ কামে লাগব ?

কর্নেল আর কোনও কথা না বলে চলে গেলেন। এর পর হালদারমশাইকে নিয়ে আমি কিভাবে যে বাংলোয় পে ছিল্লাম কহতব্য নয়। সারা পথ ব্লুক ঢিপটিপ করছিল। এই ব্লুঝি পিশাচটা ঝোপের আড়াল থেকে এসে ঝাঁপিয়ে পড়ে।

চৌকিদার দয়ারাম হাঁ করে তাকিয়ে গোয়েন্দা ভদ্রলোককে দেখছিল। বললাম,—শিগগির ওঁকে কিছ্ম খাইয়ে দাও, দয়ারাম। হালদারমশাই আপনি বরং ন্নান করে নিন। ওই দেখুন কুয়ো আছে!

দয়ারামের কাছে জানা গেল, কুয়োটা আসলে এই টিলার মাথায় একটা প্রস্রবণ। ওটা ছিল বলেই বনদফতর এখানে বাংলো তৈরি করেছিল।

ন্ধান করে আমার পাঞ্জাবি-পাজামা পরে হালদারমশাই শুধু দুখানা টোস্ট আর এক কাপ কফি খেলেন। তারপর আমার বিছানায় শুয়ে নাক ডাকিয়ে খুমোতে থাকলেন।

কর্নেল এলেন বেলা দুটো নাগাদ। হালদারমশাইকে ঘুম থেকে উঠিয়ে বললেন,—আপনার রিভলভারটা উদ্ধার করেছি। এই নিন। উনি কিটব্যাগ থেকে রিভলভার বার করে দিলেন।

অবাক হয়ে বললাম,—কোথায় পেলেন ওটা ?

- পিশাচের ডেরায়। সিন্হেটিক বাঘছালে মোড়া ছিল। বাঘছালটা একই অবস্থায় রেখেছি।
  - —জায়গাটা আপনি খ**ং**জে বের করেছেন ?
- হ<sup>†</sup>্যা। পশ**্**পাথি কীটপতঙ্গ সব প্রাণীরই ডেরা থাকে। কাজেই পিশাচেরও একটা ডেরা থাকা উচিত। যাই হোক, এখন আর কোনও কথা নয়। হীরে উদ্ধার বাকি আছে। লাঞ্চ থেয়ে একটু জিরিয়ে নিয়ে বের্ব।

বেলা তিনটে নাগাদ আমরা বেরোলাম বাংলো থেকে ! কর্নেল বললেন,— হালদারমশাই ! একটা কথা । দৈবাং যদি আমরা পিশাচটাকে জঙ্গলে দেখতে পাই, সাবধান ! যেন গর্বলি ছ্র্ডবেন না । তবে রিভলবার বের করে ওকে ভয় দেখাতে পারেন ! কিন্তু কন্ধনো গর্বলি ছ্র্ডে বসবেন না । পিশাচটাকে আমরা অক্ষত অবস্থায় ধরতে চাই ।

অজানা আশুকায় আমার বৃক্টা ধড়াস করে উঠল।

কর্নেল বনবাদাড় ভেঙে হাঁটছিলেন। মাঝে মাঝে পাথরে উঠে বাইনোকুলারে চারদিক দেখে নিচ্ছিলেন। বললাম,—কর্নেল! আপনি কি পিশাচের ভেরায় বাচেছন ?

কর্নেল বললেন, – নাহ্ শ্মশানতলায়।

-- মশানতলায় কেন ?

কর্নেল হাসলেন,—আপত্তি আছে তোমার ? আমাদের সবাইকে তো একদিন শমশানে যেতেই হবে। কী বলেন হালদারমশাই ?

হালদারমশাই গম্ভীরম্বথে বললেন,— হঃ!

বললাম,—জারগাটা অস্বস্থিকর। মড়াপোড়ানো ছাইরের গাদা। বিশেষ করে চিতার ছাই দেখলেই আমার গা ছমছম করে।

কর্নেল থমকে দাঁড়ালেন,—কী বললে ? কী বললে ? চিতার ছাই ? —হংয়। কিন্তু এতে চমকে ওঠার কী আছে ?

কর্নেল হন্তদন্ত হয়ে হাঁটতে থাকলেন। হকচিকরে গিয়েছিলাম। হালদার-মশাই লম্বা পা ফেলে ওঁকে অন্সরণ করলেন। পিছিয়ে পড়ার ভয়ে আমিও প্রায় জগিং শ্রের করলাম।

শমশানতলায় পেশছে কর্নেল বললেন,—হালদারমশাই, দেখুন তো! এলোমেলোভাবে অনেক চিতার চিহ্ন দেখা যাচেছ। এগুলোর মধ্যে টাটকা চিতা কোন্টা হতে পারে? বতদ্র জানি, ব্হস্পতিবার রাতে গোলোকের মড়া পোড়ানোর পর পিশাচের ভয়ে এ শমশানে আর কোনও মড়া পোড়োনো হয়নি। নিউ ধ্মগড়ের নতুন শমশানে সবাই মড়া পোড়াচেছ।

গোয়েন্দা ভদ্রলোক ঘোরাঘন্ত্র করে দেখতে দেখতে বললেন,—ব্ভিবাদলায় সবগ্নলি হেভি ধনুইয়া গেছে। তবে আপনি কার চিতা কইলেন য্যান ?

- —রাজবাড়ির স্যারভ্যান্ট গোলোকের। মানে ধার মড়ার নাড়িভূ'ড়ি থেয়ে ফেলেছিল পিশাচ।
- --তবে তো ওনার চিতার ছাই হেভি হইব। বলে হালদারমশাই লাক্ষ্ দিয়ে এগোলেন।
  - —नाम्हें वर्तिः कर्तन मातः । दिख्यामः । **এই या**।

কর্নেল গিয়ে ব্ভিন্ন জল থিকথিকে পাঁকের মতো ছাইগন্লো ঘাটতে শ্রুর্ করলেন। বললাম,—ও কী করছেন গ

কর্নেল আওড়ালেন,—ষেথানে দেখিবে ছাই / উড়াইয়া দেখ তাই / পাইলে পাইতে পার অমূল্য রতন ।

হালদারমশাইও হাত লাগাতে যাচ্ছিলেন। কর্নেল তাঁকে নিষেধ করলেন। একটু পরে ছাইগাদার তলা থেকে কী একটা জিনিস কুড়িয়ে কর্নেল নদীর ধারে দৌড়ে গেলেন। জলে সেটা ধ্রের পকেটে ত্রিকয়ে হাসলেন,—জয়য় ! শমশানতলায় আসছিলাম পিশাচটার জন্য ওত পাততে। কারণটা পরে বলছি। তবে এবারও তুমি রহস্যের দিতীয় পর্ব ফাঁস করেছ। ধন্যবাদ ডালিং। অসংখ্য ধন্যবাদ! হীরে উদ্ধার হয়ে গেল।

- —বলেন কী! ওই জিনিসটা হীরে ? গোলোকের চিতার ছাইয়ে কে লুকিয়ে রেখেছিল ?
- —কেউ না। হীরেটা গিলে গোলোক মারা পড়েছিল ঠিকই। কিল্ডু পাকস্থলীতে হীরে পে<sup>‡</sup>ছিনোর কথা নয়। গলার নলীতেই আটকে যাওয়া উচিত। কারণ হীরে খাঁজকাটা ধাতু।

रानमात्रमगारे वनलन, करे प्रिथ !

---পরে দেখাব। এবার পিশাচের জন্য ওত পাততে হবে। বটগাছের আড়ালে চলান।

বটগাছের ঝুরির ভেতর দিয়ে এগিয়ে গ্রন্থির আড়ালে তিনজনে বসে পড়লাম। সামনে ঝোপজঙ্গলে ঢাকা ঢালা মাটি নদীতে নেমেছে। এথানে-ওথানে বড় বড় পাথর পড়ে আছে। হঠাৎ দমকা বাতাসে উৎকট গন্ধ ভেসে এল। নাক ঢাকলাম। চাপা স্বরে বললাম,—এ কিসের দুর্গন্ধ ?

কর্নেল ইশারায় চুপ করতে বললেন। বেলা পড়ে এসেছে। পাথিরা তুম্ল হল্লা জ্ডেছে। সামনে একটা পাথেরের আড়ালে একটা শেয়াল এসে দাঁড়াল। তারপর আমাদের দেখতে পেয়েই থমকে দাঁড়াল। তারপর প্রায় জান্তব গলায় কার গর্জন শোনা গেল,— যাঁঃ ! যাঁঃ ! যাঁঃ !

হালদারমশাই উত্তেজনায় ফিসফিস করে বললেন, পিচাশ ! পিচাশ !

এবার পিশাচের শরীরের খানিকটা দেখতে পেলাম। কালো লোমশ শরীর। মূখ এদিকে ঘোরাতেই শিউরে উঠলাম। একটা কষদতৈ স্ফালে হয়ে বেরিয়ে আছে। অন্যটা হালদারমশাই ভেঙে দিয়েছেন বলছিলেন। ভাটার মতো চোথ। ভয়ন্তর মুখ। পাথরটার পাশে সে বসে পড়ল। তারপর বুঝলাম, সে খন্তাজাতীয় কিছু দিয়ে মাটি কোপাচেছ। দুর্গন্ধটা বাড়ছে।

কর্নেল চাপা স্বরে বললেন, তিনজন তিনদিক থেকে ঘিরে ফেলো।

আগে হালদারমশাই, তারপরে কর্নেল, শেষে আমি গিয়ে পিশাচটাকে ঘিরে ধরলাম। কর্নেল এবং হালদারমশাইয়ের হাতে রিভলভার। পিশাচটা লাফ দিয়ে উঠে দাঁড়াল। অবাক হয়ে দেখলাম, সে কোদাল দিয়ে মাটি খ৾ঞ্ছিল।

পিশাচটা গর্জন করতেই কর্নেল বললেন,—এক পা নড়লেই খ্রিল ফুটো হয়ে যাবে।

পিশাচটা নদীতে ঝাঁপ দেওয়ার আগেই হালদারমশাই এক লাফে তার সামনে গেলেন,—হালার পিচাশ! ঘুঘু দেখছ, ফান্দ্ দেখ নাই!

কর্নেল গিয়ে পিশাচের মুখে চাটি মারার মতো বাঁ-হাত চালালেন এবং হতভদ্ব হয়ে গেলাম। এ যে দেখছি পিশাচের মুখোশপরা একটা লোক।

কর্নেল বললেন,— চণ্ডীবাব । গোলোকের পাকস্থলীতে খাঁজকাটা হীরে পেণীছানোর কথা নয়। কাজেই ওর নাড়িভূগিড় কেটে তুলে এনে এখানে পরতে রোজ একবার করে তা কাটাকুটি করে হীরে হাতড়ানোর মানে হয় না। খামোকা রোজ ওই পচা দুর্গণ্ধ জিনিসগুলো ঘাঁটা পণ্ডশ্রম।

হালদারমশাই একটানে কালো লোমশ আবর-। খ্রলে রণজয়বাব্র শ্যালক চন্ডীবাব্রক বের করলেন। চকাস করে একটা ছ্রিরও পড়ল। হালদারমশাই বললেন,—চিৎপর্রে কিনছিল। তবে ছ্রিরখান রিয়্যাল ছ্রির। শ্রালটা গেল কৈ গুপচা নাড়িভূ ড্রিন্লা শ্রালের প্রাপ্য।

কর্নেল চম্ডীবাব্র জামার কলার খামচে ধরে বললেন,—চল্মন চম্ডীবাব্র! এবার অন্য শ্বশারালয়ে আপনার থাকার ব্যবস্থা হবে।

চ'ডীবাব, হাঁউমাউ করে কে'দে বললেন, – মাইরি, মা কালীর দিব্যি স্যার ! আমি হীরে চুরি করিনি।

- না, না। হীরে নিজের হাতে চুরি করেন নি। যাঁড়ের মাথা ভাঙার রু কি নিতে চান নি। গোলোকের হাত দিয়ে কাজটা সারতে চেয়েছিলেন। আপনি ধ্রন্থর চ ডীবাব্ ! আপনার ব্রন্ধির প্রশংসা করা উচিত। জন্মেজয় সিংহের ধাঁধার জট ছাড়িয়েছিলেন আপনি। তারপর অন্যদ্য আপনার পরিকলপনা। গোলোক হাতেনাতে ধরা পড়লে গাছে আপনার কারচুপি ফাঁস করে দেয়, তাই আপনি ওকে হারিটো গিলে ফেলতে বলেছিলেন। তারপর পিশাচ সেজে শমশানে তয় দেখিয়ে লোকগ্রলোকে তাড়িয়ে গোলোকের নাড়িভ্রাড় কেটে এনে এখানে পর্নতেছিলেন। গিশাচ যে সতি ই গোলোকের নাড়িভ্রাড় থেয়েছে এবং বিশেষ করে সতিই এখানে পিশাচের আবির্ভাব ঘটেছে, তা এন্টারিশ করার জন্য শাধ্র রণজয়বাব্র জানালায় নয়, ফোটোগ্রাফার রামবাব্র জানালাতেও হাজির হয়েছিলেন। আপনি জানতেন, রামবাব্র ফোটো না তুলে

ছাড়বেন না তাই অতক্ষণ দাঁড়িয়ে ছিলেন। এতে আপনার পাবলিসিটি হবে। তবে রামবাব্র কাছে আপনার পিশাচম্তির ফোটো আতসকাঁচে খংটিয়ে দেখেই ব্রেছিলাম, এটা মুখোস মাত্র! তারপর এখানে এসে দ্রগন্ধ টের পেয়েছিলাম।

কথা বলতে বলতে কর্নেল আসামিকে ধরে নিয়ে যাচ্ছিলেন। এবার একটা পর্নিলসের জ্বিপ আসতে দেখা গেল এবড়োখেবড়ো রাস্তায়। জ্বিপ এসে থামল। একদক্ষল পর্নিস বেরিয়ে পড়ল। একজন অফিসার সহাস্যে বললেন—তাহলে আমরা আসার আগেই পিশাচ ধরে ফেললেন কর্নেলসায়েব! শেষ দ্যা দেখার সূমোগ দিলেন না।

কর্নেল আসামিকে কনস্টেবলদের হাতে স'পে দিয়ে বললেন,—বেলা থাকতে থাকতে পিশাচ এসে মাটি খঞ্চিবে জানতাম না। ভেবেছিলাম, সন্ধ্যা না হলে আসবে না। কিন্তু ওর তর সইছিল না। আপনারা থানায় চল্লন। আমর রাজবাডি হয়ে থানায় যাব।

পর্লিসের গাড়ি চলে গেল।

হালদারমশাই জিজ্ঞেস করলেন, কর্নেলস্যার ! হালপিচাশের ডেরা — হোয়্যার ইজ দ্যাট প্লেস ?

কর্নেল হাসলেন, —রাজবাড়িতেই রাজবাড়ির শ্যালকের ডেরা থাকা কি স্বাভাবিক নয় ? রণজয়বাব্র কাছে ওঁর শ্যালকের ঘরের চাবি ছিল না। আমার কাছে সবসময় মাস্টার কী থাকে। তাই দিয়ে খ্ললাম। আপনার বাঘছালে মোড়া রিভলবার পেলাম। করেকটা চিঠি পেলাম। কলকাতার এক জ্রেলার কোম্পানি হীরে কিনতে চেয়েছিল। তাদের গতকাল এখানে পেন্টিছ্নোর কথা। নিউ ধ্নগড়ে হোটেল প্যারাডাইসে তারা অপেক্ষা করবে। দ্বেশ্রের সেথানে গিয়ে খেলি নিলাম। তাদের সক্ষে চম্ভীবাব্র লাফ্ল খাচিছল ডাইনিং হলে। সেখান থেকে ভাগ্যিস বাড়ি ফেরেনি। তাহলে ঘরে ত্রকে সব টের পেয়ে সাবধান হয়ে যেও। যাক্ গে। রণজয়বাব্র অপেক্ষা করছেন। হীরেটা তার হাতে পেণ্ড দিয়ে আমার ছুনিট।

প্রাইভেট ডিটেকটিভ বললেল,—হীরেখানা একবার দ্যাখাইবেন না কর্নেলস্যার ?

কর্নেল কপট গান্তীর্মে বললেন,—চোথ জনলে যাবে। ধ্রুগড়ের রাজ-কাহিনীর ধাঁধায় বলা আছে ঃ

> পাৰণ্ডের পা কভূ ধরিস না মন্তকে খা কী জলে রে বাবা।।

হালদারমশাই আনমনে বললেন,—হঃ ! ব্রুবছি । কী ব্রুবলেন ভা অবশ্য বললেন না । · ·